

সভিত্ৰ পাঞ্চিক পত্ৰ

কাষ্যালয় ২০৮া২এফ কর্ণওয়ালিস্খ্রীট, কলিকাতা। প্রতিসংখ্যা এক আনা

বাধিক মূল্য ২০/০ ছই টাকা ছই আনা।



সভিত্ৰ পাঞ্চিক পত্ৰ

কাষ্যালয় ২০৮া২এফ কর্ণওয়ালিস্খ্রীট, কলিকাতা। প্রতিসংখ্যা এক আনা

বাধিক মূল্য ২০/০ ছই টাকা ছই আনা।

স্বেশচন্ত্র বেন্দ্রাপ্রাধ্যায় প্রণীত স্বিখ্যাত সচিত্র পুস্তক

3.



ভাবে, ভাষায়, চিত্ৰে, ছাপায় অতুলনীয়।

্বাংলার বিভালয় সমূহে পুর্কার পুস্তক রূপে মনোনীত।

দেড় টাকা মাত্র!

নামিকো

জাপানী উপত্যা। অশ্বিক কৰণ প্ৰেমকা হিনা। এক টাকা মাতা।



চমৎকার জাপানী গল্পের বই আট আনা মাত্র।

গুরুদাস বাবুর দোকান, ইণ্ডিয়ান পাব্লিশিং হাউদ প্রভৃতি প্রধান প্রধান পুস্তকালয়ে প্রাপ্তবা।

- रेवर्ठरकत नियमावली

বৈঠকের ক্রিম বার্ষিক মূল্য ভাকমাশুল হহ তুই টাকা তুই আনা; ভি: পি: মাশুল সভস্তা প্রতি সংখ্যার জন্ত এক আনা। নমুনারও মূল্য লাগে। যে কোন সংখ্যা হইতে গ্রাহক হওয়া চলে। মূল্য সম্পাদকের নামে পাঠাইতে হয়়।

রিপ্লাইকার্ড কিংবা টিকিট না পাঠাইলে কোন চিঠির জবাব দেওয়া সম্ভব হয় না।

প্রবিদ্ধাদি বৈঠকের ছই পৃষ্ঠা বড় জোর আড়াই পৃষ্ঠা অপেকা দীর্ঘ নাহয়। টিকিট পাঠাইলে প্রবন্ধ প্রকাশিত হইবে কিনা ভাহা জানানো হয়। মনোনীত অথবা অম্নোনীত প্রবন্ধ ফেরত পাঠান হয় না।

হিজ্ঞাপন

মলাটের চারের পৃষ্ঠা প্রতি সংখ্যা—৮১ অন্তান্ত পৃষ্ঠা প্রতি সংখ্যা—৬১ অর্দ্ধ পৃষ্ঠা—০॥০

কলমের প্রতি ইঞ্চি একবৎসরের চুক্তিতে প্রতিসংখ্যা—১

কল প্রতি ইঞ্চি প্রতিসংখ্যা—২ ্ ভাপনের মূল্য অগ্রিম দেয়

ম্যানেজার বৈঠক ২০৮া২ এফ কর্ণওয়ালিস খ্রীট, কলিকাতা।



১৫ই আষাঢ়, ১৩১৯ ১ম বর্ষ ী [১ম সংখ্যা

গাল-গণপ

ব্দুপেন। গুরুদাস দিব্যি একটা মাপার দিয়েছে হে, দেখছো ?

গজেন। দেখেছি, কিন্তু দোকানদার এখনও টুপির দাম পায়ন।

জপেন। একেই বলে দেনায় মাগা বিক্ৰী।

অভিলাষ। গণৎকার বলে দিয়েছে

হরিদাস। গণংকার বোধহয় যোগীনের এত লাল কেন রে ? ভাবী পত্নীর রংয়ের কথা জানতে পেরেছে।

থাকে। সেদিন রাতে বাতি নিবিষে গ্রুবেক্সে

দেবার কিছু পরে স্থরেন ডাকলে—নরেন ভায়া জেগে আছ 🤊

নরেন: হাঁ৷ ভাই কি বলতে! ?

স্থবেন। আমার গোটা পাঁচেক টাকা দিতে পার ?

নরেন। আমি খুমিয়ে পড়েছি ভাই।

जूटना मिनिन इक्न शानित्र মাছ ধরে, পুকুরে নেয়ে বেলায় বাড়ীতে আসা মাত্ৰ তার মা তাকে যে, যোগীনের ভবিষ্যতটি একেবার অক্কার। জিজ্ঞাদা করলেন—ভূলো আজ ভোর চোখ

> ভূগো। টিফিনের স্ময় আমরা আজ কানামাছি খেলেছিলুম কিনা---

(ভুলোর মা নিকটে এসে তার গা নরেন আর স্থরেন এক মেসে এক ঘরে ভাঁকে)—তোর গা দিয়ে এত আঁস্টে ভূলো। আজ আমাদের যে "ধীবর ও জলদেবতা" পড়ানো হোলো।

নফরবাবু। আমার বাবা তাঁর অসাধারণ ধৈষা ও অধ্যবসায়ের গুণে বিস্তর সম্পত্তি করেছিলেন। তাঁর অধ্যবসায়ের গল একটা গুনবে?

ভাবী জামাই। আজে না, তাঁর বিষয় থেকে আমায় কত দেবেন সেইটে শুনেই এবার বিদায় হবো।

া স্থানী থেতে বদেছেন, আর স্থা কাছে বদে বাতাল করছেন আর মধ্যে মধ্যে একথানা থবরের কাগজ তুলে তাতে চোথা বুলোচ্ছেন।

ন্ত্রী। দেখ লেড্লর ওখানে সেল্ হচ্ছে, জুতোবেশ সন্তায় দিছে।

সামী। (ভাতের মধ্যে একশানা জুতোর স্থতলা (পয়ে) লেডলর "স্থতলা-ভাতে" সন্তা হোলেও কিন্তু তোমার হাতের মত মিষ্টি নয়।-

खी। !!!

সভীনাথ। তোমায় একটা গোপনীয় কথা বল্ছি, একটা সংখ্যামর্শ দিতে হবে।

তুৰ্গাপদ। কি বলতো ?

সত!নাথ। কাল রাতে আমার স্ত্রী কি আমার মাথায় একটা কাচের প্লেট

ত্র্গাপদ। (একটু চিস্তা কোরে) দেখ এবার থেকে কলাই করা প্লেটে কিনো, মাধা ভাঙবে বটে কিন্তু প্লেট গাঁচবে।

বাঙালীর ছেলে জাহাত্রে চাকরী নিয়েছে। শমুদ্রে জাহাজ পড়ার পর কাপ্তেন তাকে ডেকে হুকুম দিচ্ছে;—

কাপ্তেন। দেখ এই দড়ির সিঁড়ি বরে
সব থেকে উচু মান্তলটায় উঠে হাওয়া কত
জোরে বইচে তা দেখবে, তারপর এটা
থেকে লাফিরে ঐ মান্তলটায় গিরে পড়বে;
সেগানে মাথা নীচু কোরে পা দিয়ে
ঐ দড়ির গেরোটা খুলে নিয়ে একটা সমারসল্ট
থেয়ে ঐ ছোট মাল্তলে গিয়ে পড়বে।
সেখানে ঐ আংটায় দ'ড়িটা শক্ত কোরে
বেধে সড়্ সড় কোরে নেমে আসবে। এ
কাল্লটা সারা হোয়ে গেলে কোথাও ইয়ার্কি
দিতে ধেওনা যেন। কাল সেরেই আমার
সঙ্গে দেখা করবে ব্রুলে ? যাও তাড়াভাড়ি
যাও—দাঁড়িয়ে রইলে কেন? কি চাই
আবার— ?

বাঙালী ছোকরা। আজ্ঞে একটা দোয়াত, একটা কলম আর এক-টুক্রো কাগল চাই।

কাপ্তেন। কাজের সময় আবার এ-সব কি হবে ?

বাঙালী ছোকরা। আজে আমি কাজে

হাওয়া য'দ খুব জোরে আর বিপরীত দিকে না বয় তা হোলে সাধারণ পায়রারা ঘণ্টায় অতি সহজেই পঞ্চাশ মাইল উড়ে চলতে পারে।

মার্কিনে "মোটর পুশ বল" নামে এক-রকম নতুন থেলা বেরিয়েছে। এই থেলায় মোটর গাড়ী চালিয়ে একটা নিরাট ঠেলে ঠেলে প্রতিপক্ষকে গোল ব্লুকে দিতে প্রত্যেক দিকে হয়। তিনটে মোটর ও প্রত্যেক মোটরে একজন কোরে লোক গাকে।

কশকাতায় ডকের ও জাহাজের মৃটেরা ধর্মঘট কোরে কাজ বন্ধ করার জাহাজওয়ালা ও অন্ত অন্য সওদাগরদের মহা অস্ত্রবিধার পড়তে হয়েছে। কিন্তু বিলেতে গত এপ্ৰিল মাদে জাহাজে মাল ওঠা নামা ও অন্যান্য কাজের এক লক্ষ ত্রিশ হাজার লোক **(2)** বেকার বদেছিল।

মার্কিনে এক রকম ছাতা বেরিয়েছে তার কাপড়টা টপ্ কোরে বদলে ফেলা যায়। চেয়ে মাথা চুল্কুতে লাগলো। পণ্ডিতমশাই মার্কিন-রমণীরা একই রংয়েব জুতো থেকে খানিকক্ষণ তার মুখের দিকে চেয়ে শেষে

প্রবেন ছাতার কাপ্ডের রংও সেই রক্ম र्दा अहे कारिकांत करब्रह्म अकृष्टि মার্কিন-রমণী।

গত ১৯১৪ অবেদ দক্ষিণ আফ্রিকার খাতের যে মুদা ছিল এখন তা থেকে শতকরা উনিশ টাকা, নার্কিনে শতকরা ছত্তিশ টাকা, অষ্ট্রেলিয়ায় শতকরা চল্লিশ টাকা, এবং কানাডায় শতকরা বিয়ালিশ টাকা চড়ে গিয়েছে। ভারতবর্ষে ধাবারের দর কর্তাদের মেজাজের ওপর **हरक्** ख नादम ।

গুরুমশায়ের গণ্প

পাড়াগাঁরে এক পাঠশালার ওক্ষশাই ছেলেদের আঁক কলাছেন ;---

ছটার দাম কত হবে বল্তো ভূতো ?

ভূতো চম্কে উঠে ফাাল ফ্যাল কোরে পণ্ডিতের মুখের দিকে চেয়ে ছ-বার ঢোঁক গিলে বল্লে—কিদের দাম গুরুমশাই ?

खक्रमभारे वदल्ल-यिक ठात्राठे कलात দাম তিন প্রদা হয় তাহলে ছটার দাম কত হবে 🤊

ভূতো হাঁ কোরে খড়ের চালের দিকে আরম্ভ কোরে টুপী পর্যান্ত ব্যবহার করছিলেন, বল্লেন—হুঁ! বুঝেছি তোর বিশ্রে—নে

তারপর পাঠশালার সব ছেলেকেই ওই অষ্টা কসতে দিয়ে গুক্ষশাই এক ছিলিম ভামাক সেজে টিকে ধরাতে চলে গেলেন। কল্কেতে ফুঁ দিতে দিতে তিনি ফিরে এসে वासन - कहात करम् हिम ? न्टिय আ্য শেলেট নিয়ে আয়, দেখি কার কত

কোনও ছেলেই ওঠে না, শেষে ভূতো উঠে পেন্সিলটা চুৰতে চুষতে শেলেটখানা ছ-হাতে তুলে ধরে বল্লে—হয়েছে গুরু ।সে তো খুব ভাল কথা, আপনি ছেলেদের মশাই !

—কত রে ?

হোলো ?—

8

- —আভে ছটার দাম সাড়ে বারো পয়সা হবে।
- —তোমার মাথা হবে! এক গণ্ডা ভূলে মরেছিদ্! আঁক তুলতে ভুলেছিস বোধ হয় ? আর একবার বল্বো ?
 - —বলুন **গুরুম**শহি!
- —যদি চারটে কলার দাম তিন প্রসা হয়-

বাধা দিয়ে ভূতো বলে উঠলো! এইথানেই ধে ভূলে মরেছি গুরুমশাই। আপনি প্রবলভাবে মাথা নেড়ে হো হো কোরে চারটে কলা বলেছিলেন বুঝি ? আমি চল্লিশটা হাসতে হাসতে গদাধর বল্লে—হয় নি! কলার দাম কদে ফেলেছি !—

গাঁরের জমিদার গদাধর মাইতি করলে---"কন্দর্পদেশ।" সেদিন পাঠশালা দেখতে এসেছেন।

মাত্র, কোনও রকমে বানান কোরে বাংলা খনরের কাগজ পড়তে পারেন। শুরুষশাই তাঁকে খুব খাতির কোরে নিয়ে এসে পাঠশালার দূরবন্থা দেখিয়ে কিছু অর্থ সাহায্য চাইলেন। গদাধর মাইতি খুব গন্তীর হোমে বল্লেন—ছেলেরে পড়ান্ডনো এথানে কিরক্ষ হয়, না জেনে তো কিছু দিতে পারিনি !

গুরুনশায়ের মুখটি গুলিয়ে গেল, তিনি একটু কাষ্ঠ-হাসি হেসে বলেন—বেশ তো, কিছু পড়াশুনো জিজেন কোরে দেখুন 취 1

জমিদার গদাধর মাইতি তখন জামার প্ৰেট থেকে একথানা বাংলা থবরের কাগক বার কোরে চশমা চোখে দিয়ে দেখানা উল্টে-পাল্টে দেখে হাসতে হাসতে ছেলেদের ডেকে বল্লেন—বানান কর দেখি তোমরা কে পারো—"অন্ধর্পদেশ"

একজন ছেলে এগিয়ে এসে বল্লে "গৰ্ম দেশত! আমি বানান করছি রাজাবাবু!

51一有一(9-1

আর কে জানো ?

তথন আর একজন ছেলে এসে বানান

এবার গদাধর একেবারে হেসে ল্টিমে

তখন আর একজন ছেলে এগিয়ে এসে ছেলেটি বল্লে—আজে না, পা তো रानान करत्य-"अम् (प्रभाग

গদাধর এবারও উচ্চহাদ্য কোরে মাগা নেড়ে বল্লে — উহু, হোলোনা! এ বড় শক্ত বানান, তোমরা কেউ পার্কেনা; আমি খড়ি मिरत्र दवार्ट्ड मिर्थ मिष्टि, তোনরা দেখে নাও!

এই বলে খড়ি হাতে কোরে খবরের কাগজখানা দেখে দেখে বোর্ডের গায়ে তিনি এঁকাবেঁকা ছোট বড় হরফে লিগলেন— পদ্ৰ প্ৰদেশ।

मूर्थ भनाधन धारे कथा। ज्यानक करहे বানান কোরে পড়েছিল "অন্ধর্পদেশ" !

ওরুমশাই ছেলেদের শরীর-তত্ত্ শেখাচ্ছেন। জিজ্ঞেদ করলেন বল দেখি আমি যদি মাথা নীচু কোরে পা হটো ওপোর দিকে তুলে দিই তাহলে আমার মুখ লাল হোমে ওঠে কেন ৽

একজন ছেলে বল্লে—ওপোর দিকে পা আর নীচের দিকে মাথা করলে মাথায় রক্ত এসে জমে বলে মুধ চোধ লাগ হোয়ে ওঠে !

গুরুমশাই খুসি হোয়ে বল্লেন--বেশ তোমার বৃদ্ধি আছে দেখিট! আছো এইবার বল দেখি, আমার মাথা ওপোর দিকে আর পা নীচে দিকে থাকলে পা লাল হোয়ে ওঠে না কেন? পায়ে কি

অপিনার মাথার মতন ফ্রাপা নয় ৷

গুরুমশাই আগের দিন ছেলেদের বাড়ী থেকে কৃষিকার্যা সম্বন্ধে একটি প্রবন্ধ লিখে আনতে দিয়েছিলেন। তাই সেদিন কে কি লিখে এনেছে দেখছিলেন। দেখ্তে দেখতে অধরের খাতাখানা নিয়ে তিনবার হাতের তেলোর আছাড় মেরে তিনি ভয়ানক রেগে উঠে বরেন-অধরা। এই কি বাংলা লেখা হয়েছে। গাঁরের ছেলে চাবের কথা জানোনা ? রোগো, আজই আমি ভোমার বাবাকে তোমার এই বিছে নিয়ে দেখাতিছা

অধর একটুও ভীত না হোরে বলে— বেশতো যান না, আমিত আর লিখিনি। ওতো বাবাই লিখে দিয়েছেম!

পাঠশালের এক প্রান ছাত্র বাবা নার मध्य क्रिशं विद्याल हत्व शिर्मिक्त। अत्मक দিন পরে আবার সে গাঁয়ে ফিরে আসায় সকালেই এক্দিন গুরুমশায়ের সঙ্গে দেখা হোলো। গুরুমশাই তথন খুব বুড়ো হোরে. পড়েছেন, সব কথা তার মনে থাকে না তাই ছাত্র গিয়ে তাঁকে প্রশাম কোরে পায়ের ধূলো নিতেই তিনি তার পরিচয় জিজেস করখেন এবং অমুকের ছেলে শুনে তার বাবা কেমন আছেন জিজেন করলেন!

ছেলেটি কাঁদ ভাবে জানালে যে

বিকেলে দীঘির ধারে বেড়াতে গিয়ে আবার গুরুমশায়ের সঙ্গে তার দেখা হোলো।
কাজেই সে আবার তাঁকে প্রণাম করণে;
গুরুমশায়ের অনেক বয়েস হবেছে বলে কিছু
মনে থাকে না কিনা, কাজেই অমুকের ছেলে
গুনেই তার বাবা কোথার আছেন থবর
নিলেন। ছাত্রটি গুরুমশায়ের এই ভুলে
যাওয়ার কথা জানতো না সে বলে,—
তিনি তো এখনও স্বর্গেই রয়েছেন!

ছেলেরা যে আড়ালে তাঁকে 'বুড়ো' বলে এ কথাটা কেমন কোরে একদিন গুরু-মাধ্যের কাণে গেল। তাঁর মাধ্যার চুলগুলো পেকে গিয়েছিল বটে কিন্তু তাঁর বয়স বেশি হয়নি, সম্প্রতি তাঁর প্রথম পরিবার মারা মেতে তিনি আবার নতুন বিয়ে করেছেন। পাছে কনে বৌয়ের কাণে এ কথাটা ওঠে এই ছয়ে তিনি হির কোরে ফেললেন খে, আজ ছেলেদের বৃঝিয়ে দেবেন তাঁর মুদ্দান। এই মতলবে সেদিন পাঠশালে এসেই তিনি একটি ছোট ছেলেকে ডেকে বয়েন—ভোমার বয়স কত বাপু ?

- —ছ-ৰছর ।
- —তোমার বাবার বয়স কত জানো ?
- ---ছত্তিশ বছর !
 - সেধানে বাবা কি সালে কোনে গোছন ও এখন, কোখায় কোগেছে বৃদ্তো !—

- না শুরুমশাই! তাঁর এখনও একটিও চুল পাকেনি!
 - —আমার মেন্নে পুঁটিও ঠিক তোমার বয়গী!
 - —ভাকে ভো দেখিনি গুরুষশাই।
 - —সে তার মামার বাড়ী থাকে যে ! আন্তঃ আমার বয়স কত বল্তে পার ?
 - —না গুরুষণাই!
 - —কেন! তোমার বয়দ ছ-বছর, তোমার বাবার বয়দ ছত্রিশ বছর, এ যদি জানো তাহলে আমার মেয়ে তোমার বয়দী ছোলে আমার বয়দ কত হোতে পারে আন্দাজ করতেপার না?

ছেলেট ভয়ে ভয়ে বলে—আমি বে এখনও যাটের বেশি গুণতে শিথিনি!

গুরুমশাই হতাশ হোমে আর কোন্ত চেষ্টা করবেন না।

একদিন পাঠশালে একটা ছেলে এল কাদতে কাদতে! শুরুসশাই জিজেস করলেন—কি হয়েছে রে

ক্রিলেটা চোখ মুছতে মুছতে বল্লে—বাবার হাতে লেগেছে গুরুসশাই!

ভরমশাই তাঁকে কাছে ডেকে এনে আদর কোরে বল্লেন—আহা! বাবার লেগেছে বলে বুঝি তোমার মনে ক্ট হয়েছে? তা ভয় নেই, ভাল হোয়ে বাবে ছেলেটা নাক ঝেড়ে তথনও নাকি
কারার হবে বল্লে—সকালে বারা পেরেক
পুতে ছবি টাঙাচ্ছিল, আমায় হাতুড়ী এনে
দিতে বল্লে আমি এনে দিলুম তাই তো—

শুরুষশাই বাল্লন—ভাতে কি হয়েছে ? ভূমি তো আর তার হাতে লাগিয়ে দাও নি, ভূমি তো শুধু হাতুড়িট এনে দিয়েছিলে ?

ছেলেটা চোপ মুছতে মুছতে বল্লে —হাা!

শুক। তবে আর তোমার দোষ কি । তুমি সেজতো কাঁদছ কেন । তোমার বাবার হাতে বড়ঃ লেগেছে ব্বি ।—

ছে। কই না, বানা তো আমাকে তথনি সেই হাতেই আবার--ধরে মার্লে!

শুর । কেন, তোমায় মারবেন কেন ? তুমি সেই হাতুজ্টা তাঁকে দিয়ে এদেছিলে বলে ?

ছে। না-না,—তিনি হাতুড়িটা ধরে
পেরেকের মাথায় বাগ কোরে মার্তে
গিয়ে—হুম্ কোরে নিজের হাতের ওপরে
বিগয়ে দিয়ে যেমন উঃ! কোরে উঠেছেন
আমি অমনি হো হো কোরে হেসে উঠেছিল্ম,
তাই রেগে উঠে বাবা আমাকে সেই
হাতুড়ীর বাড়ি পিটিয়ে দিয়েছেন—

—ৰেশ করেছেন, যাও বসগে যাও— বলে শুকুমশাই অন্ত কাজে মন দিলেন। গুরুমশাই একদিন জীবে দয়া সম্বন্ধে ছেলেদের খুব উপদেশ দিয়ে বলে দিলেন যে, আজ পেকে তোমরা আর কেউ পশু পক্ষী কুকুর বেরালটিকে পর্যান্ত কন্ত দিওনা। পশুপক্ষীরা মুখে কিছু বল্তে পারে না বটে, কিন্তু ওদের প্রতি অত্যাচার করনে ওদের প্রাণে তোমার আমার মতই বাথা লাগে।

তারপর পুজোর ছুটিতে পাঠশালা বন্ধ হোমে গেল। ছুটির পর পাঠশালা খুনতেই গুরুমশাই আগেই ডেকে স্বাইকে বল্পেন,— ছুটিতে তোমরা কেউ পশু পক্ষীর প্রতি কিছু অত্যাচার করনি বোধ হয়, আমার জীবে দ্যা সম্বন্ধে উপদেশটি জোমাদের মনে.

একজন ছেলে তৎক্ষণং উঠে বল্লে—
আমি একট্ও ভূলিনি গুরুমণাই! কালই
আমি মার মরনা শাখীটা থাঁচা থেকে ছেড়ে
দিয়েছিলুম। খাঁচার ভেতর পাখাঁটা বড়ু
ছট্ফট করছিল—দেখলুম তার ভারি কর্
হচ্ছে—তাই আমি ছেড়ে দিলুম। কিন্তু ছেড়ে
দিতে না দিতেই —পুসী বেড়ালটা ভেড়ে পিয়ে
তার মাড়ে কাম্ডে ধরলে, পাখীটা টেচাভে
লাগলো, আমি কত বক্লুম সে তব্ ছাড়লে না
দেখে তখন আমাদের 'বাবা' কুকুরটাকে নিয়ে
এসে পুসীর পেছনে লেলিয়ে দিলুম! বাঘা
কিন্তু গুরুমণাই, পুসীকে মেরে ফেলে
মরনাটাকে কেড়ে নিয়ে ভূলে খেয়ে ফেলে!

তক্ষর-বিশ্ব-বিত্যালয়

পৃথিবীর নানাদেশে নানা বিশ্ব-বিভালয় আছে। এক একটি বিশ্ব-বিজ্ঞালয় 四本 একটি বিশেষ শিক্ষার কেব্র। ধেমন অস্বকোর্ডে ভাষা, সাহিত্য, ইতিহাস। কেম্বিজে বিজ্ঞান; লণ্ডন এডিনবর্গ ও মার্কিনের ক্তন হপকিন্সে চিকিৎদা-বিভা, কলিকাতা বিশ্ব-বিস্থালয়ে ওপর-চালাকি ইভাাদি। পঠিক বোধহয় জ্ঞানেন না যে, চুরিবিভা শিক্ষা দেবার জন্ম শার্কিনে একটি বড় গোছের বিশ্ব-বিস্থালয় আছে। সেধানে নানারকমের ভালা, দিলুক ভাঙা, দিঁদকাটা ও চুরি ডাকাতি স্থচারুরপে সম্পন্ন করবার জন্য আর যে স্ব বিভার প্রয়োজন হয়---তা শিক্ষা দেওয়া হয়। এই বিশ্ব-বিতাক্ষের অস্তিত্ব এতদিন জানা ছিল না। কিছুদিন আগে আমেরিকার গোয়েন্দা পুলিশ যোদেফ ল্জন নামক একজন চোরকে গ্রেপ্তার করেছে ৷ পুলিশ ওয়াশিংটন সহরে লজনের বাড়ী খানাতলানী কোবে অন্যান্য সালের সঙ্গে এই বিশ্ব-বিন্তালয়ের একথানি সার্টিফিকেট আবিষার করেছে। এই দার্টিফিকেটে লেখা আছে যে, লজন এই বিশ্ব-বিসালয়ে সিন্দ্ক, তালা ইত্যাদি ভাণ্ডা কাজে বেশ পরিপক্ক হোমে উঠেছে; সিঁদকাটা প্রভৃতি বিজায়ও দে বেশ ওস্তাদী দেখতে পারে।

হোলো। বিশ্ববিস্থালয়ের কন্তৃপক্ষ আশা কবেন যে, সে এক সম্মান রক্ষা করবে।


প্রিশেধরা প্রবাধ ঠিক আগেই
লজন এক জায়গা থেকে ছ-লক্ষ টাকা
চুরি কোরে উধাও হয়েছিল। লজন
পুলিশকে বলেতে ধে, তার সঙ্গে জনা
ধ্যে-সব ছাত্রেরা একসঙ্গে পাশ কোরে
বেরিয়েছে, তারা নিউইয়র্ক ও অন্য
অন্য বড় সহরে বেশ ছ-পয়সা রোজগার
করছে।

চুম্ ঘড়ি

মার্কিনের ক্যালিফোর্নিরা বিশ্ব-বিভালয়ের
একজন অধ্যাপক একটা আশ্চর্যা রকমের
যন্ত্র বার কবেছেন। যন্ত্রটির নাম চুম্-ঘড়ি।
যন্ত্রটির কাজ হচ্ছে, চুমু ওজন করা।
চুম্বনের সময়ে শরীর ও মনে বে
জামুভূতি হয় তার মাত্রা ও মাপ এই ঘড়ির
মধ্যে দেখতে পাওয়া যায়। চুম্বনের সময়
উভয়পক্ষের অজে একটা কোবে তাব লাগিয়ে
দিতে হয়, এই তার ছুটোর সঙ্গে একটা
ঘড়ির যোগ আছে। তড়িতের সাহায্যে
চুম্বনের ওজন সেই তার বয়ে নেমে আসে
আর ঘড়ির কাঁটা সেই সঙ্গে যুবতে থাকে।
এই যত্রে দার-সারা চুমু, আধা-ধে চড়া চুমু,

বিশ্ব-ভারতী

জগৎ-বরেণা মহাকবি রবীক্রনাথেব স্চনা হয়েছে -- আশা হয় একদিন নালানা জীবনের একটি শ্রেষ্ঠ স্বপ্ন আজ সফল হয়েছে। বিশ্ব-বিভালয়েব মতই তার স্থনাম তিভূবনে তাঁর অন্তরের একান্ত আকাজ্ঞ। ছিল যে, ছড়িয়ে পড়বে। ফ্রান্স, অষ্ট্রিয়া, আমেরিকা শিকার মিলন কেত্রে তিনি বিখের সঙ্গে প্রভৃতি দেশ-দেশান্তর থেকে সিঁল্ভা লেভী-



- . 🚊 ত্রিরবীস্ত্রাথ ঠাকুর

ভারতের বোগসাধন করবেন। আজ তাঁর সে ইচ্ছা কার্য্যে পরিণত হতে চলেছে। বহুকাল আগে বোলপুর শান্তিনিকেতনে কবির তপোবনের আদর্শে প্রভিষ্ঠিত ব্রহ্মচর্য্যা-শ্রমে দেশের তরুণ সন্তানগণের জাতীয় শিকা ও চরিত্র গঠনের উদ্দেশ্যে যে ছোটখাটো-পাঠশালাটি স্থাপিত হয়েছিল, আজ তার বাজ অঙ্কুরিত হয়ে দেখানে 'বিশ্বভারতী'র প্রতিষ্ঠা र्दत्रहि ।

বিশভারতীতে যে মহা বিশ-বিজালয়ের

প্রম্থাৎ বড় বড় মনীষিবা এসে আজ এই বিশভারভীর ছাত্রদের কাছে তাঁদের অমূল্য জানভাতার উন্তুক্ত কোরে ধরেছেন। বাঙলার ছাত্র-সমাজ যেন এ অপুর্ব সুযোগ উপেক্ষা না কোরে পরিশেবে অকুতাপে কাতর না হয়— এই আমাদের অমুরোধ। वां धनाव (ছ्लावा म्ला म्ला निस्न বাগ্সিদ্গণের এই সমিলিত মধুচকে বিখ ভারতী থেকে জ্ঞানস্ক্রয় কোরে নিক্।

আমোদ-প্রমোদ

গান-বাজনা আমোদ-আহলাদ বৈঠকের একটি প্রধান অঙ্গ, কাজেই এদিকে কক্ষা না রাখলে আমাদের অঙ্গহানি হবে। অন্ত প্রয়োজন বাদ দিলেও অন্তভঃ বৈঠকের ঠাট বজায়ের জন্তেও এটাকে আমাদের রাধা চাই।

আমোদ-প্রমোদ জিনিষ্টা একেবারে বাজে নয়, এ কথাটা সকলকে না হলেও কাউকে-কাউকে শ্বরণ করিয়ে দিতে হয় কারণ এমন শুচিবায়্গ্রস্থ বির্ণ নয় যারা ওর নামেই নাক না সিট্কে পারেন না।

আমোদ ব্যাপারটার অপব্যবহার অনেক স্থানেই হয় তা জানা আছে— এমন কি সেটা কুৎসিত অঘততায় রূপান্তরিত হয়ে উঠে তাও স্বচক্ষে দৃথেছি কিন্তু তাই ব'লে ঐ জিনিষটা থেকে দূরে থাকবার জন্তে কাউকে উপদেশ দিতে পারছি না। কারণ ওটা না থাকলে মানুষের জীবনধারণই অহনকথানি বুধা। অপব্যবহারে কোন্ জিনিষ না বিকৃত হয় পূ

পেটের খোরাক যেমন চাই, মনের
খোরাকও তার বেশী বই কম হলে চল্বে
না। তবে খাগুটা যাতে বিশুদ্ধ এবং
সাক্ষ্যের উপযোগী হয় তার দিকে নজর
সাধা চাই। এনেক সময় আমরা হবোধ
বালকের মতো যা পাই তাই খেয়ে ফেলি।

স্থাবিধের নয়—–ভাতে নিজেও মজি, আর পাঁচ জনকেও মজাই, এবং যারা নির্কোধ নয় কেবল সেই দ্ব ব্যবসাদাবদের স্থ্যার করি।

কোনো-কোনো বোগের লক্ষণ এই বে. অথান্ত থাওয়ার উপর বেজায় ঝোঁক বাড়ে ৷ এ রোগ্যে শুধুদেহের হয় তানয়, মনেও এ রোগ ধরে। তথন মাত্রের কচি হয় জ্বস্যু, অপদার্থ জিনিষ্ত লোকের মুগাবান মনে হয়, যার স্থান বিশী তার নামেই মুথে জল আদে। মনের এ ব্যাধি কথনো-কথনো সংক্ষক হয়ে প্রায় দেশব্যাপী হয়ে ওঠে; তপন ধোঝা যায় না কোন্টা সভ্যিকার র্যালো, কোন্টা কর্কশ। তথন হাটে-বাজারে যত ভেজাল-দেওয়া জিনিবের আম্দানি হতে থাকে—চারিদিকে তারই ঢাক পেট। চলে; সারালোর দালো জিনিষ মারা বেতে বদে। তথনই বিশেষ দরকার হয় ভেজাল জিনিধের ফাঁকি ধরে দেবার এবং সত্যকার রদের উৎদ কোথায় তার সন্ধান বাংলে দেবার। আমাদের (मर्भ এ প্রােজন হয়েছে কিনা তাই বোঝবার জন্মে আমাদের এখানে আমোদ প্রমোদের যে সমস্ত অমুষ্ঠান আছে সেগুলোকে একবার ঘেঁটে-ঘুঁটে আলোচনা কোরে দেখা দরকার। আম্রা সেই আলো-চনায় সাহায্য কর্বার চেষ্টা ক্রেব্যু

বৈঠক

শোংকে বলে, আর চোগেও দেখতে পাওয়া যায় যে, বাংলা দেশে দৈনিক সংবাদ পত্র থেকে জারম্ভ কোরে সাপ্তাহিক, পাক্ষিক, মাগিক, বৈমাগিক তৈমাগিক কোন পতিকাই চলার মতন চলে না। ভগুপতিকা নয় সাহিত্য ও সুকুমার সাহিত্যেরও এই ছুদ্শা। রণীজনাথের তর্জনা যা ইংলও, ফ্রান্স, জার্মানী প্ৰভৃতি স্থানে লাখে লাখে বিক্রি হক্ষে; বাংলা দেশে রব জনাথের জনাভূমিতে ভার বই ভার শতাংশের একাংশও বিক্রি হয় না। যে জাতির সাহিত্যের এই ভাবস্থা, যে ভাতির সাম্ধিক থাকের এই শবস্থা, ভারাই আবার কজ্না করে একমাসের মধ্যেই দেশ স্বাধীন হোমে যাবে। নিজের দেশের সাহিত্যকে বাচিয়ে রাখবো, নিজের দেখের সামায়িক বাঁচিয়ে রাখবো এইটুকু জাভীয়তার জ্ঞান যাদের হয়নি তারা আবার স্বাধীনতার কলনা করে কি কোরে ?

অনেক বিদেশী বাঙালীকে অত্যন্ত স্বার্থপর
বলে। একটা জাতির নামে এমন ভাবে
এক-তর্ফা একটা মন্তব্য শুনলে মনে হ্র বে,
জগতের আর আর সব জাতিগুলি পরের
ছংখ মোচন কববার জন্মই জীবন উৎদর্গ
করেছে। কিন্তু আমরা দেখছি যে, অন্ত অন্তর্গতির মতন স্বার্থিপর ইওয়া তো দ্রের
কথা বেঁচে পাকতে হোলে স্বভুকু স্বার্থপর

(एम् বাংলার না। প্ৰধান কলকাতার দিকেই দেখা যাক। ও অগ্র ইউরোপীয়দের কথা না হয় ছেড়েই পেওয়া গেল। এথানে অ-বাঙালী ভাটিয়া পাৰী, নাথোদা প্ৰভৃতি জাতিই প্ৰধান বাৰদায়ী। কেরাণীগিরিতেও মান্তাজী এদে বাঙালীর ভাত মাববার চেষ্টা করছে। পুলিশের কলটেবল, রাস্ভার কুলী, জাহাজে ও ডকের কুলী সবই অ-বাঙালী৷ বেঁচে থাকতে হোলে যতটুকু স্বার্থপর হওয়া প্রয়োজন তত্টুকু স্বাৰ্থপৰ হোগেও ৰাঙালী এমন কোৰে লিখেচ্ছ হোরে বলে থাকতো লা। এই একটা জাতি—শারা চেষ্টা করলে সবই হোতে পারে িন্তু নিশেচ্ট হোগে বদে থেকে ভারা মরণের মুখে এগিয়ে চলেছে।

কিন্ত স্বার্থণর না হোলেই বে পরহঃখকাতব কিংবা দাতা ও উদার ট্রহান্তে হবে
তার কোনো মানে নেই। বাঙালী স্বার্থপর,
প্রতঃথকাতর, দাতা কিংবা উদার—কিছুই
নয়। মোট কথা তারা সকল বিষয়েই উদাসীন ।
এই উদাসীত বেড়ে ফেলতে না পারলে জীবন
যুদ্ধে বাঙালীর মৃত্যু অনিবার্য্য।

গত ৪ঠা। আষাঢ় রবিবারে বঙ্গীর সাহিত্য পরিষং মন্দিরে বঙ্গিমচন্দ্রের একটি মর্মার-মূর্ত্তি স্থাপিত হরেছে। সাহিত্য পরিষদের ট্রকর্ত্তার। গত কয়েক বছর থেকে বঙ্গিমের একটি মর্মার অন্ত সাধারণের কাছে আড়াই হাজার টাকা
চাওমা হয়েছিল। এই টাকা উঠ তে কয়েক
বছম সমর লেগেছে, সেদিনকার সভার
পরিষদের একজন সেবক জানিয়েছিলেন
বে, এই টাকা তুলতে তাঁদের প্রাণাম্ভ পরিছেদ
হয়েছে এবং এখনও একশ' কত টাকা
উঠলে তবে সমস্ত দেনা শোধ হবে। এই
একশ' কত টাকা সেদিনকার সভাতেই
উঠে গিয়েছে। এ সম্বন্ধে গুটিকয়েক কথা
বলবার আছে।

. বিষেষ্ঠজ কে ছিলেন, তিনি ভারতবর্ষের কি ছিলেন এবং বিশেষ কোরে তিনি বাঙাণীর কি ছিলেন তা সকলেই জানেন। আমরা দেশের নিরক্ষর চাধা কুলী-মজুবদের क्था वन्धि ना, आयामित मिट्न यामित শিক্ষিত লোক বলা হর তাঁদের কথাই বলচি। বৃহিমের লেখা পড়েন-নি এমন হতভাগ্য শিক্ষিত বাঙাগী যদি কেউ থাকেন তাঁদেরও আমাদের বলবার কিছুই নাই। ব্রিংসচল্রের মশ্র-মুর্ত্তি স্থাপনের জন্ম যদি এঁরা সকলে চার আনা কোরেও দিতেন তবে আড়াই হাজার টাকা তুল্তে #য়েকবছর সময় লাগতে। না, কয়েক মাদেই তা উঠে বেছ। সমস্ত ভারতবর্ষকে বিনি "বন্দেমাতবম্" মন্ত্র শুনিয়েছেন শিক্ষিত বাঙালী তাঁর প্রতি এইভাবে ত'দের শ্রদার অর্ঘ্য নিরেদন কবেছে। সাহিত্যকে এ যুগের বাঙাগী কি ভাবে ক্ষেপে ভবিষাতের ইভিহাসে তা লেখা হোমে এইলো।

সাহিত্য পরিষদকেও কিছু বলবার আছে ৷ এ কাজে তাঁদেরও আন্তরিকতার অভাব দেৰতে পাওয়া যায়। সাধারণ বাঙালী না সাহিত্যকে গ্ৰাহী कृद्द । হয় তাঁরা অর্থাৎ যাঁরা এই কাজে হাত দিয়েছিলেন তাঁরা কি টাকা তোলবার অস্থ তেমন ভাবে চেষ্টা করেছিলেন ? নাম করতে চাই না পরিষদের মধ্যেই অনেকে আছেন যারাইজহাকরলে একাই এই আঁড়াই হাজার টাকা অবহেলায় ফেলে দিতে পাৰতেনং তাঁরা কি এজন্ত দেশের প্রত্যেক রাজা মহারাজা জ্মিদার উকীল ব্যারিষ্টারের কাছে গিখে তেমন কোনে টাকা চেয়েছিলেন ? আমাদের বিশ্বাস যে, তা তাঁরা করেন-নি, কারণ এ কাজে তাঁদের দে রক্ম আন্তরিক হা ছিল না।

এই তে গেল একদিকের কথা। আব একটা দিক আছে, সেটি এই,—বিদ্বাচন্তের পুত্তক বিক্রা কোরে, তাঁর উপস্থাসকে নাটকাকারে পরিণত কোরে, অভিনয় দেখিয়ে অনেকে লার্থিক অবস্থারও উন্নতি (স্থায়ী না গ্রা সামান্ত্রিক)করেছেন। এই কাজে ক্বতক্রতার থাতিরেও ভাঁদেব একটা কর্ত্বর ছিল। এ দের মধ্যে কে কি দিয়েছেন জান্দিনা, তবে বিশেষ যে কেউ কিছু জেন-নি তা সেদিনকার বক্ততাতেই প্রকাশ পেয়েছিল। একজন বাঙালা কবি লিখেছিলেন—ও ভাই বঙ্গবাসী —আমি মলে তোমরা আমরা চিতায় দিবে মঠ। কেন্তু আজ দেখ্ছি কবির এই আশাও গুরাশা মাত্র।



সভিত্ৰ পাক্তিক পত

কার্যালয় ২০৮,২এক কর্পর্যাতিস্ট্রীট, কলিকাতা।

প্রতিসংখ্যা এক আনা বাধিক মূল্য ২০/০

ওট টাকা ওই আনা∤

স্থ্রেশ্চন্দ্র বন্দ্যোপাধ্যায় প্রণীত স্থাত্মচিত্রপ্তক



ভাবে, ভাষায়, চিত্রে, ছাপায় অতুলনীয়।

বাংলার বিভালয় সমূতে পুরকার পুস্তক রূপে মনোনীত।

দেড় টাকা মাত্র !

নামিকো

জাপানী উপক্স। অশ্রুসিক্ত কল্প পোমক ভিনী। এক টাকা হাত্র।



চমৎকার জাপানী গল্পেব বই আট আনা মাত্র।

গ্রুদাস বাব্র দোকান, ইণ্ডিয়ান পাব্লিশিং হাউদ্ প্রভৃতি প্রধান প্রধান পুস্কালয়ে প্রধান।

रिचर्रकः नियमावली

বৈঠকের অগ্রিম বাধিক মূল্য ডাকমাণ্ডল
সচ তুই টাকা তুই আনা; ভিঃ পিঃ মাণ্ডল
স্বত্তর প্রতি সংখ্যাব জ্লু এক আনা।
নমুনারও মূল্য লাগে। যে কোন সংখ্যা
হইতে গ্রাহক হওয়া চলে। মূল্য সম্পাদকের
নামে পাঠাইতে হয়!

রিপ্লাইকার্ড কিংবা টিকিট না পাঠাইলে কোন চিঠিব জ্বাব দেওয়া সম্ভব হয় না।

প্রবন্ধানি বৈঠকের তুই পূষ্ঠা বড় জোর আড়াই পূষ্ঠা অপেকা দার্ঘ না হয়। টিকিট পাঠাইলে প্রবন্ধ প্রকাশিত হইবে কিনা ভাষা কানানো হয়। মনোনীত অথবা অম্নোনীত প্রবন্ধ ক্ষেত্রত পাঠান হয় না।

িজ্ঞাপন

মলাটোর চারের পৃষ্ঠা প্রতি সংখ্যা—৮ ্ অজ্ঞান্ত পৃষ্ঠা প্রতি সংখ্যা—৬ ্ অদ্ধি পৃষ্ঠা—থাত

কলমের প্রতি ইঞ্জি একবৎসরের চুক্তিতে প্রতিসংখ্যা--->

কলমের প্রতি ইঞ্চি প্রতিদংখ্যা—২ ্ বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয়

ম্যানেজার বৈঠক

২০০।২ এফ কর্ণওয়ালিস খ্রীট, কলিকাতা।

এজেণ্ট ঃ—শ্রীপরেশনাথ মিত্র ১৩২নং বাগমারি রোড, কলিকাতা।



I IRANSL

১ম বর্ষ ী

১লা আবণ, ১৩২৯

হিয় সংখ্যা

भान-भाग

একজন কেরানী এক অফিসে চাকরী থালি আছে শুনে দর্থান্ত করেছিল। তাতে নিজের যোগ্যতা ও গুণের পরিচয় লেখবার সময় কেরাণী বাবু লিখেছিলেন;—As চেহারাটা বোধহয় খারাপ হোয়ে গেছে। regards my qualification my father's আমার গুণের সম্বন্ধে এই বল্ভে পারি যে, থারাপ হয়ে গেছে ? কিনে বুঝলে ? আমাৰ পিতাঠাকুর মহাশয়ের হাতের লেখা বড় চমৎকার ছিল।

হাওড়া ষ্টেশনের একজন লেডি বুকিং ক্লাৰ্ক ষ্টেশন-মাষ্টারকে গিয়ে কলে--আনায় দিনকতক ছুটী দিতে হবে।

দিনকতক বু-ক্লা। কোথাও গিয়ে শহীরটা গুধ্রে আসনো !

ষ্টে-মা। দেকি ? ভোমার অসুখ বিহ্বখতো কিছু করেনি।

বু-ক্লা। নাতা করেনি—কিন্ত আমার

ষ্টে-মা। তাই নাকি ? কই আমি ভো handwriting was very good! অর্থাৎ কিছু দেখছিনি! কে বল্লে ভোমার চেহারা

> বু-ক্লা। নিশ্চয়ই আমার চেহারা খাবাপ হোয়ে গেছে—নইলে লোকগুলো আজকাল টিকিট কেনার পর নোটের বদ্লাই, বা টাকার ভাঙানি স্ব গুনে নিতে আরম্ভ করেছে কেন? আগে তো নিভোনা! আমি যা দিখুম তাই হাতে কোরে নিয়ে আনাৰ সংখন দিকে দেয়ে কেল্ড চল্ল

বল্লেন-ওগো! নীচের তলায় কার পায়ের শব্দ হচ্ছে! বোধহয় চোর এসেছে!

—এঁয়া বলকি ? বলেই কৰ্ডা তাড়া-তাড়ি উঠে পা টিপে টিপে ঘর থেকে বেরিয়ে গেলেন। স্ত্রী তথন বল্ছিলেন ভগো! ঘর থেকে বেরিয়ে কাজ নেই, চোরের হাতে যদি ছোরা ছুরি থাকে !--কিন্তু কে বা ভা শোনে ?

স্ত্রী উদ্গ্রীব হোয়ে প্রতিমূহুর্তে কন্টার ফিরে আসার অপেকা করছেন—কিন্তু রাত প্রায় ভোর হোয়ে এল তথনও তাঁর দেখা নেই, শেষে একটা কিছু অমঙ্গল আশস্কায় উৎকণ্ডিত হোমে জা দোর খুলে সাহদ কোরে বেরিয়ে ভাকলেন—ভগো! ভগো! শেষে ছাতের ওপর থেকে কর্ত্তা বল্লেন—কিগো! নাম্বো না কি এইবার ? পেণেছো ভালো কোরে চারিদিক, চোচটা চলে গেছে ভটিক্ — না হয় তুমিও ছাতে পাণিয়ে এন।

বিদেশে বেড়াতে গিয়ে শোনা গেল সেখানে নাকি একশ' বছরের চের বেশি ব্যুসের একজন লোক এখনও বেঁচে আছে! এক'দন তাকে দেখতে যাওয়া হোলো। চালার সাম্নের থেটে দালানটাতে একটী থুড় থুড়ে বুড়ো বুসে তামাক থাচিছল, তাকে দেখে সভবের েশি বয়েস বলে মনে

অর্দ্ধেক রাত্রে কর্ত্তার ঘুম ভাডিয়ে গিল্লি করলুম—এখানে কার বয়স একশ বছবেব ওপর হয়েছে গাণু সে কোষা থাকে বল্তে পারো ?

বুড়ো ভাষাকের অনেকটা ধোঁয়া ছেড়ে কাদ্তে কাদ্তে বল্লে—হাঁ৷ এইখানেই থাকে—সে আমার নাতনী !

একজন ভদ্রণোক জুতোর দোকানে জুঙো কিন্তে গেছেন, দোকানদার তাঁকে আগেই একজোড়া নাগরা জুতো বার কোরে দিলে। ভদ্রলোক আশ্চর্য্য হোরে বল্লেন আনাকে কি ছাতু থোর পেলে বাপুরা, আমিতো নাগ্যা জুতো চাইনি! দোকান দার বল্লে—দেকি মশাই, নাগরা জুতো পায় ্দেওয়াই যে আজ কলি ফ্যাসান হয়েছে !

ভদ্ৰোক গড়ীৰ ভাবে বল্লেন--আমার পা তুটো যে বাপু হাল ফ্যাসানের নয়, এ যে দেই সনাতন বাঙালীবাবুর পা! চট্টোপাধ্যায় থাকে তো বার কর।

বণাই। ওচে ওরা শুন্ছি নাকি ছ-টাকা জোড়া দশহাত খদরের ধুতি বেচ্ছে! কানাই। দেকি হে ? কোখেকে দিচ্ছে ভাবা এত সন্তার প পড়তার পোষাবে কি কোরে ? জগাই। আরে বেথে দাও তোমাব পড়তায় পোষানো--! ঠিকানাটি কি তাদের বলতো ভাই বলাই--লিখে নিই!

ছুটো খবর

লগুনের বিখ্যাত চিকিৎসক ডাঃ দিসিল **९८१४- ७२१म (१) या करत्रह्म (४, यहि** নারোগ ও স্থা থাক্তে চাও তাহোলে কেউ কখন হুধ পান কোরোনা। কারণ তিনি পরীক্ষা কোরে দেপেডেন যে, অনংখ্য রোগের বীজান্ত নাকি ছবের সংগই আমাদের উদরত্ হ्य !

মামর্গাণ বিভাগদের একটি ছেগেকে এবার ম্যাট্রকুলেশন পরীক্ষাদিতে দেওয়া **চয়**নি ৷ তাকে ইঞ্ল খেকে নাম কেটে দেওয়া হরেছে। করেণ ছেলেট নাকি ওই বয়নেই আর একটি ইস্থাবে মেখেকে একথানি প্রেম-লিখেছিল। চিঠিখানি ঘটনাক্রমে পত্ৰ বেচারীর বিভালয়ের কর্তৃপক্ষদের হাতে এসে পড়ে, হুতরাং প্রেমের দায়ে সেই কচি প্রণ্যীর পড়াগুনা খতম কোরে দেওয়া হয়েছে।

লিভারপুলের রাখায় মাতলামী কোরে টলে পড়াব জন্ত এক ভদ্ৰলোককে মাভান বলে থানায় ধরে আনা হয়েছিল। কিন্তু বিচারের পূর্বেই হতভাগোর ধানাভেই মৃত্যু হয়। পরে ডাক্তারী পরীক্ষায় প্রকাশ পায় যে, তার জাবনে সে কখনও মদ ছোয়নি ! বেচারী সেদিন পথে সন্ন্যাস রোগগ্রস্ত হোয়ে পতে গিয়েছিল --পলিশ তাকে মাতাল কলে আক্রান্তবার সভে সভে করে করে করে

ভুল কোরে হাঁসপাতালে না নিয়ে থানায় নিয়ে গিয়েছিল। বিলেতের পুলিশও এমন ভুল করে ৷

মন্ত্রশক্তির প্রভাব

বিনা চিকিৎসায় আরোগ্য হওয়া

অপিনারা শুনে আশ্চর্যা হবেন যে, ফ্রান্স ইংলপ্তে অনেক রুগীদের আর কেবল 'মালাজ্প' কোরে ও মন্ত্র পড়ে আরোগ্য করা হচ্ছে! ভবে মালাটা ঠিক হরিনামের তুলসী মালা নয়, আৰু মন্ত্ৰীও খাটি সংস্কৃত নয়। একটা দড়িতে কুড়িটা গাঁট বেঁধে রোগীর হাতে দেওয়া হয়—আর তাকে বলা হয় যে, তুমি চোধ বুজিয়ে বেশ শান্ত ও হির ভাবে বিছানায় ওয়ে ওয়ে দড়ীর গাঁটে গাঁটে হাত রেথে কুড়িবার কোরে বল---"দিন দিন স্ব রক্ষে আমি ক্রেমে সেরে উঠ্ছি !"

এই মন্ত্রটি মনে মনে বল্লে হবেনা,---চেঁচিয়ে বল্তে হবে,—বোগা যেন নিজের গলা নিজে গুন্তে পায়। তবে কানে ভালা লেগে যাবে এমন চাৎকার কর্তে হবেনা, গুন্ গুন্ কোরে ছেলে ঘুম-পাড়ানো গানের মত বলে গেলেও চল্বে। বিশেষ একাগ্ৰ-চিত্ত ইওয়ার কোনও প্রয়োজন নেই। মন্ত্র জপ করতে করতে মনে যদি অন্ত কোনও চিস্তা আসে ক্ষতি নেই, তবে নিয়মিত স্কালে গুম

সময় মন্ত্রটি জপ করা চাইই চাই! দিন কতক এই নিয়মে মন্ত্র জপ করলে আশ্চর্য্য ফল পাওয়া যাবে। রোগ প্রায় বারো জানা রকম আরাম হোয়ে উঠ্বে!

মন্ত্রশক্তির প্রভাব এদেশে নতুন নয়, তবে ব্রাহ্মণর। নিজেদের স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে ভার বৈজ্ঞানিক ব্যাখ্যাটা কোনও দিনই প্রকাশ করেন-নি বরং ওটার চারদিকে এমন একটা হর্ভেদ্য রহস্তের ভাষরণ দিয়ে রেখে-ছিলেন যে, তার চাপে অনেক মন্ত্রই ভারতবর্ষ থেকে লোপ পেয়ে গেছে! সে যাই হোক সব চেয়ে লজ্জার কথা এই যে, ভারতকে আজ জপ তপ ও মন্ত্রের সম্বন্ধে শিক্ষা নিতে হত্ছে য়ুয়োপ থেকে! ভারা আজ আমাদের প্রথম বৃঝিয়ে দিলে যে, 'মন্ত্র' আর কিছু নয় কেবল মনকে বোঝানো! মনকে বোঝাতে পারলে ভা সে সংস্কৃতেই হোক আর বাংলাতেই হোক্ ভট্টাচার্য্য ভিন্নও কার্যসিদ্ধি হবে।

'আজ রাত্রি চারটের সময় উঠতেই হবে' এই মন্ত্র জপ কর্তে কর্তে যদি আমি শুই, চারটের সময় মস্ত্রের বলে আমি যে ঠিক জেগে উঠবো এর প্রমাণ বোধ হয় অনেকেই পেয়েছেন। থোকা পড়ে গিয়ে কেঁদে উঠ্লে মা তাকে তুলে আদর কোরে 'কোথায় লেগেছে বাবা?' বলে হাত ব্লিয়ে চুমু থেয়ে মন্ত্র পড়ে দেন— "আর নেই ভালো হোয়ে গেছে!" শিশুঅমনি সেই মন্ত্রলে সব ভূলে গিয়ে হেসে
আবার খেল্তে চলে যাছে, এ-ত আমরা
প্রতিদিনই দেখ্ছি!

কোনও ছঃসংবাদে বা গৃহবিবাদে
মনক্ষুর হোরে যখন মান মুখে বিপন্ন অস্তরে
আমরা পথে পথে ঘুরে বেড়াই, তথন হঠাৎ
কোনও সদানন্দ বন্ধুর সঙ্গে দেখা হোলে সে
যখন হাত ছটো জড়িয়ে ধরে তার সমবেদনার
স্নেহকঠে বলে ওঠে! "আরে বেতে
দাও ভাই! সংসারে ও-রকম হোয়েই থাকে
তা ছঃখু করলে কি চলে ?" তার সেই
সহাস্য মন্ত্র ভনে মনের অন্ধকার বেন নিমেষে
কোথায় দূর হোয়ে গিয়ে মিলন অধ্বে হাসি
ফুটে উঠে!

এ সমস্তই মন্ত্রশক্তি। তুমি ভোমার
নিজের ছই হাত সাম্নে লখা কোরে দিয়ে
ত্-হাতের আঙ্লৈ আঙ্লে যদি জোরে পাঞা
কদে দাঁতে দাঁত দিয়ে চেপে ধরে একদৃষ্টে
ত্-হাতের পাঞ্জাটার দিকে চেয়ে কেবলই
বলতে থাকো "কিছুতেই এ হাত আমি খুল্তে
পারবো না, ইচ্ছে করলেও নয়—কিছুতেই
নয়।" তাহলে তুমি দেখবে যে,সেই মন্ত্র যতক্ষণ
পড়্বে কিছুতেই তুমি ততক্ষণ হাত খুল্তে
পারবে না। একটা অলক্ষ্য শক্তি তোমার
সমস্ত চেষ্টাকে বার্থ কোরে দেবে।

শোনা গেছে আমেরিকার সেই রক্ষ একদল
থেলোরাড়বা লাঠির ওপর ভর দিরে
উঁচুতে লাফ দেওয়া অভ্যেস করেছে।
এই খেলার প্রতিযোগিতার এবার যিনি
বাজী জিতেছেন তাঁর নাম এফ কে ফ্ল্।
ইনি প্রায় তেরো ফুট চার ইঞ্চি উচুঁতে
লাফিয়ে উঠেছিলেন। কোনও খেলোরাড়
এ পর্যাস্ত এতটা উঁচুতে উঠতে পারেন নি।

পঞ্চাশবছরের মামলা

আমেরিকার প্রধান সহর নিউইয়র্কের
বড় অ'দালতে সম্প্রতি একটি মানলার নিপ্রতি
হয়েছে;—এই মান্লাটি আজ পঞ্চাশ
বছর ধরে চল্ছিল। এতদিন পরে মানলার
ফলাফল প্রকাশ হোলো বটে, কিন্তু থারা এই
মানলা প্রথম সুক্ কবেছিলেন তাঁদের কোনো
পক্ষেরই কেউ আজ বেঁচে নেই; এমন কি
এই মান্লায় যাঁরা থারা সাক্ষী ছিলেন
তাঁরাও আজ সকলে পরলোকে। আদালত
সেই আদি ফ্রিয়াদার এক নাত্নীকে ডেকে
প্রায় বিশ লক্ষ টাকা বুঝিয়ে দিয়েছেন।
নাত্ন'ব নাম কুমারা মারিরণ, তার বয়স
কিন্তু ধাটের ওপর। ইনি এ বিশলক্ষ টাকা

লক্ষ টাকা পাবার দাবী দিয়ে ফের নালিশ করেছেন। এ মামলা আবার কতদিন চল্বে কে জানে ? আসল মামলার ব্যাপারটা হোচ্ছে এই যে, কুমারী মারিয়ণের ঠাকুরদা হোয়াইট্ আর তাঁর এক বন্ধ ফ্লেচার ছ-জনে মিলে ভাগাভাগিতে একটা কারবার স্থক করেন। কারবার যথন খুব ফেলেও তথন হঠাৎ হোয়াইট্ মারা হান—ফ্লেচার সেই স্বেবাগে ওটা সমস্তই নিজের নামে কোরে নেবার চেষ্টা করেন বলে হোয়াইটের ওয়ারিশানরা নালিশ করে। প্রথম নালিশ হরেছিল ১৭৭০ সালে। সেই থেকে আজ পর্যান্ত ঐ মামলা চলে আস্তে—উভয় প্যেবই বংশানুক্রমে।

স্পায়কথা

শ্রীযুক্ত জলধর সেন 'রায় রাহাছর' হওয়া সবেও ইচ্ছে করেন তাঁকে যেন কেউ বাহাছর না বলে। তিনি 'বাহাছর রায়' হবার আগো যেমন সকলের 'দাদা' ছিলেন এখনও তাই পাক্তে চান। তিনি বলেন তোমাদের 'দাদা' ডাকেব চেয়ে 'রায় বাংগছর'খেতার আমার সন্মান বিশেষ'বর্দ্ধমান' করতে পারে নি! সূত্য কথা। বিলেতে যে-সব অভাগিনী নিজের গর্জ্জাত সন্তানকে হত্যা কোরে কলঙ্কের হাত এড়াতে চেষ্টা করতো,—ধরা পড়লে এতদিন তাদের প্রাণদণ্ড হোতো। সম্প্রতি লর্ড পার্মুর, লর্ড বার্কেনহেড্ প্রভৃতি পার্লামেণ্টের হোমর'-চোম্রা সংগ্রা একটা আইন পাশ কোরে তাদের প্রাণদণ্ড রহিত করবার ব্যবস্থা করেছেন! তাদের মুক্তি হোচ্ছে যে, ঐ-সব অভাগিনীরা মান্দিক উত্তেজনার উন্মন্ত হোয়ে এই নিদারণ কাল কোরে কেলে! কর্তারা দ্যালু সন্দেহ নেই-—কিন্তু মুক্তিটা অনেক হত্যাকারীর পক্ষেই প্রয়োগ করা চল্তে পারে যে!

গভর্গমেন্ট দেউলিয়া হ্বার ওয়ে থরচ
কমাবার জন্ত যতুবান হয়েছেন। কোন দিক
দিয়ে কেমন কোরে থরচ কমানো যেতে
পারে সেটা বিবেচনা কোরে দেখ্বার জন্তে
একটা বৈঠক বসেছে। আমাদের 'বৈঠক'
থেকে ওদের একটা উপায় আমরা বাৎকে
দিতে পারি, যাতে সি, আই, ডি, দপ্তরের
থরচাটা অনেক কমে যেতে পারে। শাসন
পরিষদেব জনকতক উৎসাহী সন্তাকে যদি
অবৈতনিক গোরেন্দার কাজে লাগানো যায়
তাহলে বিনা থরচে দেশের অনেক 'গুপ্তাসমিতির' সন্ধান পাওয়া যেতে পারে!

মডাকেট চুড়ামণিও শেষে আইন (বেআইন)
ভঙ্গ করতে বাধ্য হলেন। আমরা তাঁর
সমকে কি ব্যবস্থা হয় জান্বার জন্মে উৎস্ক
হোয়ে রইলেম।

সংবাদ-পত্রের সমাট লর্ড নর্থক্লিফ তাঁর 'ডেলি মেল' প্রভৃতি একাধিক পত্রিকার এখন জাপানী বিশ্বেষ প্রচার করবার জক্তেউঠি পড়ে লেগেছেন। জ্বাপানীদের সম্বন্ধে তিনি সম্প্রতি লিখেছেন যে, গুরা এসিয়ার জার্মান তুশ্য। ক্রমাগত টাকা ধার কোরে যুদ্ধের আস্বাব তৈরি করছে, ব্যবসাবাশিকা একচেটে করবার চেপ্তার আছে। সমস্ত জগত জুড়ে গুরা গুপ্তচর ছেড়ে দিরে স্বার খ্রের সন্ধান রাখছে ইত্যাদি—

কবিরত্ন ৺সত্যেক্তনাথ দত্ত

রবীক্রনাথ ঠাকুরের পরই বাংলাদেশে আর কে শক্তিশালী কবি আছে এ কথা উঠলেই কবিরত্ব সত্যোক্রনাথের নাম মনে পড়ে। সত্যেক্রনাথের অকাল-মৃত্যুতে বাংলা দেশের আর বাংলা সাহিত্যের যে বিরাট ক্ষতি হোলো বোধহয় শতাক্রীর সাধনায় তা পূর্ণ হবে কিনা সন্দেহ। কোনও দেশে সত্যেক্রনাথের মত প্রতিভাশালী কবির জন্ম হওয়া সে দেশের বিশেষ সৌভাগ্য-যোগ



ক্ৰিগ্ন সভোজনাথ দ্ভ

কেকা প্রভৃতি দশ্রানি কাব্য গ্রেষ্ট্র সঙ্গে জন্মের সহিত্যার নাম বিভাসাগরের মতই

বাঙালীর ছেলেদের কিছু না কিছু পরিচয় আছেই, —শ্রীনবকুমার কবিরত্ব নাম নিয়ে তিনি ব্যঙ্গ-বিজ্ঞপের ক্যাঘাতে যে স্ব হৃষ্ণুতদের শাস্ন করেছেন, পাঠক সমাঞ নিশ্চয় ভার সঙ্গে পরিচিত আনে। আন্ধ্ৰপু আমরা এই স্বর্গীয় মহা-কবির জাবনের ঈষৎ পরিচয় দিয়ে আগ্রহান্তিত পাঠকদের কৌতুহল নিবারণ করবার চেষ্টা করবো ৷

সতোজনাথ দত্ত ১২৮৯ সালে মকব সংক্রান্তির দিন বেলবরের কাছাকাছি নিমতে নামীয় হানে তাঁর মামার বাড়ীতে জনাগ্রহণ করেছিলেন। তিনি জাভিতে বঙ্গজ কায়স্থ তাঁর পিতা পরজনীনাথ

আজ দেশাত্মবোধের চারণ-কবি সত্যেক্ত দত্তও অলবয়সে স্বর্গারোহণ করেছিলেন, কবি নাথের রচনার পরিচয় দিয়ে ধুইতা করবো না, স্ত্যেন্দ্রনাথ তথন বালক মাত্র। মনিধী কারণ আমরা জানি সত্যেক্তনাথের কুছ ও ৮অক্ষরকুমার দত্ত, বাঙলা ভাষার

বিজ্ঞাড়ত,--তিনিই এই প্রতিভাবন কবির পিতামহ ছিলেন ৷ এ দের আদিনিবাস ছিল বর্দ্ধান জেলার অধুনাবিলুপ্ত চুপি গাঁরে। অক্ষয়কুমারই প্রথমে দেশ ছেড়ে কলকাতার অধিবাসী হয়েছিলেন। মৃত্যুকালে তিনি তাঁর সমস্ত সম্পত্তি সত্যেক্তনাথকেই দান কোরে যান। কবি সভ্যেক্তনাথ লক্ষণভির বংশধর হোলেও কোন দিনই ধনগবের দরিত্রকে মুণ: করেন-নি। তিনি সর্কবিষয়ে স্থানিকিত ও অস্থারণ পণ্ডিত ছিলেন। অনেকগুলি বিদেশী ভাষাতেও তাঁর ব্যুৎপ্রি ছিল। তিনি অমায়িক, সচ্চরিত্র, বিনয়ী ও বিশ্বমানবকে তিনি ছিলেন। বন্ধুবৎসল একই পরিবারভুক্ত বলে মনে তাঁর অসংখ্য কবিতায় স্বদেশপ্রেম আর নিখিল-মান্বজাতির প্রতি গভীর ভালবাসা ষ্টে উঠেছে। মানুষ তাঁর কাছে কেউ অম্পু শ্র ছিল না।

উদরাময় বোগে তিনি অনেকদিন থেকেই তিনি কট পাছিলেন। অতিরিক্ত পড়াগুনা করায় কিছুদিনে চক্ষু পীড়াও হয়েছিল। সামাগ্র একটা পৃষ্ঠপ্রণ হঠাৎ বিষাক্ত হোয়ে ওঠায় অকালে তাঁকে ইহলোক পরিত্যাগ করতে হয়েছে। মৃত্যুকালে তাঁর বয়স মাত্র চল্লিশ পূর্ণ হয়েছিল। তঃধিনী বিধবা মা আর অভাগিনী সন্তানহীনা পত্নীকে অকুলে

গাছের অগ্নিমান্দ্য

বোজ একই খাত খেরে মান্থবের বেমন অকচি হর, অজীর্ণ হর,গাছদেরও তেমনি মধ্যে মধ্যে অকচি হোতে দেখা যার। টবের গাছদের একমাত্র খাবার মান্থ্র যা দেয়—তা জল। কিন্তু অনেক সময় গাছে এমন ভাবে জল ঢালা হর যে, টব উপ্চে পড়তে থাকে, টবের মাটি একেবারে কাদা হোরে যার। অকিবের মাত্র হোরে পড়ে। সেজ্ল অনেক গাছকে অকালে শুকিরে যেভে দেখা যায়। একেত্রে দিনকরেক টবে জল ঢালা বন্ধ কোরে দিলে

বৈঠক

করে খুদী হওয়া প্রাণের লক্ষণ নয়;
কিন্তু আমরা ভারতবাদী অয়েতেই খুদী।
আমরা আধ-মরা জাতি, আর আধ-মরার
পরিণাম বে মৃত্যু তাও আমরা জানি। জেনে
শুনেই আমরা তিলে তিলে নয় একেবারে
পাঞ্জাব মেলের ভালে তাল-চুকে ছুটে চলেছি
মৃত্যুর দিকে। এত বড় বিরাট একটা।
জাতির যদি এই ভাবে মৃত্যু হয়, তা হোলে
লগতের অস্তান্ত জাতির বেঁচে থাকবার পক্ষে
সেটা চিরদিনই একটা দৃষ্টাস্কের মত দৃষ্টাস্ক

আমাদের ব্যবসা, বাণিজ্য, আমোদ, বসালেও যে সে সেটাকে আহলাদ স্বই চলেছে চিমে চালে—সেই মান্ধাতাৰ আমৰে বেমন চলতো। সেগানেও প্রাণের কোনো পরিচয় নেই। আমোদ করতে থিয়েটারে ষথন ষাই, ভথন মনে হয় কুইনানের বড়িব মতন আমোদের একটা বড়ী দেওয়া হয়েছে কোন রক্ষে ঢোক গিলে (मही (भरहेत मर्था हालिए मिर्म प्यास्मामही সেরে নিয়ে বাড়ী ফিরতে পারণেই ষেন হোলো। দাদামশায়ের আম্লের সেই ভেঁপু, নট-নটীদের অস্তুত অভিনয়—তার উন্নতিও নেই অবনতিও নেই। পরিবর্তন যদি কিছু দেখতে পাওয়া যায় তো হতাশ হোয়ে বলি হায়ত্রে পুরোনো দিন, যুগে যা হোতো এখন তার কিছুই रुत्र मा ।

থিয়েটারের সম্বাধিকারিরাও নিশিচস্ত। তাঁরা মনে করেন-কাঠের বেরালে যথন ইঁগুর ধর্ছে তখন আর মাছ ভাত ধাইয়ে জ্যান্ত বেরাল পুষে লাভ কি ? কিন্তু আদলে কাঠের বেরাল স্ত্যিট ক্থনো ইছর ধর্তে পারে না, কাঠের বেরাল দিয়ে ইছরকে ভর দেখানো মাত্র চলতে পারে। কিন্তু ইছর ধেদিন টের পাবে যে, এভদিন সে যে জীবটিকে ভয় কোরে এসেছে সেট নীরস কাষ্ঠথত্ত মাত্ৰ, সেদিন কি হবে ? তথন

मरन করবে।

পণ্ডিত মতিলাল প্রমুধ আইন-ভঙ্গ ক্ষিটির স্দ্স্তরা পাঞ্জাবে গিয়ে শুনেছেন যে, সেগানে হিন্দু-মুসলমানে সে রকম সম্প্রীতি নেই। পণ্ডিভজীরা এইকথা শুনে আ্লাচ্চ্য্য তো হয়েছেনই, তৃঃখিতও কম হননি। তৃঃখ তো হ্বারই কথা, এই হঃখই যে ভারতবাদীর সমস্ত ছঃবের মুল। এই বিরোধ মোচনের উপায় কি সে বিষয়ে তাঁরা ভাবের দিক ছেড়ে निय्त्र युक्तित निक निय्त विकास कारत দেখেছেন কি ?

বর্তমান অবস্থায় হিন্দু-মুসলমানে সম্প্রীতি হওগার চেয়ে বিরোধ হবার কারণই বেশী রয়েছে। হিন্দু-মুসলমানে প্রীতির বন্ধন দুচ় করতে হোণে হিন্দু ও মুস্লমান উভয়কেই কিছু কিছু ছাড়তে হবে; বিচার করেই কোরেই ছাড়তে হবে। ধিনি বল্বেন, আমি আগে হিন্দু অথবা মুদলমান পরে ভারতবাদী, তাঁর সঙ্গে কাজ করতে গেলে প্রতিপদেই সকোচ আসবে—পাছে তাঁর হিন্দুত্বে কিংবা মুসলমানত্বে আঘাত লাগে। বর্তমান রাজ-নৈতিক অবস্থায় একমাত্র বলা চলতে পারে---আমি আগে মামুষ পরে ভারতবাদী। যারা ধর্ম মানে তাদের মধ্যে ধর্ম নিয়ে

আ**ড়ম্ব**র যেথানে বিরোধ 🕩

বেশী সেইথানেই তো ইত্যাদি।" সৰ কথা লিখে কলম কলক্ষিত করতে চাই না ৷

আর একটা দিক আছে। প্লাবনের সময় সাপে ও মামুধে অড়াঞ্জি কোরে গাছে ঝুলতে থাকে। সাপও জানে নিপদ কেটে গেলে আমার যে ধর্ম সে তে আছেই, মামুহও জানে জল একবার সর্লে হয়। কিন্তু বিপদ যভক্ষণ না কাটে ভভক্ষণ পরস্পরে বিরোধ ঘটায় না। ভারতবাসী হিন্দু-মুসলমানের সন্মুথে যে বিপদ তাতে এখন विद्यार्थत क्था ७ठाई अम्हर्व। किन्ह এখনও যথন বিরোধের কথা শোনা বাচ্ছে ভৈখন বুঝতে হবে যে, বিপদের মাজাটা তারা মোটেই অমুশুব করতে পারছে না — এইটেই যে সব থেকে বড় বিপদের কথা।

প্রথম কথা, Irish Nationalistএর গলটি আমরা বিখাদ করতে রাজি নই। আমাদের মনে হয় ধে, কথাগুলি স্যুর মাইকেলরই অস্তরের কথা--তবে সাহসের অভাবে তিনি এগুলি কোন এক কাল্পনিক Irish Nationalistএর মুধ দিয়ে বলিরে নিষেছেন। ছিতীয় কথা, Irish Nationalist হোলেই তিনি এমন কি পীর যে তাঁর কথা বিনা বাধার মেনে নিতে চবে? মাইকেল জামেন বে, অসহযোগীদের সঙ্গে আয়াল ত্ত্রের স্বাধীনতা-প্রয়াদীদের সহামুভূতি আছে, সেইজন্ত Irish Nationalist এর त्र्थ मिरत्र महाञ्चा शासीरक शानाशानि मिरत्र বক্ত রক্ষের একটা পাঁচ ক্ষেছেন।

স্থার মাইকেল ও'ডায়ার স্প্রতি এক সভাষ মহাত্মা গান্ধী সম্বন্ধে বলেছেন 'গান্ধী একটা ধড়িবাজ ভগু। আমাকে একজন Irish Nationalist বলেছেন বে, তিনি কিছুদিনের জন্ম ভারতবর্ষে ছিলেন এবং গান্ধীর খুব কাছে-কাছেই ছিলেন। তিনি গান্ধীর আদল ও নকল ছই ক্রণই দেখে সিদ্ধান্ত করেছেন যে, গান্ধী লোকটা ইত্যাদি

স্যুর মাইকেল ও'ডায়ার বছদিন ভারভবর্ষে চাকরী কোরে মোটা মাইলে থেয়ে নশ্বর (मरु ि शूडे करत्रहरून। (म्हा **কিরে** গিয়ে পাছে কোন রক্ষ কটে পড়েন এক্ষর তাঁর মোটা ভাতার' বন্দোবস্ত আছে। সেই ভাতার টাকা ভারতবর্ষের লোকেরাই জুগিয়ে থাকে। মহাত্মা গান্ধাকে গালাগালি দিলে ভারতবর্ষের (আ্যাদের আনতঃ গৃইজন লোক ছাড়া) আপাসর সাধারণ সকলের অন্তরেই যে ব্যথা লাগে একথা তিনি বিশেষ কোরেই জানেন। অরদাভাদের প্রতি এ রক্ষম কৃতজ্ঞতা তাঁর পক্ষেই সম্ভব।

গ্রথমেণ্ট কয়েকটা কোম্পানীকে একছেত্র
ব্যবসা করবার অধিকার দিয়েছেন। বেমন
টাম কোম্পানী, ইলেক্ট্রক-সাপ্লাই, টেলিফোন
ইত্যাহি। বলা বাহুল্য কোম্পানীগুলি
ইংরেজদের; তারা যখন খুদী দাম বাড়ায়,
যাকে খুদা মাল দেয়, যাকে খুদা দেয়
না। দৃষ্টান্তম্বরূপ—টেলিফোন কোম্পানী
ধা কোরে দাম বাড়িয়ে দিলে, ট্রাম কোম্পানী
দাম বাড়িয়ে দিলে—এর বিক্লে করবার
তো যো কিছু নেই-ই বলবার কিছু আছে
কিনা সেইটে বিবেচ্য।

ট্রাম কোম্পানী যত মাজা-ভাঙ্গা ট্রাম দেশী পাড়ায় ঠেলে দিয়েছে। গাড়ী যথন মেডিকেল কলেজের ধার দিয়ে এক পাশে কাশ্লিক থেয়ে লক্বগ্ কোরে চলতে থাকে তথন মনে হয়, আজকের আপিদ-যাত্রা বৃথি
অগস্ত্য-যাত্রায় পরিণত হয়। কিন্তু—
করিবার কিছু নাই। বাড়ীতে আলোর
দরকার, ইলেক্ট্রিক-সাপ্লাইকে সংবাদ দেওয়া
হোলো। কবে তারা এসে আলোর বন্দোবস্ত
করবে সেই আশায় মাসের পর মাস, বছরের
পর বছর বসে থাকো, কারণ তাঁদের এখন
বড় অম্বিধা, মালপত্র নেই। তাদের
মালপত্র নেই এই জন্তু আমায় অম্বিধা
ভোগ করতে হবে। কারণ তারা ছাড়া আর
গতি নেই। এর বিশ্বন্ধে যভই বিলি না
কেন-করিবার কিছু নাই।

বাংলা দেশে থার। ব্যবস্থাপ্রক সভার
দেশোদ্ধার করতে গিখেছেন, তাঁদের প্রতি
অমুরোধ এই ধে, তাঁরা এই সব ছোট ছোট
বিষয়ে নজর দিয়ে দেশবাসীকে অমুবিধা
থেকে মুক্ত করুন। দেশ-উদ্ধার তাঁদের
আপাততঃ আর করতে হবে না, সে ভার
নাকি অল্ল শোকে নিয়েছে। এই ধে একছত্ত্র
ব্যবসা করবার অধিকার দিয়ে, সাধারণের
এই দারুণ অমুবিধার বিহিত কি হয় না ?

ইছেন সাজে সচিত্র মাসিক পত্রিকা



বাৰ্ষিক মূল্য ৫ পাঁচ টাকা প্ৰতি সংখ্যা 120 সাত আনা আজন্ত প্ৰান্তক ক্ৰিন

কার্য্যালয় ঃ---২২, অকিয়া ষ্ট্রীট, কলিকাতা।

শ্রেষ্ঠ গল্প কেথক শ্রীযুক্ত মণিলাল গঙ্গোপাধ্যায় প্রণীত

উপন্যাস

ম্বেন-ম্বেন

আট আনা

ভাগ্যচক্র

এক টাকা

ছোট গল্প

মভ্য়া

আট আনা

বাঁপি

আট আন৷

আলপনা

আট আনা

3

গল

পাপ ড়ি

এক টাকা

কম্পকথা

দৃশ আনা

জাপানী ফারুস


আট আনা

ঝুম্ঝুমি

আট আনা

ভারতীয় বিহুষী

আট আনা



সচিত্ৰ পাঞ্চিক পত্ৰ

কার্য্যালয় ২০৮া২এফ্ কর্পভয়ালিস্ ষ্ট্রীট, স্কুলিকাডা।

প্রতিসংখ্যা *

তক্তি আনা

वार्षिक भूगा २०

इरे है। का इरे चावा।



স্থ্যেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় প্রণীত স্বিখ্যাত সচিত্র প্রক



ভাবে, ভাষায়, চিজে, ছাপায়
অতুলনীয়।
বাংলার বি্যালয় সমূহে পুরস্কার পুস্তক
রূপে মনোনীত।

দেড় টাকা মাত্ৰ!

নামিকো

ৰাপানী উপস্থাস। অশ্ৰুসিক্ত কৰুণ প্ৰেমকাহিনী। এক টাকা মাত্ৰ।



চমৎকার জাপানী গলের বই আট আনা যাক্র।

গুরুদাস বাবুর দোকান, ইণ্ডিয়ান পাব্লিশিং হাউস্ প্রভৃতি প্রধান প্রদান প্রকালয়ে প্রাপ্রবা।

रेवठरेकत्र नियमावनी

বৈঠকের অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সহ হই টাকা হই আনা; ভি: পি: মাশুল সক্তম। প্রতি সংখ্যার জন্ম এক আনা। নমুনারও মূল্য লাগে। যে কোন সংখ্যা হচতে গ্রাহক হওয়া চলে। মূল্য সম্পাদকের নামে পাঠাইতে হয়!

রিপ্লাইকার্ড কিংবা টি।কট না পাঠাইলে কোন চিঠির জবাব দেওয়া সম্ভব ২য় না।

প্রবন্ধানি বৈঠকের হই পৃষ্ঠা বড় জোর
আড়াই পৃষ্ঠা অপেকা দীর্ঘ নাহর। টিকিট
পাঠাইলৈ প্রবন্ধ প্রকাশিত হুইবে কিনা
ভাষা কানানো হয়। মনোনীত ক্ষাবা
অমনোনীত প্রবন্ধ কেরত পাঠান হয় না।

বিজ্ঞাপন

মলাটের চারের পৃষ্ঠা প্রাক্ত সংখ্যা—৮ অহাক্ত পৃষ্ঠা প্রাক্ত সংখ্যা—৬ অর্দ্ধ পৃষ্ঠা—৩॥০

কণমের প্রতি ইঞ্চি একবৎসরের চুক্তিভে প্রতিসংখ্যা—১

কলমের প্রতি ইঞ্চি প্রতিসংখ্যা — ২ ্ বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয়

মানেজার বৈঠক
২০৮া২ এফ কর্গগুলালস খ্রীট, কলিকাতা।
এজেন্ট :—শ্রীপরেশনাথ মিত্র
১৩২নং বাগমাবি রোড, কলিকাতা।

পানতেই সে দাঁড়ী বাটখারা বার কোরে গাড়ুটা পালায় চড়িয়ে নানারকম হিসেব কোরে খড়িতে দাগ কেটে কেটে বামুনের ছেলেকে ব্ঝিয়ে দিলে যে, গাড়ুর ওজন এত, আর তলায় দীয়ে রাওঝাল ময়লা থাদ প্রভূতি বাদে এতটা ওজন কম পড়েতে। মতরাং আপনাকে আর সপ্তয়া চৌদ্দুজানা নগদ দিতে হবে, আপনি দীল্ল যান এই ক-ধানা পয়লা নিয়ে আম্বন, তা হোলেই আপনার গাড়ু এখনি বিক্রী হোয়ে যাবে, আর কোখাও বেতে হবে না।

ভর্করত্বের ছেলের যেন বাম দিয়ে জর ছাড়লো ৷ সে একটা স্বস্তির নিঃখাস ফেলে ষ্থন আনন্দিতচিঙে বাড়ী ফিরলো ভখন প্রায় বেলা বারটা বাজে! বাড়ী চুকতেই সে পিতাকে জানালে যে, গাড় বিক্রী করার সুমস্ত বস্পোবস্ত কোরে এসেছে কেবল আর সওয়া চৌদতানা প্রসা দিলেই কাজটা মিটে যায়, অতএব আপনি শিগ্গীর এই কয় আনা পরসাআমাকে দিন! তর্করত্ব মশার শুনে তো অবাক! ব্যাপারটা ঠিক ব্রাতে না পেরে তাকে খুঁটিয়ে খুঁটিয়ে দৰ জিজেন কোষে ধখন জান্তে পারলেন যে, গাড়্র তলার শীষে, ময়লা, রাঙ, খাদ, ইত্যাদি বাদ **पिरित्र कि निर्वार्ध अक्टान कम श्रृ**श्च रहाकानी रक ন্নর থেকে আরও কিছু দিতে হবে !—ভখন তিনি একেবারে অগ্নিশর্মা হোমে উঠে ছেলেকে रहांत्र जिल्ला करका शांत्रात संस्का सामा लोका न

করতে করতে কান ধরে গ্রন নতুন বাজারের বাসনগটিব লোকানটি দেখাবাব জ্ঞে ছপুর রোদে তেতে পুড়ে অনাহারে তাকে সংস্থ নিয়ে এসে, উপস্থিত হলেন তথ্য গোকানদার সেদিনের মতন দোকান বন্ধ কোরে বাড়ী চলে গেছে।

স্পায়কথা

ভারতবর্ষের দেন-পাওনা চুক্তি হ্বার অংগেই খ্যাতনামা ঔপস্থাসিক শীযুক্ত শ্রৎ চটোপাধ্যায় কংগ্রেসের দেনা-পাওনা চুকিরে হাত্যকৈ পতিহীনা করেছেন। কেন ধে তিনি এমন স্বয়হীনের মত কাজ কর্লেন তার একটা কৈফিয়ৎস্বরূপ তিনি বাংলা প্ররের কাগ**জে** চার কলম ঠাসা এক বকুতার নকল ছাপিয়েছেন। সেই স্থুত্ৎ কৈফিয়তেং সার মর্ম হচ্ছে—কলম্বনী হাওড়া টাকা চাঁদা দেয়না, আর এত কোরে বদার পরতে বলি তবু পরেনা, স্তরাং তার পতিগিবি করা (তবু সাক্ষাৎ পতি নয়। সভাপতি!) তাঁর চলবে না। কংগ্রেস চুলোয় যাক্, দেশ উচ্চলে যাক্, হাব্ড়া গঞ্চায় ভলিয়ে যাক্—তিনি আর এ অপদার্থ দেশের জ্ঞ বুথা পরিশ্রাষ করতে পার্কেন না। শরৎচক্রের দেশানুরাগ! যাক্, সে যাই ছোক্, এখন আমরা তাঁকে অমুরোধ করি যে, ভিনি

রাজ্যে বিচরণ করছিলেন, অবহিত চিত্তে ষেটাতাঁর ধাতে বেশ সহা হয়েছিল অর্থাৎ এগন সেই কাজ্ট ক্লন, ওস্ব হাজামায় যাওয়াই তাঁরে ভুল হয়েছিল।

বেশেয়ের প্রাসিদ্ধ ন্যারিষ্টার শীযুক্ত জয়াকর সাহেব অসহযোগ আন্দোলনে বোগ দিয়ে আদালতে যাওয়া বন্ধ করেছিলেন। সম্প্রতি তিনি আবার নিজের ব্যবসায় চুকে পড়েছেন। দেশের জয় আদাগত ছেড়ে দিয়ে আবার ৩েছে ধবার লজ্জা বোধাহয় তাঁকে মশ্মপীড়া দেয়েছিল তাই তিনেও সংবাদ-পত্রে শর্ৎচন্দ্রের মতই এক বালোকোচিত কৈফিয়ৎ প্রকাশ করেছেন। তিনি বলেন--অনেক্দিন থেকে আমার মনের বাসনা ছিল আমি দেশে একটি আদর্শ বিভালয় স্থাপন করবো। অসহযোগ আন্দোলন উপস্থিত হওয়ায় আমি আমার মনোবাঞ্চা পূর্ব হবার শুভ অবসর এসেছে মনে কোরে কাজ কর্ম ছেড়ে দিয়ে এই আন্দোলনে যোগ দিয়েছিলুম। কিন্তু হুর্ভাগ্য-ক্রমে আমার আশা পূর্ণ হোলোনা ৷ স্থতরাং অন্থ্ৰি চুপ কোৱে বদে সময় নষ্ট করার চেয়ে আমি আবার আমার পূর্ব্ব কাজে চুকে পড়াই শ্রেয় মনে করলুম, কেন না কংগ্রেস্ অসহযোগীদের জত্যে যে সবকাজ ঠিক করেছেন ভাআমার মনের বা মেজাজের অমুকুল নয়। আমি যে কাজ করতে ভালবাসি সে কাজ

্ব্যারিষ্টারি করা আবার ভাই স্থক্ত করেছেন। জয়কিরের জয়-জয়কার হোক।

পঞ্জাবের ভূতপূর্ব শাসনকর্তা যার্মাইকেল ওডায়ার সার শক্ষরণ নায়ারের নামে মানহানির নালিশ করবাব ভয় দেখিয়ে এক ভ্মৃকি ছেড়েছেন। কি হুদৈব ? শুন্ছি নাকি স্যুর্ শঙ্রন বোদ্ধায়ের সেই নর্ম গ্রম ত্-দলের মিটমাট সভার মহাত্ম নিকট যুক্তি তর্কে পরাস্ত হোমে সভাস্থল পরিভাগি কোরে চলে এসেই সেই রাগে আর অভিমানের প্রেরণায় "গান্ধী ও অরাজকতা" নামে যে বইথানি লিখে ফেলেছেন এবং ধার প্রত্যেক পরিচ্ছেদে তিনি প্রমাণ করবার বার্থ চেষ্টা করেছেন যে, গান্ধী প্রবর্ত্তিত এই অসহযোগ আন্দোলন ভারতে ভাতিবিধেষ রাজবিদোহ অরাজকতা ও উচ্ছুখালতার স্ষ্টিকরবে। সেই কথা বলতে গিয়ে তিনি তাঁর বইখানিতে অনিচ্ছাসত্তেও পাঞ্জাব সম্বন্ধে এমন জ্বনাৰ কথা লিখেছেন যাতে পাঞ্জাবের ভদানীস্তন শাসনকর্তা স্যর্মাইকেল ওডায়ার নিভেকে অপমানিত বোধ করেছেন ! তাই এই মামলার উৎপত্তি! অথচ আ্শ্চর্য্যের বিষয় সার্ শক্ষরণের মত সার মাইকেলও মহাত্মার গান্ধীর উদ্দেশ্রে পার্লামেণ্টে ষৎপরোনান্তি কটুক্তিও নিন্দা-লংকোজালাক কোলা আমাৰ গালে সমূলাককেবাং বালিকেবেকেন কেব মামলা বাঁগলো ভালেবই তজনের মধ্যে—এঁরা গুজুনেই মহজের লাঞ্নাকার্যো, পরস্পরের সভীর্থ! যাক্ এখন
যাড়ের শত্রু যদি বাবে মারে মক কি ?—


আইন অমান্ত করার অপরাথে প্রীযুক্ত
পণ্ডিত মদনমোহন মালবাকে এখনও গ্রেপ্তার
করা হয় নি। শুন্ছি বড়লাটের শাসন
পরিষদের কোনও একজন হোম্রা চোমরা সভ্য
ভয় দেখিয়েছেন বে, পণ্ডিতজাকে যদি গ্রেপ্তার
করা না হয় ভাহলে তিনি কাজে ইন্তকা
দেবেন! ঝাঝ দেখে মনে হয় সভাটি
সম্ভবতঃ বিলিতি। যাই হোক আমরা
হার পরিচয় জানশার জন্ত উৎস্ক

মহাত্মা গান্ধা কাংগগারে বন্দা।
ভারতের রাজনৈত্রক অবস্থা সম্বন্ধে কোনও
আলোচনা করা তাঁরে পক্ষে নিষেধ। সম্প্রতি
মহাত্মার পরিবারবর্গ তাঁর সঙ্গে জেলে দেখা
করতে গিয়ে ছলেন। মহাত্মান্ধী তাঁদের প্রথম
প্রশ্ন করেন—আমার 'লছমা' কেমন আছে
ইংরেল্পা 'তরুণ ভারত' পত্রিকা মহাত্মার এই
প্রশ্নের নিগুরু বাখ্যা কোরে বৃষ্ধেয়ে দিয়েছেন
যে, মহাত্মার এ প্রশ্নের অর্থ হঙ্গে ভারতের
সাতকোলী নিম্নশ্রেণার অস্পৃশ্র নরনারী কেমন
আছে
 তাদের কি ভারতবাসীর। নিজেদের
কাছে টেনে নিয়ে সমান স্নেহের চক্ষে দেখ্তে
শিপেছে, না এখনও তার। অনাদরে
মাজিষ্ট্রেট। অন্ধকারে ভূমি ছু-মাইল দুর থেকে দেখতে পেলে ৷ বল কি ৷

সাক্ষী! আজ্<u>রে অন্ধকারে আমি লক্ষ</u> লক্ষ মাইল দুরের জিনিষ দেখতে পাই। আকাশের একটি ভারাও আমার চোথে বাদ পড়ে না।

লভিকা। তোমার লকেটের মধ্যে কি আছে ভাই ?

মশিকা। আমার স্বামীর এক গোছা চুল।

লভিকা। দেকি। ভোমার স্বামী ভো বেঁচে আছেন।

মণিকা। স্বামী বেঁচে আছেন বটে কিন্তু তার মাণায় একটা গাছিও চুল নেই।

কর্ত্ত। ডাক্তার। দোহাই তোমার, আমায় বাংলা কোরে বৃঝিয়ে বলত বংবা, ধরেছিল সে মনে করলে দোকানের মালিক আমাৰ ব্যায়রাম্টা কি 🤊 ও তোমার শেড় গজী ইংরেজী নাম-টাম ছেড়ে দাও; একটু বল্লে—আজে না; লোকটাকে জোচোব সোজা কোরে বল যাতে ব্যাপারটা বুঝ্তে পারি !

ভাক্তার। সোজা কোরে বলতে গেলে জবাব পেলে মাল পাঠাবো! বল্তে হয় যে, তোমার ব্যায়রাম ফ্যায়রাম সকৈব মিথ্যে, আসল ব্যাপার হচ্ছে—ভূমি অন্ধণার রাত্তি, চারিদিক নিস্তব্ধ। শ্রেফ কুঁড়েমী কোরে কাছারী যাওগ বন্ধ বাড়ীতেও দেদিন লোকজন কেউছিল না। করেছো [

গিন্নী শুন্তে পাবে ! ইাা ভাল কথা ! ব্যাধ্রামের ইংরিজি নামটা কি বল্লে ? বলত ভাই, মুখস্ত কোরে বাধি দেটা গিলাকে তো বলুতে হবে !

মফঃস্থলের একজন বাবসাদার কল্কাভায় এসে একটা বড় দ্যেকানে চুকে অনেক টাকার মাল অর্ডার দিয়ে আসে, আর বলে আদে জিনিসগুলো আজই পঢ়াক কোরে ধেন ভিঃ পিঃ তে পাঠিয়ে দেওয়া হয়। ভারপর সমস্তদিন অন্ত কাজকর্ম সেরে সদ্ধো নাগাদ বাড়ী ফেরবার মুখে তিনি এক বন্ধুর বাড়ী (थटक ८१३ (एकारन छिलिएकान ८कारत জিজেদ্ করলেন—সকালে অমুক ভারগায় যে বড় অর্ডারটা ছিল সেটা আৰু প্যাকৃ কোরে পাঠানো হয়েছে কি 🤋

দোকাৰের যে কর্মচারী টেলিফোন বোধহয় খবরটা জান্তে চাইছেন, তাই সে বলে সন্দেহ হচ্ছে। আমরা দেখানে আমাদের এজেণ্টকে 'ভার' করেছি, সেখান থেকে

ভাগ্যলক্ষী স্থপ্রসন্না মনে কোরে চোরটা এ-ঘর কঠা। আরে চুপ্! তথনি ও-ঘর খুরে যা পেলে নিয়ে যথন বড়ঘরের

লোহার সিন্ধুক খুলে রূপোর বাসনগুলো বার কোরে চাদরে বাঁধছে সেই সমর হঠাৎ পেছন থেকে কে এসে সজোরে তার হাত ছ-খানা চেপে ধবলে। চোর চম্কে উঠে অরুকারের ভেতর বতদূর সাধ্য চেয়ে দেখলে—ভূত প্রেত নয়, একটা লখা-চৌড়া লোক বলে মনে হচ্ছে!

ভাবে বল্লে বন্ধু। কেন ভোমার এ পাপ
মতিগতি হোলো? আমার যথাসক্ষর তুমি
আঙ্গ চ্রি কোরে নিয়ে যাচ্চ, কিন্তু ভেবে
দেখেছো কি বন্ধু যে, তোমায় বদি আমি
এখন পুলিশু ডেকে ধরিয়ে দিই ভোমার
জেল হবে আর ভেলে গেলে তথন
ভোমার স্ত্রী-পুত্রের কি চ্র্দিশা হবে ?

চোরের হাত থেকে রূপোর বাসন ক-থানা ঝন্ঝন্ কোরে পড়ে গেল !

লোকটা বলতে লাগল—এ অধর্মের পথ ভাগে কর ভাই, নইলে পরিণামে ভারে কষ্ট পাবে!—আমি ভোমার অনিষ্ট করতে চাইনি, ভোমাকে আমি সর্কান্তঃকরণে ক্ষমা করচি। যদি ভোমার একান্তই অভাব হোয়ে পাকে বন্ধু, ভাহলে আমি ভোমায় প্রশাস্ত মনে অনুমতি দিছিত তুমি ভোমার পছল-মত যে কোন একটা জিনিস আমার কাছ থেকে উপহার-স্বরূপ নিয়ে এথনি এখান থেকে পালাও!

এই বলে লোকটা চোরকে ছেড়ে দিলে।

চোর আর কোন বিক্জি না কোরে শুধু. হাতেই তৎক্ষণাৎ বর থেকে ছুটে বেরিয়ে পড়ে পাঁচিল টপ্কে পালিয়ে গেল!

শ্বা চৌড়া শোকটি তথন মৃত্ হেসে সিন্দুক থালি কোরে বাকি জিনিসগুলো বার কোরে নিয়ে সেই চাদরেই বেশ গুছিয়ে বেঁধে পিটের ওপর তুলে পিটান দিলে!

ছুটো খবর

তিমির শরীরের এক একটা হাড় ত্-ফুট পর্যাস্ত চওড়া হয়।

লাপ্তন সহবে ছ-বছর বয়স হয়-নি এমন একলক শিশু প্রভাহ কুলে যায়।

এশফ্রেডের রাজত্বকালে ইংলতে মোম-বাতি জালিরে ঘড়ির কাজ চালান হোতো। চবিশে ঘণ্টা জলে এমন বাতি তৈয়ে কোরে বাতিতে ঘণ্টা হিদাবে দাগ থাকতো।

জার্মানিতে প্রতি পাঁচ বছৰ অন্তর শোক গোনা হয়। ইংলওে লোক গোনা হয় দশ বছর অন্তর।

্ হাতীর তাঁড়ে চল্লিশ হাজার মাংসপেশী আছে। মাহুষের দেহের সমস্ত মাংসপেশীর সংখ্যা পাঁচশো-সাতাস। পরীক্ষা কোরে দেখতে পাওয়া গেছে যে, গ্রীম্মকালে লাল-রংয়ের বোতলে হুধ রাখলে শীঘ্র নষ্ট হয় না। শাদা অর্থাৎ বার কোনো রং নেই সে রকম বোতলে গ্রাম্মকালে হুধ রাথলে খুব তাড়াতাড়ি নষ্ট হোরে যায়।

সম্প্রতি মার্কিণ যুক্ত-প্রদেশে একজন বিমান-বীর চবিবেশ হাজার তুশো ছয় কুট ওপর থেকে পারাস্থটে চড়ে নীচে নেমে-ছিলেন। মাটিওে নামতে তাঁর আধ্বন্টা সময় লেগেছিল। যেথানে তিনি উড়ো জাহাজ থেকে লাফিয়ে ছিলেন ঠিক তার পঁচিশ মাইল দুরে তিনি মাটিতে পা দিরে-ছিলেন।

সম্প্রতি লগুনের পুলিশ-আদালতে এক বুদ্ধা কোন এক অপরাধে অভিযুক্ত হয়েছিল। বিচারের সময় টের পাওয়া গেল যে, ইতিপূর্বে ভিন্ন ভিন্ন অপরাধে অভিযুক্ত হোয়ে তাকে আড়াই-শো বার আদালতে আসতে হয়েছে।

আনেয়ার পাশা

এ পাতার কার ছবি দেখছেন
কানেন

ভানেন

ভানিন

ভানিন

ছিল, ভখন ইংরেঞ্চ দলের আয়ান প্রভৃতি বড় বড় সেনাপতির আকেল গুড়ুম্ হোয়ে গিয়ে-ছিল, তাঁরা চোধে সর্ধে-ফুল দেখেছিলেন। জার্মানীর নামজাদা ভাঁদরেল হিভেনবার্গ নিজের জীবনচরিতে লিখেছেন, আনোয়ার অসাধারণ বীর, লড়াই চালাবার তাঁব যে ক্ষিকির-ফন্দী, তার তুলনা নেই। এই আনোরারের হাতিয়ারের জোরেই তুরস্কে পেচছাচার-ভক্ত চূর্ণ হোয়ে যায় --- ১৯০১ সালে আৰুল হামিদ অর্দ্ধচন্ত থেয়ে সরে পড়েন। ১৯১১ সালে মনে পড়ে সেই ত্রিপোলিতে তুকীর সঙ্গে ইটালীর লড়াইয়ের কথা। আনোরার দেখ সিনোসীর সঙ্গে যোগ দিয়ে ইটালীকে কি নাস্তানাবুদই না কোরে দিলেন, সে কাণ্ড দেখে মিশরে থেকে ইংরেজদের মহাকল্প ! 270 भारन বন্ধান সময় বুলগাবেরা বড় বাড়াবাড়ি আৰম্ভ া কর্তে থাকে—অভিয়ানোপল দথল কোরে ভাদের আফাণন কি! আনোরার অমনি ছুটে গিয়ে আদিয়ানোপলে হাজির ! পর্কতের শৃঙ্গে যেন সহসা প্রকাশা বুলগার-বাহিনীর অমনই পৃষ্ঠভঙ্গ তারা ভ্যাবা-চ্যাকা পিট্টান। ইউবোপের বড় যুদ্ধ্যা শেষ হবার পর থেকে আনোয়ারের সম্বন্ধে যে সব থবর পাওয়া যাহিংল তা বড়হ গোলমেলে ৷ যিন এতকাল ভাগাত, জামাল, কামালের সাথে গলাগাল কোৰে চলেছেন, তিনি কেন ধে জামালের দলে যোগ দিন নি,—তা বুবো



पारनात्रात्र भाषा

ওঠা যায় না ৷ বাপেরিটার ভেতরে যাই থাক্ কামালের সঙ্গে অন্তরে অন্তরে খানেয়ারের বড় যে অনিল ছিল—তা মনে হয় না৷ জুন মুদ্দেও নাকি উন্মিয়া বলে একটা জায়গাতে **কাশাশে-আনোয়ারে সঞ্জি হোরে গিয়েছিল।** পৰ মধ্যেই থবৰ এলো যে,যিনি নোলশেভিক-দের হাতে মারা পড়েছেন কেউ বলছেন— বোধারায়, কেউ বলভেন—কাম্পিয়ান হ্রদের পশ্চিমে পেট্রোৎস্কে। ব্যাপারটা এখনও ঠিক বুঝাতে পারা যাজে না া সোমালীব পাগকা মোলার, সিনৌগার, লেনিনের এক কথায় ইংরেজের সঙ্গে ধাদের ভাগে ভাব নাই, তাদের মববার ধ্বর রয়টারের মার্ফ্ড--मिटन मर्भवात्र अटिं शेटक, व्यादनायाद्यत्र মরার পবরের মধ্যে তেমন কিছু মাহাত্ম্য আছে কিনা বলা ধায় না—পাক্লে অবস্থা সেটা চাপা থাক্বে না — প্রকাশ হবেই, মাঝে থেকে আনোয়ারের আয়ু-কালটা আরও বেড়ে যাবে—যারা এমন ধবর রটিয়েছিল তার ভাগ মাকেশ পানে আর কি !

বাৎলা দেশে 'বেরিবেরির' প্রাত্তাব কেন ?

এসিয়াটিক সোসাইটির এক সন্তার কলিকাতা মেডিক্যাল কলেজের মেজর এক্টন্ বঙ্গদেশে বেরি বেরি (Epidemic Dropsy) বোগের মূল কারণ সম্বন্ধে এক প্রাবন্ধ পাঠ করেছেন। তিনি বলেন রোগটি বিশেষভাবে অরাহারী মধাবিত্ত বাঙালী হিন্দুর
ঘরেই দেখা যায়। ঐ শ্রেণীর লোক 'বাসমাতি'
চাল বলে করকম চাল সাধারণতঃ
বাবহার কবে। ঐ 'বাসমাতি' চালই নাকি
উক্ত রোগের মূল; ঐ চাল বারা খায়
না তাদের মধাে এই রোগাও নাই। অতি
দরিদ্র লোকে নতুন চাল ধায় আর ধনী
যারা তারা বাসমভির' চেয়ে ভাল চাল খায়
কাজেই তারা কেউ ওই রোগে
ভাগেনা।

মেজর এক্টন আবিষ্ণার করেছেন যে, জৈাঠ থেকে ভাজ মাদের মধ্যে ঐ চালে একরকম ছাতাধরে আর গুটি বেঁধে যায়। তা থেকে একরকম নিষ্ট উৎপন্ন হয়। ঐ চাল পেকে দেই বিষ ধার কোরে মেজর সাহেব পরীক্ষা কোরে জেনেছেন যে, ঐ বিষ বুকের পেশীতে সংক্রামিত হোয়ে ঐ বোগ সাধারণতঃ ওই চাল ছ-বছরের क्यांत्र । পুরাণো অবস্থায় বাজাবে পাওয়া যায়; দাম বেশী হবার আশা থাকলে আড্তদার চাল তিন চার বছরের পুরানোও করে; যতই পুরাণ হয় এ চাল তত্ই বিষাক্ত হয়। আবার মেজর সাহেব বলেন কলিকা হার চেয়ে হাবড়ার দিকে লোকে এহ রোগে বেশা ভোগে কাৰণ নৌকোয় যেতে আসতে চালে আরও বেশী ছাতা ধরে; ধনী লোকে এ চাল ব্যবহার

করলেও তাদেব বোগের ভয় থাকে না কারণ তাদের চাল চূণ, এরারুটের গুঁড়ো ইত্যাদি দিয়ে স্তর্কিত থাকে আর গুবাবদের ত কথাই নেই। তারা সর্বদা নতুন চাল বাবহার করে; সে চালে বিষ জন্মতেই পায় না। কাজেই এ বোগ যত এই কেরাণী জাতের মধ্যবিত্ত লোকের ঘরে।

আবেমাদ-প্রবেমাদ বাংলা থিয়েটার

বাংলা থিয়েটারের জীবনে একটা শক্ষিক্ষণ আসিগতে। যে পথে সে এখন চ'লয়াছে, সে পথে আব কিছুদ্র চলিলে ভাগর বিনাশ অবশ্রস্তাবী। এ-পথ তাহাকে ছাড়িতেই হইবে,—নহিলে বায়োস্কেপের ধ্যকায় সে টি কৈতেই পাধিবে না।

বাংলা থিয়েটারের অঙ্গ জীর্ণ—যে স্ব ছাই-পাঁশ উপরের কভারে 'নাটক' ছাপ মারিয়া বাংলা থিয়েটারের বুকে উড়িয়া বেড়াইভেছে সেগুলা দর্শকের চোথে ও মনে দক্ষরমত পীড়া জন্মাইভেছে। পশ্চিমে হাপ্তরায় বাঙালার স্বভাবের ঢিলা ঢালা ভাব কমিরা আটসাট হইতেছে, বাঙালীর জীবনের গতিও ফ্রুচঞ্চল হইয়া উঠিয়াছে। পশ্চিমে হাও্যায় ভাগার চিত্তের যত ক্ষ ধার-জানলা খুলিয়া যাইভেছে এখন চিত্তের খোরাক জোগানো কি ঐ স্ব বস্তা-প্রচা রদি-মালের কর্মা। বাঙালী চার নাটকে এখন মামুরের চিত্তবৃত্তির
সঠি চ বিকাশ বক্তে মাংসে গড়া মামুরের চিত্তে
ক্রথ-ছঃথের যে লীলা চলিয়াছে, প্রেমে, মমতার
ছিংসা-স্থার্থে যে সম্বন্ধ চলিয়াছে তাহারই
ক্রমণ প্রকাশ দেখিতে। গগনভেদী বক্তৃতাকে
বাঙালী আর অভিনর বলিয়া মানিতে চার
না। বাংগ্রাস্থােশের কল্যাণে অভিনর
বস্তুটা বে কি, বাঙালী তাহা বেশ ব্যায়াছে।
কিন্তু বাঙলা থিরেটার সে বস্তুটা দিতে
পারিতেছে না। তার কারণ থিরেটারে
ক্ষভিনেতা নাই।

অভিনেতা নাই, এত বড় কথাটা শুনিতে একটু ধোকা লাগে। সেকালের অভিনেতা নাই, একমাত্র শ্রীমতা তারাস্থলনীর সম্বন্ধে বলা বায়, তারাস্থলনী মে-কোন ষ্টেজের গোরব, গর্মা। কিন্তু তা হইলে কি হয়—তিনি খুব কমই এখন ষ্টেজে অবতীর্ণ হন্। তাহার যোগা ভূমিকা আজ-কালকার কেতাবে দেখিতে পাই-না। তাঁহাকে ধরিয়া বিদ্যক সাজানো হইতেছে এবং পুরুষের ভূমিকা তাহার মাড়ে যথেষ্ঠভাবে চাপানো হইতেছে—তাহার কলে তাঁহার অপমান হুইতেছে নানালিক দিয়া। ইহাতে এমন বেমানান্ বৈসদৃশ্রের অবতাহলা ইইতেছে যে, সে আর কহু এবা নয়।

ভাগার চিত্তের যত রুদ্ধ ধার-জানলা থুলিয়। শ্রীমতী তারাস্থলরীর পর শ্রীযুক্ত সুরেম্রনাথ যাইতেছে এখন চিত্তের খোরাক জোগানো ধোষের নাম (দানিবারু) উল্লেখযোগ্য। কিন্তু কি ঐ সব বস্তা-পচা রদি-মালের কর্মা। তিনিও তেমন বই পাইতেছেন না। রাবিশ

লইয়া **উহিচকে ধ্**লাথেলা করিতে হইভেছে। মাত্র।

তিনজন শিক্ষিত শক্তিশালা অভিনেতা
বাংশা রঙ্গমঞ্চে অবভার্থ হ্লগাছিলেন,—
শীমুক্ত শিশিরকুমার ভাত্তী এম, এ,
শীমুক্ত নরেশচক্ত মিত্র বি এল ও প্রীযুক্ত
রাধিকানন্দ মুখোপাধাায়। কিন্তু তাঁহারা
থিয়েটার ছাড়িয়া দিয়াছেন। ইঁহারা প্রেজে
নামিয়া জনেকথানি আশার সঞ্চার করিয়া
ভূলিয়াছিলেন, ইহাদের সংস্পর্শে প্রেজের গাঁত
ফিরিবে ভাবিয়াছিলাম, কিন্তু তাঁহারা যথন
থিয়েটার ছাড়িয়া দিয়াছেন, তথন প্রেজ আবার
বাহা,ছিল তাহাই রহিয়া গেল।

আর একটি অভিনেতার নাম করা বাইতে পারে বিনি Expressionist হিসাবে পুব উচ্ দরের অভিনয় দেখাইতেছেন। ইহার নাম শ্রীবৃক্ত কার্ত্তিকচক্র দে। খাস্ তারণর প্রেজ মধ্যের লীলাভূমি।

ই হারা ছাড়া আর যে-দব বাজি আছ- ভ নেতার পোষাক আঁটিয়া জাঁকালো হবফে সন নাম ছাপাইয়া ষ্টেকে নল্লক্রাড়া করিয়া উ বেড়াইডেছেন, তাঁহাদিগকে অভিনেতা না ক বিলিয়া মলবীর বলিলেই ঠিক হয়—কারণ বর্ অভিনয়-জলীর সহিত ই হাদের বিন্দুমাল পরিচয় বে নাই—ই হারা জানেন তথু গলাবালী। এই দশ্ বিলাটা তাঁহারা প্রাণপনে সাধিয়াতেন মা ববংএই গলাবাজির জোরেই হাহারা বর্ টিকিয়া আছেন। এ-সব ক্সরৎ

দেকাল *হইলে* অবাধে চলিতে পারিত এখন কিন্তু অচল হটয়া পড়িতেছে। তার মানে সাধারণ দর্শকও এখন বাসোকোপে অভিনয়-ভঙ্গী দেখিয়া দেখিয়া আলোর সকান পাইয়াছে। বায়স্কোপের অভিনয়ে হর্ষ বিষাদের থেলা মাকুষের মুধ চোথে অপরপ লালায় কৃটিতে দেখিরা তাহারা ব্রিয়াছে অভিনয় বস্তুটা গলাবাজিরই রূপান্তর সয়—ভাহার মধ্যে রীতিমত কলা-কৌশল আছে। দেজভ থিয়েটারের ঐ সকল ফাঁকি **এখ**ন তাহাদের চোধেও দস্তরমত ধরা পড়িতেছে। তাই বাংলা থিয়েটার প্রতি স্থাহে নৃতন নৃতন বই খুলিয়া, ছেঁড়া কানির তালী লাগানো হরেক রকম দুখাণট আরি পোষাকের জাক এমকেও দর্শককে বাঁধিয়া রাখিতে পারিতেছে না। ওধারে বইরের গলকও অল নয়। বাতা বই খুলিয়া থিয়েটার ওয়ালারা অসাধ্য সাধনে রত ভ্ৰুৱাড়েন অভিবিক্ত Sensation চুকাইয়া ভব্যভাব ম্থায় লাঠি মারিয়া দর্শকের মন ত তাঁহার৷ আয়ত্ত করিতেছেনই না, উপরস্ত বিরক্তির বিধে দর্শকের মন বিষাক্ত করিয়া ভূগেভেছেন। বইগুলার এবং সে-স্ব বইয়ে অভিনয়ের ফাকি আমরা সময়স্তেরে (तभ काद्रया (कथाहेया कित। **এ সব क**ांकिरक দৰ্শক ভাঙাৰ অনুভূতিকে অপমান ৰলিয়াই মনে করে। তাই থিয়েটারের প্রতি সে ব:তশ্রনা হইয়া পড়িতেছে।

থিয়ে গ্রের এমনি করিয়া তুর্গন্ধে ভরা যে

দ্বিত বাপা অল্লে অলে তিলে তিলে নিতা জমিয়া উঠিতেছে, এ গন্ধ চারিদিককার আবহাওয়াকে পর্যাস্ত কলুষিত করিতেছে এবং এ বাপা আব্যে গাঢ় হহয়া উঠিলে বাংলা থিয়েটার এই বাপোর বেগের একদিন ফাটিয়া যাইবে।

আজ এই দ্বিত বাষ্পের উল্লেখমাত্র. করিলাম। বারাস্তরে এ বাষ্পা কি করিয়া জনিতেছে, কিনে দূর হয় ভাহার সবিস্তার আলোচনা করিব।

রঙ্গর বিজ

আমাদের সমাজ

ি এই নিবল্ধে আমাদের সামাজিক সংবাদ থাকবে।
কি রকম সংবাদ থাকবে ডা পাঠকেরা নাচের সংবাদ
কর্মী দেপলেই বুঝতে পারবেন। আমরা সাধারবের
কাছ থেকে এই শ্রেণীর সামাজিক সংবাদ চাইছি; যদি
কেউ অসুগ্রহ কোরে দেন তা হোলে আমরা আনন্দের
সক্ষে তা পত্রহ করব। বর্জমান ক্ষেত্রে মানা কারণে
আমরা নাম ধাম প্রকাশ করতে পারছি না। ভবিব্যতে
সম্ভব হোলে তাও প্রকাশ করবো। দুর্ণীতি প্রচার
করা আমাদের উদ্দেশ্য নয়, দুর্ণীতি দূর করাই আমাদের
উদ্দেশ্য। এবারে যতগুলি সংবাদ দেওয়া যাচেছ তার সব
কটি সম্বন্ধে আমরা ব্যোজ নিয়েছি এবং সেগুলিতে কোন
মিথার অবভারণা নাই। বৈঃ সঃ

১। কলকাতা সংরের একটি সম্পন্ন লোক সম্প্রতি হাওয়া থেতে সন্ত্রীক বিদেশে গিয়েছিলেন। ভদ্রলোকটি নিঃসন্তান। বিদেশে একলা থাকতে ভাল লাগে না বলে কলকাতা থেকে মাঝে মাঝে ত্ত-এক জন বন্ধু ঠার কাছে গিয়ে থাকেন। এই রকম চলছে,
এমন সমন্ত্র কলকাতা থেকে ভদুলোকটিব
এক বন্ধু সেথানে গিয়ে হাজিব হোলো। বন্ধুটি
ভদ্রলোকের পারিবারিক বন্ধু। সে তাঁর স্ত্রাকে
মাসীমা বলতো। বন্ধু কিছুদিন তাঁর বাসায়
আছে এমন সমন্ত্র ভদ্রলোকটিব কর্মাহল
থেকে টেলিগ্রাম এলো—"তার পাওয়া মাত্র
শীঘ্র চলে এস, বিশেষ প্রয়োজন আছে।"

হঠাৎ এই অপ্রত্যাশিত টেলিগ্রাম পেরে ভদ্রগোক ব্যতিব্যস্ত হোমে পড়লেন, শেষে উপায়াস্থর না থাকায় স্ত্রীকে সেই বন্ধটির জিন্মার রেথে ছ-দিনের জন্ম কলকাতার চলে গেলেন।

এদিকে বন্ধুটি সেইদিনই সন্ধ্যাবেলা ভদ্ৰ শেকের বাড়ীর চাকরদের বল্লে যে, তার বাড়া থেকে এখুনি চলে যাবার জন্ম তার এদেছে, দেখানে বিশেষ বিপদ উপস্থিত। এখন উপায়! বন্ধু চাকরদের বোঝালেন বে, ভাদের মাঠাকরণকৈ এথানে একলা ফেলে যাওয়াটা ঠিক হবে না। অভএব তিনি তাঁকেও কলকাতায় নিয়ে চল্লেন। সেথানে বাবুর বাড়ীতে তাঁকে পৌছে দিয়ে নিজের বাড়া চলে সেইদিনই সন্ধোর এক ট্রেণে তাদের তুলে নিয়ে এল৷ এদিকে সেই ভদ্ৰলোক কলকাতা থেকে সেখানে গিয়ে বন্ধ ও স্ত্রীকে বাড়ীতে না দেখে ও চাকরদের কাছে সমস্ত ব্যাপার শুনে মাধায় হাত দিয়ে বসে পড়লেন। তিনি ভখুনি

তাদের ধরবার বন্দোবস্ত করতে লাগলেন। পুলিশ ভাদের সন্ধানে বালি, বেলগেছে, <u>শেওড়াপুলি প্রভৃতি করেকটা কার</u>সার ধাওয়া করেছিল; কিন্তু সৰ জায়গা থেকেই তারা পুলিশের চোথে ধূলো দিরে পলায়ন করেছে। এথনো তারা ধরা পড়েনি। ধরা পড়লে বোধ হয় একটা জঘত ওকমের মামলা হবে। যদি নামলা হয় সেক্ত নামলার আগে আমরা এখন এই ব্যাপারের ওপর কোনো রক্ষ মন্তব্য করতে পারছি না।

২। একটি উচ্চবর্ণের ভদ্রগোক, বাড়ী কলকাভার **বামা**–দ্রীতে বেশ সুথেই ঘৰকরা চলছিল, হঠাৎ এক চামারের মেরের সংসারে অশান্তির স্ত্রপাত ভোতে ভারস্ত করেন। স্তা প্রকেন মার অর্থাৎ তাঁর হয়। থোকটা চামারের মেয়েটিকে কলকা তা থেকে নিয়ে গিয়ে কাছেই এক বাগানে রেথেছে। ক্রমে বাডীতে আসা ক্ষে থেতে লাগলো এবং সেইখানেই আহারাদির ব্যবস্থা হোলো, শেষে বিবাহিত স্ত্রী থেতে পায় না এমন অবস্থা দীড়াতে অবশেষে স্ত্রীকে থোরপোষের জন্ম আদালতের দাগস্থ হোতে হয়েছে। মাম্পা এথনও শেষ হয়-নি। পোনা যাচেছ এ-ব্যাপারের সঙ্গে অনেক রহস্ত জড়িত আছে। এর ফলাফল পরে আমতা পাঠকদের। জানাবো ৷

কলকাতার ফিরে এসে ভিটেক্টিভ লাগিরে স্বামী-স্ত্রাক্তে বনিবনাও কোবে চলাটাই সঙ্গত। কিন্তু স্থামী স্ত্রীতে বনিবনাও হজেই না এমন বটনা ঘটাও অসম্ভব নয়। স্বামীর যৰি স্ত্ৰীকে আৰু ভাল না লাগে এবং দেই সামী যদি অক্ত রমণীতে সাসক্ত হয়, তা হোলে হিন্দু স্ত্রীর পক্ষে তার প্রতিবিধান করবার কোনো ব্যবস্থা নাই। এক্ষেত্রে বিবাহ বন্ধন ছেদন করবার বাবস্থা হওয়াই উচিত। স্বামী যদি বিবাহিত জীবনের মর্যাদা না রাথে তা হোলে জ্রীই বা সে মর্যাদা রাখতে বাধ্য থাকবে কেন্দ্র অসভ্য বর্ষরদের দেশে এ রকম নিংম থাকতে পারে কিন্তু বর্তমান যুগে কোনো সভ্যদেশে এ রক্ম নিয়ম চলতে পারে না।

প্রতি লোকটির একটু নেক-নজর হওয়ায় ৩। কোনো ভদ্রলোক বিদেশে চাকরী খাওড়ীর কাছে। শাওড়ীর চরিত্র ভাল নয়, জামাইয়ের অনুপশ্বির স্থোপে এই রমণী ভার কভাকে দিয়ে অসহপায়ে অর্থ উপার্জন করাতে থাকে। কলা প্রথমে মার প্রস্তাবে অভ্যস্ত আপত্তি জানিয়েছিল কিছ পরে তার আপত্তি টে'কে-নি। কিছুদিন পরে স্বামী ফিরে এসে স্ত্রীকে কর্মস্থলে নিয়ে ষেতে চাওয়ায় স্ত্রী স্বামীকে বল্লে—স্বামি চরিত্র-হীনা, আমার সঙ্গে তোমার কোনো সম্বন্ধ রাথা উচিত নয়। তুমি আমাকে নিতে এসো না। স্বামী স্ত্রীর কথা বিশ্বাস না কোরে ভাকে তার সঙ্গে বাধার জন্ত বোঝাতে পাকে কিছ শ্রী থালি বলতে থাকে যে— আমি গেলে আমার স্পর্শে ভোষার শান্তিময় গৃহ কল্ধিত হবে, ভূমি আমার ভাগে কর।

অবশেষে ভার খাশুড়ী এসে ভাকে বল্লে যে, এখন যাওয়া হবে না

স্বামী মনে করলে বোধ হয় স্বাশুড়ীর জন্তুই তার স্ত্রী তার সঙ্গে থেতে চাইছে না। এই ভেবে সে স্ত্রীকে সঙ্গে নিয়ে যাবার অধিকারের জন্তু আদালতের আশ্রয় গ্রহণ করে।

মকলমার দিন স্ত্রী আদালতে নাজিরে সকলের সামনেই জোর গলায় বলে দিলে— আমি অসতী, আমার স্বামী আমার নিয়ে পোলে তাঁর গৃহ কলক্ষিত হোয়ে বাবে।

ত্রীর মুখে এই কথা শুনে স্বামী আদা- গন্ধ ভাততে থাকে। এই গন্ধ পোলেই লাভের মধ্যে অজ্ঞান হোয়ে পড়ে যায়। মাছরা দব জ্ঞালের ওপারে ভেদে ওঠে; কিন্তু মুর্চ্চা অস্তে দে মামলা তুলে নিয়ে আদালত কিছুক্ষণ পরেই তারা এলিয়ে পড়ে; তথন থেকেই কোথার চলে গিয়েছে তার কোনো তারা একটি একটি কোরে মাছগুলি তুলে থোঁক নাই।

স্ত্রীর বয়স বেশী নয়, এখনও তাকে
বালিকা বলাও চলে। বালিকা একেবারে
আশিকিতা, সুশিক্ষা দুরের কথা, সে তার
অননীর কাছ থেকে কুশিক্ষাই পেয়ে এসেছে।
উপযুক্ত শিক্ষা পেলে সে তার মার প্রস্তাবে
কিছুতেই সম্মৃত হোতো না, অন্তত ব্যাপারটা
যে এডদুর গড়াতো না সে বিষয় নিশ্চয়
কোরে বলা যেতে পারে। যারা বলেন যে

নারীকে উচ্চশিকা দেওয়া উচিত নয় এ বিষয়ে তাঁদের কি বলবার আছে তা আমরা শুনতে চাই।

ওযুধ দিয়ে মাচ ধরা

মাজ ধধার জন্ত নানাদেশে নানারকম ফন্দি-ফিকির আছে, কিন্ত ওবধ দিয়ে মাছ ধরার কথা আপনারা কেউ শুনেছেন কি •

মালর উপদীপের লোকেরা এক মজার কারদার মান্ত ধরে। তারা সেই দেশের ত্র-রকম গাছ কেটে তা থেকে রস বার করে, তারপর সেই মিশ্রিত রস নদীতে ফেলে দের। ফিনাইলে জল দিলে বেমন জল শাদা হোয়ে যার, এই রসও জলে পড়লে ঠিক তেমনি শাদা হর আর এক রকম ভীব্র গান্ধ ভাড়তে থাকে। এই গন্ধ পেলেই মাছরা সব জলের ওপরে ভেসে ওঠে; কিন্তু কিছুক্তণ পরেই তারা এলিয়ে পড়ে; তথন তারা একটি একটি কোরে মাছগুলি তুলে নিয়ে ঘরে চলে যায়।

নদীর জলে এই রস দেওয়ার পর ছ-ভিন দিন পর্যান্ত ভারা কেউ নদীর জল ব্যবহার করে না।

টাইগ্রিস নদীতে খুব বড় বড় মাছ পাওয়া যায়। কিন্তু আরবরা এই সব মাছ ধরবার জন্ম ছিপ্ কিংবা বঁড়শী ব্যবহার করে না। ঘণ্টার পর ঘণ্টা রোদে পুড়ে কিংবা জলে ভিজে ফংনার দিকে চেয়ে থাকা তাদের পোষার না। তারা ময়দার সঙ্গে বেশ থানিকটা আফিম মিশিয়ে তাল পাকিয়ে জলে ফেলে ফেলে দেয়। যে মাছ এসে টোপ গিলবে তার মৃত্যু অনিবার্যা। তারণর মরা মাছ যথন জলের ওপর ভেসে ওঠে তথন তারা দেগুলিকে তুলে নিয়ে আসে। আরবে প্রায় তিন হাজার বছর থেকে এই প্রথাতেই মাছ ধরা চলে আসছে।

বাবু-ঘড়ির বিপদ

হাতে বাধা ঘড়ির (wrist watch)
রেওয়াল আজকাল আমাদের দেশে খুবট
বৈড়েছে। কিন্ত হাতে ঘড়ি বাধার বিপদ
আছে; যারা এই ঘড়ি বাবহার করেন তাঁদের
সেটা জেনে রাখা কর্তবা।

কথনো ষড়ির চামড়া খুব কবে বাঁধবেন
না। কাজতে কতকগুলি স্নায়ু আছে যারা
বেশী অত্যাচার সহা করতে পারে না।
প্রতাহ সমস্ত দিন যদি চামড়া কিংবা নেকড়ায়
সেই স্নায়ুগুলিকে বেশ কোরে বেঁধে রাখা
হয়, তা হোলে এক রকম স্নায়নিক ব্যাধি
(Neutritis) জন্মায়। এই ব্যাধি অত্যন্ত
যন্ত্রণাদায়ক। প্রথমে কজিতে একটু একটু
ব্যথা হয়, কিন্তু ক্রমেই ব্যথা বাড়তে
থাকে। শেষে ব্যথা প্রায় বগল অবধি

অনেকে বলতে পারেন যে, তিনি বছদিন ধরে ক্ষে হাত-বড়ি বাঁখছেন কিন্তু কিছুই হয়

নি। কিন্তু এতদিন হয়-নি বলে যে কথনো হবে না তার কোন ঠিক ঠিকানা নাই। এ বিষয়ে সকলেরই সাবধান হওয়া কর্তব্য।

স্পষ্ট কথা

প্রাক্ষাশায়ারের প্রমঞ্জীবীরা সম্প্রতি

এক সভা কোরে জানিয়েছেন যে, ভারতবাসীদের আরও বিস্তৃতভাবে রাজনৈতিক
অধিকার দেওয়া হোক। তাঁদের বিশ্বাস

যে, ভারতবাসীরা আরও কিছু অধিকার
পোল ল্যাক্ষাশায়ারের তুলোর মালের ওপর
যে শুল্ক বসান হয়েছে সেটা তারা তুলে নেবে।
কিন্তু হঠাৎ তাদের এই অভূত বিশ্বাস কেন বে
হোলো তা ব্রুতে পারা যাচ্ছে না। ভারতবাসীদের হাতে রাজনৈতিক অধিকার যত
বেশী আসবে, ল্যাক্ষাশায়ারের তুলোর কারবার
যে ওতই কমতে থাকবে।

গ্যাক্ষাশায়ারের এই বৈঠকের জেনারেল সেক্রেটারা প্রস্তাব করেছেন থে, এথান থেকে শ্রমজীবীদের জনকয়েক প্রতিনিধি ভারত-বর্ষে পাঠানো হোক। তাঁরা দেখানে গিয়ে ভারতীয় ও ইংলণ্ডের শ্রমজীবীদের মধ্যে একটা প্রেমের সম্পর্ক অর্থাৎ কিনা যাকে সম্ভাব বলা হয় সেই রকম একটা কিছু স্থাপনের চেষ্টা করবেন। ভারতবর্ষের লোকেরা ইংলণ্ডের শ্রমজীবীদের সঙ্গে একটা যোগ স্থাপনের চেষ্টায় সেথানকার ত্তন শ্রমজীবী নেতাকে এদেশে ডেকে এনেছিলেন। কিন্তু
তথন তাঁরা মহা মুক্রবীয়ানা চালে বলেছিলেন—
রাম বল! এই অশিক্ষিত শ্রমজীবীদের দঙ্গে
আমাদের দেশের শ্রমজীবীদের যোগ স্থাপন
হওয়া অসম্ভব ব্যাপার। এখন আবার এ-সব
কি কথা বাবা । খদ্বের ঠেলায় এখন
আনেকেই দেখছি ভদ্দর বনতে বাধা হচ্ছেন।
ল্যাক্ষাশ্যারের শ্রমজীবীদের সঙ্গে আমাদের
কোনো অসম্ভাব নাই, কিন্তু সেখানকার কাপড়
পরতে আমাদের যে বিশেষ আপত্তি আছে
সেটা কি এখনও তাঁরা ব্যুতে পারেন নি।

শ্রীয়ক শ্রীনিবাস শান্তা হংশ করেছেন
বে, কানডায় তাঁব কথান কেউ কানই
দেয়-নি। ভারতবাসীরা যাতে সেধানে সাণা
চামড়াওয়ালাদের মতই ব্যবহার পেতে পারে
এই সব কথাই তিনি তাদের বলেছিলেন;
কিন্তু কে কার কথা শোনে। করেকবছর
আগে কানাডার লোকেরা যথন রবীক্রনাথকে
তাদের দেশে নেমন্তর করেছিল, তথন
রবীক্রনাণ সে আহ্বান প্রত্যাখ্যান কোরে
বলেছিলেন—তোমরা আমার দেশের লোককে
অপমান কর, তোমাদের ১টাকাট আমি
কথনও মাড়াবো না।

শাস্ত্রী মহাশর হয়তো ভূলে গেছেন যে, বিদেশীর কাছে সম্মান পাবার ব্যবস্থাটা স্বদেশে বসেই করতে হয়। সম্মান দাও, অধিকার দাও বলে ভিকার্তি কোরে বেড়ালে সম্মান পাওয়া যায় না, আর য়দিট বা পাওয়া যায় সেটা স্থায়া হয় না। তিনি যতদিন ধরে বিদেশে এই "দাও দাও" কোরে মুরে বেড়ালেন সেই সময়টা যদি স্বদেশে ঘুরে ঘুরে কাজ করতেন তা হোলে বিদেশে সম্মান পাওয়ার পথটা অনেকথানি প্রশস্ত হোয়ে

্বিকাতার স্হরে গুগুার অত্যাচার অণহা হয়েছে। যে কোনো কারণেই হোক ম্পষ্ট দেখা যাচ্ছে যে, পুলিশ গুণ্ডার অত্যাচার নিবারণ করতে আসমর্থ। একেত্রে যদি সহরবাসীরা অগ্রসর না হন তো ত্-দিন পরে গুণ্ডারা যার বাড়ীতে ইচ্ছা প্রবেশ কোরে টাককি জি চিনিয়ে নেবে। অবশ্য এখনি যে ভারা এমন কাঞ্চনা করছে, ভানয়। কিন্তু গুণ্ডাদের সঙ্গে পেরে উঠতে হোমে অস্ত্র DI है। महरतन यूपरकता यक्ति एक गठन कार्य. দলে দলে সকাল সন্ধ্যায় সহরে পাহারা দিতে থাকেন এবং পুলিশ যদি তাঁদের সাহায্য করেন ভা হোলে এই শুণ্ডার অত্যাচার ছ-দিনে দমন হোতে পারে। আশ্চর্য্যের বিষয় সহর-বাদীরা এদিকে একেবারে উদাদীন। অথচ দিনে, তুপুরে, সন্ধ্যায়, রাত্রে যথন তথন যে কোনো গ্রান্তায় গুণ্ডাদের অত্যাচার চলেছে।

উং<েজ কাগজওয়ালারা বলতে চায় যে, এ-সব অসহযোগীদের কাগু। আর একদল আছে তাবা বলে, এ-সব সহবোগীদের কাও।
কিন্তু কাওটা বাদেরই হোক তার ফল ভূগতে
হচ্ছে আমাদের। সহরবাসীরা প্লিশের
হাতে সব সঁপে দিয়ে বসে আছে; কিন্তু সহর
বাসীদের সাহাব্য না পেলে একা পুলিশের
হারা গুণ্ডামি বন্ধ হওয়া সম্ভব নর।
অসহযোগীদেরও এ বিষয়ে নিরমে ক্ষ হোরে
বসে থাকাটা কর্তব্যকর্মা হচ্ছে বলে মনে
করতে পাছি না।

লর্ড লিটন সম্প্রতি সফরে বেরিয়েছিলেন। পূর্ববঙ্গ পরিশ্রমণ কোরে ফেরবার সমর তিনি পাবনায় এক দীর্ঘ বক্তৃতা দিয়েছেন। বক্তৃতায় জিনি ছঃখ কোরে বলেছেন বে, বাংলা দেখের আংসি কভ জারগার বুরসুম, কত ভাল ভাল সঙ্গে আলাপ সালপে করলুম, মিউনিসিপ্যালিট, ডিষ্ট্রিক্ট বোর্ড, ইউনিয়ন বোর্ড প্রভৃতি নানা সভা সমিতি থেকে অসংখ্য অভিনদন পত্রও পেয়েছি। কিন্তু আশ্চর্য্যর বিষয় খে, কোৰাও কারুর মুখে আমি এই রিক্ম ঝ মতুন শাসন সংস্থারের কোনো উল্লেখয়াত্র ভনতে পেলুম না ৷ তোমাদের বে এতথামি অধিকার দেওয়া হয়েছে তার জগ্রে কেউ তো একটু ক্বডজ্ঞভা বা আনন্দ জানাশেই না, ভা ছাড়া, কাউকে সে অধিকারের স্থােগ নিভেও দেখলুম না। সবার মুখেই কেবল এই এক কথা শুনলুম যে—হস্কুর সরকার শেকে আমাদের কিছু টাকা দেবার ব্যবস্থা

কোরে দিন, নইলে আমরা এটা করতে পারছি-নি ইত্যাদি! দরকার থেকে কিছু অর্থ সাহায্য না পেলে তোমরা কিছুই করতে পাৰবে না এই যদি তোমাদের অবস্থা হয় তাহলে 'রিফ্ম' নিয়ে তোমাদের কি লাভ হোলো আমি তো কিছু বুঝতে পারছি-নি ! বাপু হে, যদি স্বায়স্থ-শাসন পাবার উপযুক্ত হোতে চাও তাহোলে ফি হাত এমন নিক্লপায়ের মত গব্দেণ্টের মুখাপেকী হোরে থাক্লে চল্বে না় নিজেরা আত্ম-নির্ভরতা শিখে অাত্মপ্রতিষ্ঠ হ্বার চেষ্টা কর। সরকারের কাছে সাহায় ভিক্ষ। না কোরে নিজেদের সংহাব্য করবার চেষ্টা কর, তবে তো মাত্রৰ হোতে পারবে ৷ আমি দেখ্ছি এ দেশের মিউনিসিপ্যালিট, ডিষ্টিক্ট বোর্ড প্রভৃতি সভা সমিতিগুলোর ষ্ডটা কাজ করা উচিত তার কিছুই তারা করছে না—া এটা অত্যস্ত ত্ঃখের থিষয়। ভাদের একটু উঠে পড়ে লাগতে হবে; দেশের উন্তি করা ভাদের ওপরই বোলস্মানা নির্ভর করে।—ইত্যাদি। লাট সাহেবের কথাগুলি বেশ মুথরোচক বটে কিন্তু তাঁর যে গোড়াতেই গলদ হয়েছে সেটা ভিনি বুঝুতে পারেন-নি। এদেশের মিউনিসিপ্যালিটি. ডিষ্টি কৃট বোর্ড প্রস্থৃতিতে যে সব মহাপ্রভুৱা আছেন দেশের সঙ্গে যে তাঁদের কোনও যোগ বা কোনও সম্পর্ক ই নেই, নতুন লাট বোধহর সেটা এথনও জান্তে পারে-নি। আর পারবেনও না, যতদিন না

তিনি তাঁর ঐ সরকারী গণ্ডীর বাইরে এসে বাংলাকে দেখবার চেষ্টা না করবেন। তাঁরা ना छ- ८ श्रीमक वर्षेन किन्छ आस्म- (श्रीमक क्रिक নন। মিউনিসিপালিটি, ডিষ্টিক্ট বোর্চ প্রভাৱের সঙ্গে তাঁদের সম্পর্ক হয় নিজের স্বার্থসিদ্ধির জ্ঞ, নয়তো নাম কো ওয়াজে! স্বদেশের যথার্থ কল্যাণ কামনা তাঁলের মধ্যে একজনেরও আছে কিনা সংক্ষ্ লাটদাহেৰ যদি বাংলাদেশের ৰথার্থ স্কুল দেখুতে চান ভাহলে তাঁকে গাঁরের ভেত্র গিরে চাষা-ভূষোদের সক্ষে আশাপ করতে হবে, সহরের হোমরা वाद्राव मरम मिक्श्राक कौरम अरवरे हन्त् লা। এ কাতির প্রাণের করে স্চরের কোণাইলের মধ্যে গুনতে পাওয়া যাবে না। ভিনি যদি দেশের যে কোনও একটা গাঁয়ের ভেতর গিয়ে চুক্তে পার্ভেন, তা হোলে বোধ হয় কতকটা বুঝ তে পারতেন যে, তাঁদের এত ধ্মধামের অন্তঃসারশ্র রিফ্ শ-রথধানা এমন মাঠে মারা থেতে বদেছে কেন ?

ক্ষেণের ভেতর রাজনৈতিক বন্দীদের ওপর
না ক ভারি সভাচার করা হচ্ছে, সংবাদপত্রে
প্রায়ই এই রকম অভিযোগ দেখা বাচ্ছে এবং
এও দেখা যাচ্ছে যে, গবমে প্টের পাব লিগিটি
বার্ড থেকে ক্রমাগত ভার প্রতিবাদও প্রকাশ
হচ্ছে! উভয়পক্ষের এই বাদ প্রতিবাদে কিন্তু
একটা বাপার আমরা বেশ লক্ষ্য কোরে
দেখতে পাচ্ছি যে, পাবলিসিটি বোর্ড

থেকে বে প্রতিবাদগুলি বেক্সছে তার
অধিকাংশই বন্দীদের প্রতি অত্যাচাবের বে
অভিযোগ আদৃছে—ঠিক তারই বিরুদ্ধ
প্রতিবাদ নর। সেগুলি হচ্ছে অনেকটা
রাজনৈতিক বন্দীদের প্রতি জেলে কে
ছর্ব্যবহার করা হয়েছে সেটা বে আইন সঙ্গত
কাজই করা হয়েছে এবং সেরূপ করা ছাড়া
যে জেলের নিরম কাছনের মর্যাদা রক্ষে
কোরে চলা ও কারাগারের অভ্যন্তরন্ত শান্তি
ও শৃত্রালা বন্ধার রাখা অসম্ভব এইটেই প্রমাণ
করবার ছপ্টেষ্টা মাত্র! বাই হোক্, অত্যাচার
কিছু করিনি বলার চেরে অত্যাচার বে কেন
করিছি সে কৈফিরংটুকুও মন্দের ভালো!

বেদিন ৬কানীপ্রদর দিংহ মহাশয়ের বাটীতে বদ্দর প্রচার সমিতির উজােগে ধে বদর-প্রবর্শনা হয়েছিল তারই উদ্বোধন সভার প্রীযুক্ত অর পি, দি, রার মহাশর অক্সান্ত কথার প্রসঙ্গে নাকি বলেছিলেন ধে, দেশের যথন এই অবস্থা তথন দেশের যুবক বুরু কিনা তুক্ত আমাদ-প্রমোদ নিয়ে মেতে আছে, থিয়েটার বায়ােস্কোেশে তো লােক ধর্ছেইনা—তাছাড়া সব চেয়ে ত্রথের বিষয় হচেছ এই যে, দেশের যিনি সর্ব্যেশ্র কাব তিনি আক্সকের দিনে স্থদেশের চারণ গানছেড়ে গাইছেন কিনা বর্ষামঙ্গল ।" সার্ম পি, সি, রায়ের কথাগুলাে হয়তাে দেনিন সে

আমাদের মনে হয় বে, কবি সহক্ষে তাঁর ও কথাটা বলা স্থায়দক্ষত হয়নি, –এতে বিশ্ববরেন্ত কবিব প্রতি জগৎ-বিখ্যাত রসায়ণা-চার্য্যের একটা অবিচার করা হয়েছে !—কারণ যিনি কবি, গভীর স্বদেশ-প্রেমিক হোলেও তিনি প্রকৃতির ও একজন দর্বশ্রেষ্ঠ প্রেমিক ও পূজারী,—বর্ষার মেঘবিচিত্র আকাশ,— বিছাতের তড়িৎলহরী,—গ্রীমাবদানে প্রার্টের সিশ্ব সুশীতল ঝারায় উত্তপ্ত ধরণীর ধারাসান তৃষাঠ চাতকের মত কবির প্রাণকেও বে ব্যাকুল ও বিহ্বল কোরে ভোলো কবি যিনি, ভিনি রণকেত্রে মৃত্যু-কোলাহলের দাঁড়িয়ে থাকলেও আযাচ়ের প্রথম মধ্যে দিবসেকে অভিনদন না কোরে থাকতেই পারেন না ! বিশ্বপ্রকৃতির সঙ্গে কবি-প্রকৃতির ধে পরম ধোগ রয়েছে সে কথা কি আমাদের নব-নাগার্জ্জুন একেবারেট বিশ্বত হোয়ে গোলেন। বৈজ্ঞানিকে আৰু কবিতে প্ৰভেদ এইথানে।

প্রধান মন্ত্রী লয়েড জর্জের 'সিভিল
সার্ভিদ্' বক্তৃতা ভারতের মডারেটদের
বক্ষে যে নিদাক্রণ শেলাঘাত করেছে,
তার অসহ্য যন্ত্রণায় কাতর হোমে জনকতক
নরমপন্থা বড়লাট সাহেবের কাছে সোদন
ধর্ণা দিয়েছিলেন। বড়লাট সাহেব তাদের
ব্যথিত বক্ষে সক্ষেহে হাত বুলিয়ে ফুঁ দিয়ে
ঝেড়ে বলেছেন শাকৈ: বৎসগণ। প্রধান
মন্ত্রী যা বলেছেন, তার প্রক্ষত অর্থ তোমরা
যা ভাবছ মন্ত্রীর উদ্দেশ্য মোটেই তা নয়;
তিনি ঠিক সে ভাবে ও কথাগুলো বলেন-নি।

তাঁর ওই রকমের একটা বক্তা দেওয়ায় কোনও গুৰু উদ্দেশ্য হিল, বুঝ্লো! তাঁৰ প্রথম মতিপ্রায় হচ্ছে—মদন্তই দিভিল সার্ভেণ্ট সম্প্রদায়কে একটু মিষ্টি কথার শাস্ত করা, এবং দ্বিতীয় অভিপ্রায় ইচ্ছে—ননকো-অপারেটারদের একবার শাসিয়ে স্বেধান কোরে দেওয়া। কারণ শোনা যাঞ্ছে, তারা নাকি এবার সদলে কৌন্সিলে ডুকে রিফ্ম কেতার রাজকার্যা চালানো অসম্ভব কোরে তুলবে স্থির করেছে। তা যদি তারা করে, তা হোলে ষেটুকু শাসন সংস্কার এদেশকে দেওয়া हरतरह दमहो । दकर इंदिन । इदन — এই वरन তিনি ভয় দেখিয়েছেন বঁটে, কিন্তু কাঞ্চে তিনি কখনই তা করবেন না—এটা তোমরা স্থির জেনে নিশ্চিত্ত হও় যাক্, কিন্তু প্রধান মস্ত্রার বক্তার আসল গলদ যেখানে —বড়লাট কৌশলেব সঙ্গে সেটা একেবারেই চাপা দিয়ে গেছেন, "Experiment" কথাটা নিয়ে মোটেই আলোচনা করেন-নি। মডারেটরা নাকি বড়গাট সাহেবের কাছ থেকে এই শান্তি প্রলেপটুকু পেয়েও এখনও স্থ হোতে পারছেন না, ভাঁরা এখনও চারাদকে প্রতিবাদ সভা কোরে মন্ত্রী মহাশারের বক্তার বিক্রে আনেশ্বন কর্ছেন ! ধ্র এই মডারেট্ পন্ত দের বিশ্বাস ও সহিষ্ণুতা! মাজ ১এই দেড়শ বছর ধরে তাঁদের আবেদন নিবেদন, প্রতিবাদ, প্রার্থনা সবহ ব্যর্থ হচ্ছে দেখেও তবুও এখনও তাঁরা হতাশ হন-নি ৷ এণাই সৰ কলির ভক্ত অজামীল !"

2 ব্যান্ত বিষ্ণা

2052

32/ 30072²

विश्वी वि

ि पिरवन्न हैन्गि उद्यं म এ। वार्ति अर्था है कि ११ निषिद्धे छ

১২নং ডালহাউদী ক্ষোয়ার, কলিকাতা।

—— "আমাদের কোপণানীতে নৃত্ন ধরণের জীবন বীমার ব্যবস্থা আছে। যাহাতে মধ্যবিত্ব গৃহস্থেরা নিজের একথানি বসত বাড়ী করিতে পারেন এমন ভাবেও আমুরা তাঁমের সাহায্য করি। ছেলেমেয়েদের ভবিষ্যতেব উপয়িও করিয়া দিই।"—— ত

সেকেটারীকে আজই চিঠি লিখিয়া বিশেষ বিশ্ব জাপুন। আমরা কয়েকজন যোগ্য লোককে উপযুক্ত পারিশ্রমিক দিয়া আমাদের কোম্পানীক

🤏 প্রতিনিধি হইবার জন্ম আঁহবান করিভেছি।

কার্য্যালয় ২০৮া২এফ কর্পভয়ালিস্ট্রীট, ক্লিকাতা।

প্রাহ্বিদ খ্যা এক আনা

বাষিক মূল্য ২৯/•

হই টাকা হুই আন

স্থ্যেশচন্দ্র বর্দ্যোপাধ্যায় প্রণীত স্বিখ্যাত সচিত্র প্রক



ভাবে, ভাষায়, চিত্ৰে, ছাপায়

অভুগনীয় ৷

বাংলার বিস্থালয় সমূহে পুরস্বার পুস্তক ক্লপে মনোনীত।

নেড টাকা মাত্ৰ!

নামিকো

জাপানী উপকাস।

অশ্রেসিক্তা করণ প্রেমকাহিনী। এক টাকা মাত্র।

হানাষি

চমংকার জাপানী গলের বই আট আনা মাত্র।

গুরুদাস বাবুর দোকান, ইণ্ডিয়ান পাব্লিশিং হাউস্ প্রভৃতি প্রধান প্রধান

- देवठदकत्र नियमावनी

বৈঠকের অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সহ হুই টাকা হুই আনা; ভিঃ পিঃ মাশুল সতম। প্রতি সংখ্যার জন্ম এক আনা। নমুনারও মূল্য লাগে। যে কোন সংখ্যা হুইতে গ্রাহক হওয়া চলে। মূল্য সম্পাদকের বিমে পাঠাইতে হয়।

রিপ্লাইকার্ড কিংবা টিকিট না পাঠাইলে কোন চিঠির জবাব দেওয়া সম্ভব হয় না।

প্রবন্ধাদি বৈঠকের ছই পৃষ্ঠা বড় জোর আড়াই পৃষ্ঠা অপেকা দীর্ঘ না হয়। টিকিট পাঠাইলে প্রবন্ধ প্রকাশিত হইবে কিনা তাহা জানানো হয়। মনোনীত অথবা অমনোনীত প্রবন্ধ ক্ষেরত পাঠান হয় না।

বদি কোন গ্রাহক বৈঠক না পান তো ৭ দিনের মধ্যে আমাদের থবর দেবেন। নচেৎ অপ্রাপ্ত সংখ্যা দামদিয়া কাইতে হইবে।

বিজ্ঞাপন

ম্লাটের চারের পৃষ্ঠা প্রতি সংখ্যা—৮ অন্তান্ত পৃষ্ঠা প্রতি সংখ্যা—৬ অন্ধ পৃষ্ঠা—গা

কলমের প্রতি ইঞ্চি একবৎসরের চুক্তিতে প্রতিসংখ্যা—>

> কলমের প্রতি ইঞ্চি প্রতিসংখ্যা—২ – বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয়

ম্যানেজার বৈঠক
২০৮া২ এফ কর্ণভয়ালিস খ্রীট, কলিকাতা
এজেণ্ট ঃ—শ্রীপরেশনাথ মিত্র



১ম বর্ষ] ১লা আশ্বিন, ১৩১৯ [৬ষ্ঠ সংখ্যা

गाल-गण्य

শিক্ষ। এমন কোনো প্রথার নাম কর যা পৃথিনীর সমস্ত সভা দেশেই প্রচলিত আছে। ছাত্র। আজে, যুব।

যত্—তোমাদের বাড়।র কুকুরটা রোজ স্কালে অত চেঁচায় কেন হে ?

হরি—সকালে যে ওর ল্যাজ্ ছাটা হয়।
যত্—বাজ ল্যাজ ছাটা কিছে!
হরি—এক সঙ্গে কাট্লে যদি মরে যায়,
ভাই সইয়ে সইয়ে বেঁড়ে করি।

নরেন। কি হে মুখটি শুকিয়ে বসে আছকেন?

যোগেন। আর ভাই বোলো না, স্ত্রা গঙ্গা নাইতে গিয়েছে, আর এই সময় জল ঝড় সুরু হোলো; রাস্তায় এতক্ষণ বোধহয় জল দাঁড়িয়ে গেছে। নরেন। তাতে আর কি হয়েছে, কারো বাড়ীতে চুকে পড়লে তারা কি আর ষণ্টা থানেকের জন্ত আশ্রয় দেবে না!

যোগেন। আরে ভরের কারণই তো সেই!

কাল খুকীর বে, খুকী মুথ শুকিরে বেড়াচ্ছে দেখে মা বল্লেন—হাঁ৷ খুকী কাল ভারে বে,কেমন ঘটা কোরে বর আস্বে আর তোর মুখে হাসি নেই কেন ? আমি তো আমার বের দিন খালি হেসে বেড়িয়েছিলুম ! মেরে ঠোঁট ফুলিয়ে বল্লে—ভোমাকে ভো ভাবতে হর্মন,—ভোমাব যে বাবার সঙ্গে বে হয়েছিল, ভাইত হেসেছিলে !—আমার যে একেবারে কোথাকার কে একজন অচেনা অজ্ঞানা লোকের সঙ্গে বে দিছে।,তাইত আমার ভয় করছে!

পাওনাদারের লোক এসেছে টাকার তাগাদা করতে। দেন্দারের সন্দেহ হোলো যে, এ টাকাটা বোধহয় দিয়ে দেওয়া হয়েছে।
তিনি পাওনাদারের লোককে জিজ্ঞেদ করলেন
—হাা হে এ টাকাটা কি আগে দেওয়া হয়নি
জানো ?

15

—আজে, শামি তো সেটা ঠিক জানিনি।
—তবে কে জানে ? তোমার মনিবও কি
জানেন না যে, এ টাকা দেওয়া হয়েছে
কিনা ?

—আজে তিনিও ঠিক্ **স্থানেন** না এ টাকাটা আদায় হয়েছে কিনা।

—তবে ভোমরা আবার ভাগাদায় এসেছোকেন ?

—আজ্ঞে টাকাটা আপনার কাছ থেকে পাওয়া গেলে তিনি বুঝতে পারবেন সেটা আদায় হোলো কিনা।

এক ভদ্রলোক বিদেশে বেড়াতে গিয়েছিলেন
সঙ্গে তাঁর মোটর-কারখানি নিয়ে। মাসে
তিরিশ টাকা দিয়ে এক বাড়ী ভাড়া নিয়ে
তিনি সেথানে আরামে বাস করতে
লাগলেন। এক মাস পরে তাঁর বাঙাল
বাড়ীওলা বাড়ীভাড়ার বিল নিয়ে এলো নফ্রাই
টাকার! তিন তো বিল দেখে অবাক!
বল্লেন—একি হে! বাড়ী ভাড়া হোলো মাসে
তিরিশ টাকা হিসাবে আর বিল কোরে আন্লে
নফ্রাই টাকার! এর মানে কি? বাড়ীওলা
হাত জোড় কোরে বল্লে—আজ্রে বাড়ী ভাড়া
ভিরিশ টাকা, আর আস্তাবল ভাড়া যাট টাকা

এই একুনে নক্ষ্ টাকা হয়েছে। ভদ্র
লোক আরও আশ্চর্যা হোয়ে বল্লেন—বাড়ীর
চেয়ে কি আগাবলের ভাড়া তোমাদের দেশে
বেশি? বাড়ীওলা বল্লে—আজ্ঞেনা তা
নর, আস্তাবদ ভাড়া ঘোড়া পিছু আমরা
পীট টাকা কোরে নিই! তা আপনি সেদিন
বল্লেন যে, আপনার মোটর গাড়ীখানা বারো
ঘোড়ার জোর, তাই সেই হিসেবে ষাট টাকা
ধরা হয়েছে। '

মদন চাষা সেদিন তার গকর গাড়ীতে ক্ষেত্রে শাক-শজী আনাজ বোঝাই দিয়ে হাটে গেল বেচ তে; কিন্তু সন্ধ্যের পর নির্মাত সে বাড়ী ফিরলে না দেখে সমন্ত রাত উদ্বেগে কাটিয়ে মদনের বউ জোরে উঠে তাকে খুঁজতে বেরুল। বেরিয়ে দেখে গোয়ালের ধারে ভাদের গকর গাড়ী এসে দাঁড়িয়ে আছে আর মদন গাড়ীর উপর চিৎ হোয়ে পড়ে হাত পা ছড়িয়ে নাক ডাকিয়ে ভোফা ঘুম দিছেে। মদনের বউ মনে করলে মিলে বোধহয় কাল একটু বেশী কোরে ভাড়ী-টাড়ী খেয়েছিল, আরও থানিকটা ঘুমোক্ স্ক হবে। এই ভেবে মদনকে আর না তুলে গাড়ীর বলদ জোড়াকে খুলে জাব থাওয়াতে নিয়ে গেল।

থানিক পরে মদন উঠে চোপ রগড়াতে রগড়াতে হাই তুলতে তুলতে বাড়ীর ভেতর এসে বল্লে —বউ, দেখ, আমি যদি মদন চাষা হই, ভা হোলে আমার বলদ জোড়াটা নিশ্চয় কাল রাতে চুরি হোয়ে গেছে! আর ভা যদি

একধানা গ্ৰুৱ গাড়ী লাভ হয়েছে বুঝলি 🤊

মদনের বউ হেদে বল্লে—সুথে আগুন তোমার, এমন নেশা কি না থেলেই নয়!

যুদ্ধের জাহাজ এসে হাজির হয়েছিল। হজুগে রক্ম-সক্ম দেখে স্বাই জিজাসা কল্লে---কি বাঙালীর দল স্কাল-স্ক্রায় গ্সার তীরে জেটির ধারে গিয়ে রোজই ভিড় করে। কেউ জাহাজে ঢ়কভে পায় এই কেউ পায় কেউ পায় না, রকম অবস্থা, এমন সমগ্র নদেরটাদ শুনলে যে, কোট প্যাণ্টলুন পরে গেলে নাকি কেউ আটকায় না। এক রবিবারে আফিদের চুটিতে নদেরচাদ ধুতির ওপরে এক প্যাণ্টলুন চড়িয়ে তার ওপরে এক লাল বনাতের কোট গামে দিয়ে যুদ্ধের জাহাজ দেখতে গেল।

নদেরচাদ উৎসাহ কোরে গেল বটে, কিন্তু জেটির ধারে গিয়ে ভিড দেখে ভড়কে গেল—ভেতরে চুকতে আর সাহস হোলো ভিড়ের মধ্যে গিয়ে সে গু দাঁড়াল। ভিড়ের জনকয়েক লোক ভার ঠাট্টা দাজ-পোযাক দেখে কোরে বল্লে--আপনাব তো মশার ইজের পরা আছে, আপনি যান না। তাদের কথা গুনে নদেরটাদ সাহস পেয়ে গট় গট় কোরে জেটি দিয়ে এগিয়ে চল্লো। জাহাজের সিঁড়ের কাছে

না হয়, তা হোলে নিশ্চয় কাল আমার একজন সেলার দাঁড়িয়েছিল সে ইংরেজীতে তাকে কি বলায় নদেরচাঁদ ইসাবায় দেখিয়ে দিলে যে, সে জাহাজ দেখতে চায়।

> সেশার তাকে বলে—কাম্ অন্ থাগ ডে।

দেলারের কথা শুনেই নদে<চাঁদ পেছু কলকাতার গন্ধার ধারে দেবার এক ফিরে একরকম নৌভিয়ে ফিরে এল। তার মশাই কি হলো 🤊

> নদেরটাদ। এখন কামান ঠাস্ছে, এখন ষাওয়া হবে না।

> ঘণ্টাখানেক পরে আবার তারা নদের টাদকে পাঠিয়ে দিলে। কিন্তু সেবারেও পেলারেরা সেই কথাই বলে দিলে। নদের টাদ ফিরে এদে বল্লে—এখনও কামান ঠাদ্ছে ।

> ভিড়ের লোকেরা বল্লে-কি এমন কামান ৰাৰা, যে ঘণ্টাখানেক ধরে ঠাস্ছেই।

> তথন একজন লোক একটু এগিয়ে গিয়ে **(मर्डे (मगांद्रक जिज्जामा कार्य जान्य (य,** বেষ্পতিবার ছাড়া বাইরের গোককে চ্কতে দেওয়া হয় না। দেলার বলেছিল—'কাম্ অনুপাসডে,'নদেরটাদ তার অর্থ করলে---'কামান ঠাস্ছে।'

> ভারপরে নদেরটাদের যে অবস্থা হোলো সেটা এখানে প্রকাশ না করাই ভাল।

ছুটো খবর

কবিবর রবীদ্রনাথ বেশ ভাল ছবিও আঁক্তে পারেন।

গত জুন মাসের একটা সপ্তাহের মধ্যে সমস্ত বাংলা দেশে চল্লিশটা ডাকাতি হোরে গেছে।

পৃথিবীতে আজ পর্যান্ত বত সোনা পাওয়া গেছে তার চল্লিশ ভাগ আছে মার্কিন যুক্ত বাজ্যে।
——

সিংহলে একরকম ঘাস আছে, বৃষ্টি হোলে সেই ঘাস নাকি আপনিই জ্ঞানে ওঠে। এই সময় সেই ঘাস থেকে একরকম শ্বাও শুনতে পাওয়া যায়।

মৌমাছিরা ঝড় হবার অনেক আগো ব্রতে পারে যে, ঝড় আসচে। ঝড়ের সম্ভাবনা দেখলেই মধু সঞ্চয়ের কাজ ফেলে তারা নিজেদের বাসায় পালিয়ে যায়।

মার্কিনের সোনার খনির মালিকরা ত্বির করেছেন বে, সোনা গলিয়ে বার করবার সময় অনেক সোনা ধোঁয়া ও বাতাসের সঙ্গে উড়ে বার । বাতাস ও ধোঁয়া থেকে তারা সোনা বার কোরে নেবার ব্যবস্থাও কোরে ফেলেছেন।

বেরালের গায়ে রং

বিলাসিতা মানুষকে যে কতদূর নির্বোধ ও হাদয়হীন কোরে তুলতে পারে তার ঠিকানা নাই। মার্কিনের রমণী-মহলে পোষাকের সঙ্গে মিলিয়ে সেই রংঙের জুতো, ছাতি, মোটরগাড়ী পর্যাস্ত ব্যবহার করা হচ্ছে। সম্প্রতি দেখানকার জনকরেক উচ্চশ্রেণীর মহিলা বেরালের গায়ে লাল, নীল প্রভৃতি পোষাকের সঙ্গে মিলিয়ে রং মাথিয়ে কোলে কোরে রাস্তায় বেড়াতে আরম্ভ করেন। বেরালের গায়ে রং মাখালে ভারা বেশীদিন্ বাঁচতে পারে না; কারণ গা চাটবার সময় দেই বিযাক্ত রং তাদের পেটে যায় ও সপ্তাহ কয়েকের মধ্যে অত্যন্ত যন্ত্রনা ভোগাকোরে ভারা মারা যায়। ব্যাপার দেখে মার্কিন সরকার আইন কোরে দিয়েছেন যে, কেউ বেরালের গায়ে বং মাধালে তার সাঞ্চা হবে। এই সম্পর্কে সেধিন সেধানকার পুলিশ এক-জন বড় লোকের বাড়ী থানাতলাদী কোরে তেরো চৌদ্ধটি রং-মাখানো বেরাল আবিষ্কার করেছে। এই বাড়ীর গিন্ধি প্রত্যেকটি বরের দেয়াল ভিন্ন ভিন্ন রংয়ে ব্**প্রিভ** করেছেন। দেয়ালের রংম্বের সঙ্গে মিলিয়ে ঘরের আসবাব-পত্রেরও রং করা হয়েছে, এবং প্রতি ঘরে সেই রংরের একটি কোরে বেরালও দেওয়া হয়েছিল; পুলিশ বেরালগুলি নিয়ে গিয়েছে। বাড়ীর গিরিকে এখন আদালত ছোটাছুট করতে হচ্ছে। বলিহারি স্থা

নোয়ার নোকো

পঠিক নোয়ার নৌকোর কথা নিশ্চয় জানেন। বাইবেল ও অগ্রাক্ত ধর্ম গ্রন্থে আছে যে, বস্থ সহস্র বৎসর আগে পৃথিবী পাপে পূর্ণ হওয়ায় ভগবান একবার জলপ্লাবন কোরে দিমে পৃথিবীকে ধ্বংস কোরে ফেলেছিলেন: সেই ভলপ্লবেনে পৃথিবীর সমস্ত প্রাণীট মারা যায়,কেবল ঈশ্বর নোয়া নামক একজন ধার্ম্মিক লোককে বাঁচিয়ে রাখেন। এই নোয়া একটি এই ঘোড়ার রোগ হোলে যা নাঁড়ার তাই বড় জাহাজ তৈরি কোরে তাতে চড়ে প্রাণ বাঁচিয়ে ছিলেন। মিশরের কাইরো সহরে ইন্দীদের গিজ্জার এক দেওয়ালের ধারে এক টুকরোটা নোয়ার নৌকোর ভগ্নংশ। এই চবিবশ ও প্রভাবতীর বয়স হোলো। পৰিত্ৰ কাষ্ঠথণ্ড পাছে কেউ চুরি করে অথবা অপবিত্র কোরে দেয় এই ভয়ে সেখানে দিনের বেশা চারজন ও রাত্রে আটজন পাহারা খাড়া থাকে। কাঠথানাকে দেখে পুরোনো আমলের কোনো জাহাজের কাঠ বলে মনে হয়। কেউ দেশতে গেলে সেখানকার গাইডবা গভে গভে এই কাঠের গুণ বর্ণনা করে ও `রদা ব্যাদায় করে। আমাদের দেশে বুনাবনে কদম গাছ দেখার মতন এক্টেএও অধিকাংশ লোকেই নোয়ার নৌকোর কথা विश्राप्त करत्र ना वटहे, किन्छ मिक्श किहू मिस्र ष्यारम ।

আমাদের স্মাজ

সম্রতি বৌ-বাজাবের কাছে শ্রীমন্ত দেব লেনে এক বাড়াতে একটি শোচনীয় কাণ্ড হোরে গেছে। কার্তিকচন্দ্র সেন নামে এক যুবক কলকাত্র এক সওদাগ্রী অফিসে চাকরী করত। কার্ত্তিকের ঘোড়দৌড় থেকাৰ বাতিক ছেল। অফিসে সে অভি সামান্তই মাইনে পেত, তার ওপরে প্রীবের হোলো। কার্ত্তিক সর্কান্ত হোয়ে পড়লো, সংগার পার চালাতে পারে না। অব্লেষ কাৰ্ত্তিক ও তার স্ত্রী প্রভাবতী ছ-জনে কাপড়ে টুক্রো কাঠ স্যত্নে রেথে দেওয়া ১য়েছে, কেরোগিন তেল ঢেলে তাতে অগ্নি-সংযোগ সেখানের লোকেরা বলে য, সেই কাঠের কোরে আত্মহত্যা করেছে। কার্তিকের বয়স

> কার্ত্তিক ছিল যুবক। দে কোনট কর্ত্তব্য এবং কোনটি অকর্ত্তব্য তা বেশ বুঝে নিতে পারা यात्र । প্রথম কথা, সংসার চালাবার ধার শক্তি নেই তার বিয়ে করা কেন ? আমাদের (म्हान वार्था । एक्ट्रान विद्य मिस्य किन्न তারা গঙ হোলে দক্ষিণ হস্তের ব্যাপার ধে কোপা দিয়ে চলবে সে বিষয় একবার চিস্তাও করে না। কার্ত্তিকের অভিভাবক কার্ত্তিকের विद्य फिट्य कं छ है। कि लिखि हिन एम् मःवाम्हा স্থামরা নিতে পারি-নি। তবে বিশ্বের সম্ম বে তারা প্রভাবতীর অভিভাবকদের এম্নিতে

ছেড়ে দিয়েছিল তাই বা বিশ্বাস করি কি কোরে।

কার্ত্তিক বিয়ে করেছিল এবং সত্পারে অর্থ উপার্জ্তন কোনে স্থার ভরণ-পোষণ চালাতে লে আইনত এবং ধর্মত বাধ্য ছিল। কিন্তু দে কাজনা কোনে সে স্ত্রীকে বৃথিয়ে তাকে আয়হত্যা করালে। এর জন্ত পরোক্ষভাবে আমাদের সমাজ্র যে কত্টা দারী তা ভাববার কথা। স্তার এই রক্ষ পাপের জন্ত আমাদের দেশের কোনো স্থামী স্থেছার জীবস্থে এই ভাবে দগ্ধ হোয়েছেন—

এমন দৃষ্টান্ত আমাদের ধর্ম পুস্তকেও নাই।

সমাজ কর্তারা ব্যবস্থা কোরে দিয়েছেন বে,

একটা বয়স পার হবার আগেই মেরের

বিষে দিতেই হবে। এইজন্ম গরীব যারা,তারা

সমাজচাত হবার ভয়ে চোপে কানে না দেণে

অক্ষমের হাতেও কন্সা সমর্পণ কোরে চৌদ্দ

পুরুষকে নরক থেকে বাঁচিয়ে ফেলেন —ফলে

কার্ত্তিকের মহান জামাই জোটে। পাঠক

একবার ভেবে দেখুন যে, ষোল বছরের মেয়ে
প্রভাবতী— সে সংসারের কিছুই জানে না,

অথচ কার পাপে তাকে জাবন্তে দগ্ধ হোতে

হোলো গ এর কি প্রতিকার নাই গ

আমাদের সমাজের দেহ নানা রক্ষ কুৎসিত ব্যাধিতে পরিপূর্ণ, তার ওপর গত ক্ষেক্বছর থেকে এই ঘোড়দৌড় থেলায় সমাজের যে কি স্কানাশ হচ্ছে তা একবার কেউ ভাবেন কি? আগে শুধু বড়লোকদের গণ্ডীতেই এই ব্যাধি
আবদ ছিল, কিন্তু গত যুদ্ধের প্রারম্ভ কাল
থেকে এই ব্যাধি সমাজের সমস্ত দেহেই সংক্রামিত
হয়েছে। যোড়দৌড়ের মাঠে গিয়ে দেখবেন
যে,মেশর থেকে আরম্ভ কোবে লক্ষপতি পর্যাস্ত
এই জুয়ার মত্ত হচ্ছে, কত লোকের, কত
পরিবারের যে এতে সর্জ্বনাশ হয়েছে তার আর
ইয়ভা নাই। সমাজ ইছে৷ করতে পারেন
কিন্তু তা কি তাঁরা করবেন। কোনো নিদিষ্টে
বয়দের মধ্যে মেয়ের বিয়ে না হোলে চৌদ
পুক্র নরকন্ত হয়, আর বোড়দৌড়ের মাঠে
গিয়ে জুয়া খেলুলে কি তাঁরা স্বর্গন্ত হন ৪

কিছুদিন আগে টার্ফ ক্লাব রেকুনের
বিশপের হাতে একটা মোটা রকমের চাঁদা
দিতে চেয়েছিলেন—সেথানকার অন্ধদের
আশ্রমের সাহায্যের জন্তা। রেকুনের বিশপ
এই জুরার টাকা অগ্রাহ্ম কোরে চাঁদা ফিরিয়ে
দিয়ে বলেছেন যে, ও tainted money
আমরা চাইনা—কারণ সে অর্থ দ্বা।
রেকুনের এই বিশপের দৃষ্টান্ত আমাদেরও
আদর্শ হওয়া উচিত।

সম্প্রতি আদালতে কার্ত্তিকচন্দ্র সামস্ত নামক এক ব্যক্তি তার স্ত্র'কে হত্যা করার চেষ্টার অভিযোগে অভিযুক্ত হয়েছিল। কার্ত্তিকের স্ত্রী সত্যদাসী আদালতে এই সম্পর্কে

যে কথা বলেছে তার মর্ম্ম এই যে, তাদের দেশ মেদিনীপুরের কোনো এক গ্রামে। অতি শৈশবে তার সঙ্গে কাত্তিকের বিয়ে হয়। নিয়েৰ কিছুদিন পরে কাত্তিক মোক্ষদা নামী এক স্ত্রীলোককে নিয়ে কলকাভার কাছে টালিগঞ্জে এদে স্বামী-স্ত্র'র মত বাস করতে থাকে। এই ব্যাপারের কিছুদিন পরে সভ্য দাসীর বাপ ও মা মারা বাওয়ায় সে একেবারে আশ্রহীনা হোয়ে পড়ে। কার্ত্তিকের একজন প্রতিবেশী তার ওপরে দ্যা-পরবশ হোয়ে তাকে নিজের বাড়ীতে এনে ও খেতে পরতে দেয়। অনেক্ষিন পরে এই লোক্টা খোঁজ কোরে কার্ত্তিকের সন্ধান পেয়ে সত্যকে িয়ে একেবারে তার বাড়তে এসে হাজির হয় ও সভাকে রেখে সেখানে यात्र। अभारम কার্ত্তিকের উপপদ্দী মোক্ষদা তার ওপর অত্যাচার করতে পাকার সে সতাকে অন্ম আক জামগাম রেখে দেয়। কিছুদিন আগে কার্স্তিক সত্যকৈ গিয়ে ধলে যে, সে দেশে গিয়ে চাষ্বাস কোরে থাবে। এই বলে দেশে নিয়ে যাবার নাম কোরে দে সতাকে নিয়ে ভায়মণ্ড হারবারে যায়। তারপর তাকে বাঁধের ওপর দিয়ে অনেকদুর অবধি নিয়ে যায়। এদিকে সক্ষ্যে হোয়ে আসায় কার্ত্তিক সত্যকে কাছের একটা জঙ্গলে নিয়ে যায়। শেখানে হঠাৎ সোক্ষদার আবিৰ্ভাব—মোক্ষদা সত্যকে চিৎ কোরে ফেলে তার ছ-পা চেপে ধরেও কার্ত্তিক ক্ষুর দিয়ে তার গলা কাটতে স্কুক করে। সত্য দেই

সময় কার্ত্তিককে বলে—আমি জীবনে আর কথনো ভোমায় কেনো রকমে বিরক্ত কবব না, তুমি আমার প্রাণে মেরো না। কিন্তু কান্তিক তার কোনো কথা না শুনে তার গলায় ক্ষুর বিসিয়ে দেয়। শেষে দত্য মরে গেছে মনে কোরে তাকে ফেলে বেথে চলে আসে, আসবার সময় তার পরণের কাপড়খানা খুলে নিয়ে আসে। সত্যর জ্ঞান হওয়ায় পর কোন রকমে কট কোরে সে হামাগুড়ি দিয়ে উলঙ্গ অবস্থাতেই জঙ্গল থেকে বেরিয়ে আসে। সকালে লোকজনের চোথে পড়ায় তারা তাকে হাসপাতালে নিয়ে বায়। সেখানে ত্নাস থাকার পর শে প্রাণে রক্ষা পায়। সত্যর

কাত্তিক আমাদের দেশের নিম্ন অর্থাৎ চাষা শ্রেণীর লোক। আমাদের দেশের নিম্নশ্রেণীর লোকদের মেরেদের সম্বন্ধে ব্যবহার অনেক ক্ষেত্রেই ভদ্রলোক শ্রেণীদের চেয়ে অনেকগুলে মনুযোচিত ছিল। তাদের মধ্যে বাল-বিধবার বিবাহ চলিত ছিল এবং এখনও অনেক হানে আছে। নির্জ্জনা একাদেশীর প্রথাও ছিল না। নারার সতীত্বের মর্য্যাদা তারা ভদ্রলোদের চেয়ে যে কিছু কম বুমতো তার কোনো প্রমাণ পাওয়া ধার না। কিন্তু ভদ্রলোকদের দেখাদেখি তারাও এখন বিধবা-বিবাহ তুলে দিচ্ছে, তাদের মধ্যে একাদেশী প্রভৃতি প্রথা প্রচলিত হচ্ছে। বিনাদাধে পত্নীকে পরিত্যাগ কোরে উপপত্নীর সঙ্গে ঘর করা এবং বিনা

দোষে নিরীহ পত্নীকে হত্যা করবার চেষ্টাও বাঁচতে চাও, যদি সারা জীবন স্থন্থ স্বল বোধহয় ভদ্রলোকদের অফুকরণ করবার (ठष्टेर्वरे कन।

শরীর ও স্বাস্থ্য

বাঙালী গামে জোর কর। বাহুতে হুৰ্জার শক্তি ও - হাদরে অমিত সাহস এই তুইটি বিশ্বিষ্ট : জীবন-যাতার - প্রধান

কর্মক্ষ থাকতে চাও তো গারে জোর কর। বাঙালী ষে কাপুরুষ তার অনেকগুলি কারণ আছে কিন্তু ভার-সর্বপ্রথম ও সর্বপ্রধান কারণ হচ্ছে বাঙালীর দৈহিক শক্তি নাই। আমরা দৈহিক শক্তিতে হীন বলেই এত আধ্যাত্মিকতার বড়াই করি। 'লেখা পড়া অথবা অর্থোপার্জন করা সকলের ভাগ্যে হয় না, এমন কি প্রাণপণ চেষ্টা কোরেও হর না. পাথের। ধদি রেশে খেতাকদের কাছে কিন্তু নিয়মিত ব্যাহাম কারে শক্তি স্ঞ্য



बीकनी सक्स खरा

অপমানের ছাত থেকে রকা পেতে চাও, বদি রাস্তার কাবুলীওয়ালার লাঠি থেকে হল্ভ। আমরা আজ এথানে বার ছবি দিছিছ

করতে পারে-নি এমন লোক পৃথিবীতে



मिक्नी क्रुक खश्च

ইনিও একজন বাঙালী। এঁর নাম ডাজার ফণীক্রক্ষ গুপ্ত। ইনি সভাব-কবি স্থানির স্বির্মান্ত প্রথম কনিষ্ঠ সহোদ্ধের দোহিতা। ইনি বালো অত্যন্ত তুর্বল ছিলেন, কিন্ত পরে বিধ্যাত বাঙালী মল অস্তরণ গুহ ও ক্ষেত্রচরণ গুহের শিষ্য হন। এখন ইনি-নিজে একটি ব্যাস্থানের প্রণালী আবিদ্ধার করেছেন, যাতে অতি সামান্ত সময়ের মধ্যে ব্যাস্থান শেষ করতে পারা যায়। এখন ফণীক্রক্ষের বয়ন চলিশ বছর। চলিশ বছর বয়ন্যে অথিকাংশ বাঙালীই কার্ হোরে পড়ে, তার কারণ তারা জীবনে কোন দিন ব্যাস্থান করেনা। ফণীক্রক্ষ

নিবে চিকিৎসক, তিনি তাঁর প্রণালীতে ব্যায়াম শিক্ষা দেবার জন্ত একটা ব্যায়ামাগার খুণতে চান। সর্বিসাধারণের তাঁকে সাহায্য করা কর্তব্য।

স্পষ্ট কথা

ত্র জন উড়ক্ হাইকোর্রে প্রেরিডি থেকে অবসর নিয়ে দেশে ফিরে গেছেন। তিনি <u>ব্রেরণের মতে মেক্র হোলেন হিন্দু</u> শাস্ত্রে বিশেষ স্পত্তিত ছিলেন। তন্ত্র সম্মে তার জান অনেক খ্যাতনামা তান্ত্রের চেরেও মে



डीक्षीसक्ष खर्थ

গভীর ছিল তার পরিচয় আমরা আর্থার্ আভেলনের অফ্রিড "মহানির্বাণ তথ্র" প্রভৃতি গ্রাহে অনেকবার পেয়েছি। কিন্তু ভারতবর্ষকে তিনি যে কতিটা ভালবাসতেন এর পরিচর এদেশের অনেকেই জানেন না। আর্থার আভেলন স্যর জন উড়ফেরই ছল্মনাম। এই মহাপ্রাণ আইরীণ পণ্ডিত ভারতের শিক্ষা ও সভাতাকে স্ব্রাহঃকরণে প্রস্তুর গারতেন না। বিখ্যাত ইংরেজ লেখক উইলিয়ম 'আর্চার
তার "India and the Feture" নামক
গ্রাহে ভারতের সভাতাকে বর্ষরতার নামান্তর
মাত্র বলে উল্লেখ করেছিলেন র এদেশের
শিক্ষা-দীক্ষা, শিল্প, সমাজ ও সভাতার নিন্দাবাদ
তার গ্রাহের অনেক স্থলে তীব্র হোরে উঠেছিল।
স্থার কন উদ্ভক্ষ এই পুস্তক দেখবামাত্র তার এই
ভাস্ত সদেশবাসীর লজাকর ভূলের প্রতিবাদ
কোরে Is India Civilised নামক গ্রন্থ
রচনা করেছিলেন। গ্রন্থের ভূমিকার তিনি
লিখেছেন—"প্রাচ্য ও শান্চাত্য এই উজ্জর

জাতির মধ্যে এক পক্ষের ওপর অপর পক্ষের অস্তায় শ্রেষ্ঠত্বের দাবী এবং পরস্পরের আরও নানা ভুশ ধারণা যাতে বিদূরিত হয়ে সেই বিষয়ে সাহায্য করাই আমার উদ্দেশ্য।"

বিব'হ দেবার জন্ম খোজ খবর করতে লাগলেন। কিন্তু খরে একটি বৌ আছে শুনে ব্রের তেমন দ্র পাওয়া হাছিল না বলে ওভকার্য্য তথকো স্মাধান হয়-নি। এদিকে বৌ নিজে কিছু ঘরে আনে-নি এবং অন্ত আৰু একটি বৌ যে কিছু মরে নিয়ে আসবে তারও অন্তরায় হোয়ে রইল এই कथा यस कारत भाक्षे मिरन मिरन श्ववस्त ওপরে আগুন হোরে উঠতে লাগলেন, এবং মধ্যে মধ্যে আহার বন্ধ করতে আরম্ভ করণোন। সেই পাড়ার একটি আধাবরদী পোক বাদ করতেন, এই লোকটির সেই বুবকদের সঙ্গে আত্মীয়তা ছিল। যুবক একে খুড়ো বলে ভাকে। এই লোকটির কিছু বিষয় সম্পত্তি গাছে; মধ্যে মধ্যে দেশে যান, তবে বছরের মধ্যে বেশীর ভাগ সময়ে কাশীতেই বাস करत्रन। धकामन यो-छि क्यात তाफ्नात्र অস্থির হোরে বাড়ী থেকে পালিয়ে এই ৰাড়ীতে চলে আদে এবং তাকে সমন্ত কথা बूर्ण कानाव। शरवत सकि এইভাবে माथात ওপর এদে পড়ার খড়ো বেচারী ভো প্রথমটা বিব্রত হোরে পড়লেন। তার বাড়ীতে পরের যুবতী ভাষ্যা থাকৰে অথচ বাড়ীতে অভ কোনো ত্ৰীলোক নেই এই সৰ ভেবে চিক্তে তিনি বাবাদ্ধীকে গিয়ে স্ব কথা খুলে বলে বেকৈ নিয়ে বেতে বলেন। কিন্তু বাবাদী वंद्रम-त्य (यो यत्र (थेटक वितिष्य जित्राह তার সঙ্গে আর তার কোনো সম্পর্ক নেই।

্^{শ্} পুড়িছা আর কি করেন, বোট জার বাড়ীতেই ইইলো, সে মলো কি বাচলো বাবাজী তার আর কোনো খোজই করলেন না

মাস গুই পরে দেখা গোল যে বাবাজী আরি একটি মতুন বৌ ঘরে নিয়ে এলেন।

ইতিমধ্যে শুজার সঙ্গে সেই মেনেটির অবৈধ প্রণর হর এবং তারা গ্রজনে স্থানী স্ত্রীর মৃত বাস করতে থাকে। ব্যাপারটা সকলের কাছেই জানা হোমে যায় এবং খুড়ো এ বিবরে কোনো সুকোচুগীও করতো না i

এই রকম ভাবে প্রায় ছ-বছর কেটে ষার। ইতিমধ্যে একদিন ভাইপো পুড়োর কাছে এসে নল্লে যে, তার জীর সঙ্গে যে খেভাবে বাস করছে, তাতে তার নামে ফৌলদারী মানলা উপস্থিত করবে। খুড়ো উকিলের পরামর্শ নিয়ে জানলেন যে, ভাইপোর ক**থা**ই ঠিক। সে তার নামে নালিশ করলে আইন অনুসায়ে তার বিষম দণ্ড হবে। খুড়ো ভাড়াভাড়ি টাকা চাপা দিয়ে তথনকার মতন ভাইপোৰ জেন্ধের শাস্তি কর্লেন। ভাইপো তথ্যকার মতন শাস্ত হলেন বটে, কিন্তু কিছুদিন যেতে না যেতেই আবার টাকা দাবী করবেন। বার পাঁচ ছয় এই ভাবে টাকা দেওগার পর ব্যাপার স্থবিধা मय बुरक्ष चूर्ड़ा (मश्रान एएक हल्लांडे मिलान। এদিকে সেই যুবক সন্ধান কোরে কোরে আখার থুড়োকে গ্রেপ্তার করেছে ও এবারে বেশ মোটা টাকা আদায় করেছে—এই সর্ভে

যে, ভবিষ্যতে আর: তাকে টাকার জন্স । জালাউন করলে না।

শত্মী বিক্রবের আরপ্ত গোটা ছই ঘটনা আমরা জানতে পেরেছি। আমরা ক্রমে তা প্রকাশ করবো। 'বৈঠকে'র কোন-পাঠক কিংবা শ্লাঠিকা এই সামাজিক বাাধির প্রতিকার সম্বন্ধে যদি কিছু বলতে চান আমরা সানলে তা পত্রস্থ করবো।

वालिटन अवनी-सुनाथ

বাংলা দেশের শিক্ষিত সমাঞ্জের কাছে ভাক্তার অবনীশ্রনাণ ঠাকুরের নাম বিশেষ ভাবে পরিচিত। তিনি ধে কেবল রেখা দিয়ে ভাবের রূপকে বেঁধেছেন তা নয়, তাঁর ভাষাতেও ভাব বাধা পড়েছে ৷ বাংলাৰ এই শিল্পী : ইউরোপেও -বিশেষ - ভাবে ; পরিচিত। সম্প্রতি বার্ণিনের ভাশভাশ গ্যানারীর :উভাগে একটা চিত্র শিল্প প্রদর্শনী খোলা হয়েছে। এই প্রদর্শনীতে যে সব ভিত্র রাখা হয় প্রথমতঃ -সেপ্তলি সেখানকাৰ গ্ৰমেণ্টেৰ কৰ্মচারীরা -তার বিচার করেন। লক্ষণ লক্ষণ ছবি থেকে * ভার ক্ষেক্টি মাত্র ছবি মঞ্র করেন। ভার পরে তাঁরা যে ছবিগুলো মঞ্ব করেন সেগুলো আবার আব একদল সমালোচকে মিলে-বিচার করেন। এই ত্বার প্রীক্ষা উৎরে: তবে তারা প্রদর্শনীতে স্থান-পারণ 🥣

এবাব তামাদের আদেশের করেকজন -চিত্রকরের চিত্র এই প্রদর্শনীতে স্থান পেরেছে। কলকাতা সহরের নীমশ্রাদী তিত্র
সমালোচক শ্রীয়ত অক্টেল্কুমার গলোপাথারি
ও বালিন-প্রবাসী অধ্যাপক বিনরস্থার
স্বকার উত্যোগ কোরে আমাদের দেশের
এই চিত্র সেখানে নিয়ে গিয়েছেন। সেখান
থেকে সংবাদ এসেছে ভাক্তার অবনীক্রনাথ
ঠাকুরের চিত্র দেখে সেখানকার সমালোচকরা
মুগ্ধ হোয়ে গিয়েছেন। শুলু সমালোচক নয়,
ধনী, দরিদ্র, সমালোচক, রসিক, অরসিক
যারাই এই প্রদর্শনী দেখতে আসছে, স্বার
মুখেই এক কথা— ভাবনীক্রনাথ ঠাকুর কে?

জার্মাণ গণক ঠাকুর

কলকাতার সহরে ক্লেজ খ্রীট, ব্ৌ-বাজার লালদাবির ধারে সব পশ্চিমা গণুক ঠকুরদের বদে থাকতে দেখা যায়। এরা বিশেষ কোরে নিরকর অজ শোকদের সামনে থড়ির আক কেটে তার ওপরে কড়ি ফেলে ভূত, ভরিয়াত ব্রতিমান বলে দিয়ে বেশ ছ-পর্সা রোজগার करता, ७४ (य अब्ब लारकताहे अरमत পাল্লার পড়ে এমন নয়, অনেক লেখাপড়া জানা লোককেও তাদের সাম্নে বসে হাত দেখাছে এমন দৃশাও হলভ নয়। হাত দেখান ও নিজের ভবিষ্যত জানবার ইচ্ছা বে শুধু আমাদের দেশের লোকেদেরই আছে তা নয়, এ ত্র্বিতা পৃথিবীর সর্বতি সমানভাবে আছে। এমন কি ইউরোপের সক্ষ্রেষ্ঠ দেশ যে জার্মানি সেখানকার রাজধানী , বার্লিন সহরের পথে এই রকম গণক ঠাকুর দাঁড়িধ্র

থাকে জানি ক্রিনা লোকলের প্রিমান্ত বলে ক্রি বেশ ড্-পর্মা রোজ্মারণ করেন।

বালিনের পথে আৰু একটি লোক থাকে म् यमि ६ अनक नम्र, छट्ट्व ८मः भगकरम्बः (БС টের বেলী ওস্তাদ। এই লোক্টি সামনে একখানা বড় টেবিল রেখে দেয় এ লোক্জন জমলে কি সুব অব্যোধ্য ভাষা উচ্চারণ কোরে ভান হাত্রের ভক্নীর ডগাটা টেবিলের ওপরে চেপে ধরে। ুকিছুক্র এই ভাবে ধরে রাধ্বার প্র সে আঙু শটা তোলে আর সঙ্গে সঙ্গে সেই অত্রড় ভারী টেবিল সঙ্গে সাঞ্চে আসতে আরম্ভ করে। এই ভাবে সে লোকদের মনে বিশ্বাস জন্মিৰে দিয়ে বলে যে, সে এমন বিস্থা জানে যাতে পরলোকের সমস্থবর জানতে পারা যায়। যাদের আত্মীয়-সঞ্ন প্রলোকে গিয়েছে তারা যদি তাদের সম্বন্ধে কিছু জানতে ठांत्र, अथवा जात्मत्र काट्ड, याम किছ थवत भाजांबात शहराक्तन इत, जाहराटन (म केकि) সে কোরে দিতে পারে। বলা বাহুণ্য, প্রিয়-क्रम महत्र शहल लाहक अज्ञानकः हे ज्ञालक সংবাদ জানবার জন্ম আকুশ হোমে থাকে ব এই লোকটি টাকা নিয়ে ইহ-পর্যোদ্ধের দূতগিরী করে। প্রত্যেক শবর পাঠাতে জারু থবর আনতে আলাদা ফি শাগে। এই উপাদে লোকট প্রতাহ বিস্তর টাকা বোজগার করে। আমাদের দেশের কেন্ট এখনো এ ব্যবসাটায় হাত দেয়-নি, ধনি কেউ তালমাফিক স্ক করতে পারে তা হোলে তার বেশ ছ-পয়্যা হোতে পারে।

মোপাদার মৃত্যুর কারণ

ফ্রান্সের বিখ্যাত লেখক গী ছা মোপাসাঁর নাম পৃথিবীর প্রত্যেক শিক্ষিত লোকই জানেন। মৃত্যুর কিছু পুর্বেং তিনি পাগল হোয়ে গিয়েছিলেন, ১৮৯০ খৃষ্টাব্দে ভিনি পাগুলা গারুদেই মারা ধান। তাঁর মত লোক হঠাৎ কেন যে পাগণ হোমে গেলেন সে সম্বন্ধ অনেকে অনেক কথা বলে, কিন্তু আসল কারণ এখনো রহভার আবরণে আবৃত রয়েছে। মৃত্যুর কিছু পূর্কে ডিনি এক নারীর সম্পর্কে এসেছিলেন। এই নারী সম্প্রে অনেক কানাখুৰা গুনতে পাওয়া যায় বটে কিন্তু কেউ ম্পাষ্ট কোরে কিছুই বলে-নি। Francois Tassart মাপাসার চাকর ছিল। সে ৮৮৩ থেকে ১৮৯৩ পর্য্যন্ত তাঁর দেবা করেছিল। Tassart ১৯১ - অংশে মোপাদা সম্বন্ধে এক-থানি পুস্তক প্রকাশ করেছিল। এই পুস্তকে সে এই নারীটি সম্বন্ধে বিশেষ সাবধানের সঙ্গে গুটকতক কথা লিখেছে! সাবধানে লিখিলেও ভার লেখার ভিতর দিয়ে এই নারীর ওপরে তার ক্রোধ ফুটে বেরিয়েছে। মোপার্সা ১৮১১ অব্দে বড়দিনের সময় তাঁর মার কাছে গিয়ে পাকবেন বলে কথা দিয়েছিলেন কিছ তিনি সেধানে না গিয়ে গুইজন রুষণীর স্কে অক্ত জ্যোগায় চলে যান। এই ছুইটি নারীর মধ্যে একজন সেই নারী। এইখান পেকে ক্ষিরে এসেই তাঁর মস্তিক্ষ বিক্ষতির লক্ষন বিশেষরূপে ফুটে উঠতে থাকে। এখান থেকে ফিরে ছই স্থাহের মধ্যে ডিনি ছই-ছইবার

আত্মহত্যা করতে চেষ্টা করেন। Tassart বলে বে, সেদিন রাজি বেলা সেও তার মনিব 'Bel Ami' নামক জাহাজে শ্রমণ করছিলেন এমন সময় মোপাসঁ। ছুটে এসে তাকে বল্লেন বে, তিনি গলার ছুরি দিয়েছেন। মোপাসার দর্মাক্ষে রক্তা। Tassart তথুনি ডাক্তার ডাকিরে তাঁর ক্ষত্মান সেলাই করবার বন্দোবস্ত কোরে দিলে। এরই করেকদিন পরে আর এক রাত্রে তার মনিব হঠাৎ চীৎকার কোরে উঠলেন—যুদ্ধ বেধেছে। তিনি মনে করেছিলেন বে, জার্মানির সঙ্গে আবার ফরাসীদের লড়াই বেধে গিয়েছে।

এর পরেই তাঁকে পাগলা গার্দে নিয়ে গিয়ে রাখা হয়। পাগলা অবস্থায় তিনি দিন ब्रांड मान कदास्त्रन (४, ठाविनिक (४) क्या তাঁকে আক্রমণ করতে আসছে। একবার তিনি একটা বিলিয়ার্ড থেলার বল ছুঁড়ে আর একটি পাগলের মাধায় মেরে তাকে খুন করে ছিলেন আর কি ৷ কখনো বা তাঁর মনে হোভো যে, তিনি বিশাল সম্পত্তির অধিকারী হয়েছেন। সে সময় তিনি এমন সব বড়লোকী চাল ছাড়ভেন যা দেখে হাসি সামলানো দার ছোতো। এই সময় তাঁর মেঞ্চাজটা একট্ ভাল থাকতো। মৃত্যুর কিছু দিন পূর্বে তিনি বড়শেকী মেভাজে কাটাজিছলেন এবং এই মেজাজটা থাকতে পাকতে মৃত্যু এদে তাঁর সমস্ত ষ্মুগার অবসান কোরে দিয়ে গেল। ১৮১০ খ্রীষ্টাব্দের ৬ই জুলাই তারিখে তাঁর মৃত্যু হয়।


1. 6.- 28

১ম বর্ষ]

3000

[১০ম সংখ্যা

120h 23.



কার্য্যালয় ২•৮া২এফ কর্পভয়ালিস্থ্রীট, কলিকাতা।

প্রতিদংখ্যা

বাধিক মূল্য ২৯/•

হই টাকা হই আনা।

| • | | |
|---|--|--|
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |



ऽभ वर्ष] ऽएडे देवभाश, ऽ७०० [५०:

ক্ষায়কথা

রাশিয়া থেকে প্রায়ই সংবাদ আসে যে,
সেথানকার লোকেরা থেতে পাছের না, শীতে
তাদের ভয়ানক কট হচ্ছে, আরও অনেক
রকম সংবাদ পাওয়া যাছে, যে সব কথার
আলোচনায় সন্ধার আডাটি বেশ সরগরম
হোয়ে ওঠে। সে সকল সংবাদ সত্য হোতে
পারে, মিথাও হোতে পারে; সত্য মিথায়
জড়ান হোতে পারে। তার মধ্যে সত্য কথা
বেশী কি মিথাকেথা বেশী তাও বোঝবার
উপার নেই। যাঁদের হাত দিয়ে এ সব সংবাদ
আমরা পাছি, তারা যে হরিশ্চন্দ্র নন, তার
প্রমাণ আমরা একাধিক বাব পেয়েছি, কাজেই
সংগাদগুলি গ্রহণ করবার আগে একটু সুনের
ছিটে না দিয়ে গ্রহণ করতে মন চায়না।

রাশিয়ার সংবাদ সত্য হোক আর মিগ্যা হোক, সংবাদগুলি এমন ভাষায় প্রকাশ করা হয় যে, তা পড়ে আমরা আঁথেকে উঠি। এ ব্যাপারে সংবাদদাতা ও গ্রহীতা ছই দলেরই বাহাছরী আছে। যাঁরা সংবাদ পাঠান তাঁরা এমন ভাষার তাকে সাজিয়ে তোলেন যে, তা পড়লে মাসুষের মন স্বতঃই আঁথকে না উঠে থাকতে পারে না। আর আমরা অর্থাৎ সংবাদ যারা পড়ি তারা আঁথকে উঠি বটে, কিন্তু ঐ পর্যান্তই। আমরা মানুষ কিনা, তাই মানুষের প্রতি আমরা ঐটুকু কর্তব্য কোরেই থেয়ে-দেয়ে গুয়ে পড়ি।

কলকাতার সহরে যাদের বাস, তাঁদের
মধ্যে ক-জন লোক জানেন তা বলতে পারি না,
একবার যদি তাঁরা 66 প্র করেন তা হোলে অতি
সহজেই জানতে পারেন যে, সহরে কত হাজার
লোক গৃহহীন! রাজি বারোটার পর যদি কেউ
হাওড়া পুলের পরের রাস্তায় বেড়াতে বের
হন, তা হোলে তিনি দেখতে পাবেন যে, ফুটপাথের ছ-ধারে কাতারে কাতারে লোক পড়ে

ঘুমোজে ৷ এই সব লোক কোথা থেকে এল, কোথায় ভাদের জন্ম, কে তালের পিতা মাতা, কোথায় এবং কি উপায়ে তাদের খাওয়া চলে, প্রত্যহ খাওয়া পায় কি না, যদি কেউ এ সংবাদ জানতে চেষ্টা করেন তা হোলে বুঝতে পারবেন যে, এথানকার অবস্থা রাশিগার তাবস্থাব চেয়ে কোনো অংশেই ভাল নয়।

আমরাশীতের দিনে দেখেছি, এরা সেই হিমে উদার আকাশের তলায় নিয়াবৰণ অবস্থায় পড়ে রয়েছে। বেউ বা শতহিয়া পরণের বস্ত্রথানি খুলে সর্বাঙ্গে মৃতি দিয়েছে, কেউ বা ময়রার দোকানের উন্নের মধ্যে আধ্থানা দেহ প্রবেশ ক্রিয়ে দিয়ে শীত নিবারণ করছে। দশ বছর আবাগে যে দুখা দেখেছি এখনও সেই দুখা দেখাছি। আৰু রাশিয়ার ছংগ চদিশার সংবাদ সংবাদপতে যে রকম ইনিয়ে-বিনিয়ে লেখা হচ্ছে, এথানকার কোনো সংবাদ পত্র এই দহরের এই হুদিশার কথা তেমন কোরে প্রকাশ কবে-নি। আমাদের দেশের বড় বড় দাতাকণদের কর্ণে এই সব প্রীবদের হাহাকার কথনো পৌছঃ না।

এই তো সহরের অবস্থা প্রীগ্রাম অর্থাৎ "অ:মার যোনার বাংলা আমি ভোমায় মৃত্যু, অনাহার, অজতা সেধানে রাশিয়ার চাইতে কম নেই। সব থেকে বড় হর্দশার কথা এই যে, সেখানকার কোকেরা বেশ সম্ভূষ্ট চিত্তে জীবন যাপন করছে। ভারতবর্ষের একজন গ্রহণ জেনারেল এদের এই অবস্থা **(मरथ** क्योदबब कांग्र। (कॅरम रलाहिल्सpathetic contentment of the starving millions. সে গ্ৰহ্ম কেন-বেল চলে গেলেন,কত গ্ৰগ্ৰ জেনাবেল এলেন ভাবিলক লক্ষ টাকা কমিয়ে দেশে গেলেন কিন্তু এপানকার ভাবস্থা গুচ্লানা।

অবস্থা ঘোচাৰার চেষ্টা না করলে প্রাক্ত-তিক আবহাওয়ায় অবস্থার পরিবর্তন হয়-লা ৷ আক্র অসহযোগীদের একদেশ স্বেচ্ছাদেবক প্রতিজ্ঞা করছেন মৃত্যু পর্যান্ত নিরুপদ্রর থেকে আইনভন্ন করণেন বলে, আর একদল চেষ্টা করছেন কাউন্সিলে চুকে ইঞ্জিনের কল বিগড়ে দেবেন বলে। কিন্তু আজি যদি শক্ষ স্বেচ্ছা সেবক একদিনে জালিয়াবাগের মত আর (कारना दार्श ज्यान (पत्र अवन धक्पन গ্রিয়ে সভাই যদি শাসন্বস্তের ইঞ্জিনটা বিগড়ে দিতে পাৰে তা হোলে দেশ থেকে জল কট, বাাধি, অজ্ঞতা দূৰ হবে কি ?

পাঞ্জাবে হিন্দু মুসলমানে প্রেমটা বড় বি 🖺 ভালবাসি"র অবস্থা আবও শোচনীয়। আকার ধারণ করেছে। নেতারা বলছেন যে, সেখানে নীত গ্রীয়ে সমান জলকষ্ট। ব্যাধি, উভয় সম্প্রদায়ের মধ্যে বিদ্বেষ এত বেড়েছে যে,

কেউ কাউকে সহ্য করতে পারছে না। তাঁরা এমন অবস্থায় পৌচেছে যে, এ কথা প্রকাশ এক বৈঠক কোৰে ছই সম্প্রদায়ের মধ্যে একটা না কোরে আর উপায় নাই। প্রেমের বন্ধন স্থাপন করতে চেন্টা করেছিলেন কিন্ত তাতে তাঁৱা কৃতকাৰ্য্য হোতে না পেৰে क्टिंदर शिद्यद्रहरू। देवर्ठक दकाद्र योग द्रश्यम স্থাপন করা যেও তা শোলে আজকের নেতাদের আর এ কাজে হাত দিতে হোতো না। কারণ এ সম্পর্কে এভ সভা স্মিতি কৈঠক ইতিপূর্বে হোয়ে গেছে খে, এতদিনে সে প্রেম বেশ নিবিড় হোয়ে উঠ্ত। বৈঠক কোরে এ জিনিধ হয় না বার বার যে কথা প্রমাণিত তোয়ে গিয়েছে ৷

হিন্দুই হোন আর সুসল্মান্ট হোন, ধর্মের গোড়ামী না ছাড়তে পারণে এ প্রেম স্থায়ী হওয়া কথনো সম্ভব নয়। দেশের স্বার্থের পায়ে যদি লোকিক ধর্মকে বলি দিতে পার ভবেই এ প্রেম সম্ভব তা না হোলে ওসব কথা তোলাই রুথা। আমাদের নেভারা যে এই সহজ কথাটা বোঝেন না এমন কথা বলে তাঁদের বুদ্ধির ওপর ফটাক্ষ করতে সাহসকরি না, তবে এই অতি সত্য কথাটি প্রকাশ কোরে বলবার সাহস যে কারো নেই সেটা অতিশয় ভয়ে ভয়ে প্রকাশ করতে হচ্ছে। কথাটা শুনতে যতই অপ্রিয় হোক না কেন, এটা স্ভ্য বথা। চাৰক্য-শাস্থে যদিও অপ্রিয় সভ্য বলতে বারণ করা হয়েছে, তবুও ঘটনাচঞ

প্রেম পরীক্ষা

দক্ষিণ আমেবিকার স্থান্দর সন্ধা। পরিকার নক্রথচিত আকাশের নীচে জুয়ান পা∤সিয়া একটি বাড়ীর বাইরের রাস্তার দাঁড়িয়ে আছে। ঐ বাড়ীতে থাকে কুমারী জুয়ানীতা। গাদিয়াৰ দক্ষে জুয়ানীতার পরিচয় নেই,---তবু গাসিয়া ইাভিয়ে আছে। ঘণ্টার পর षणी (कर्षे योद्रह, जोश पिर्य विविध सन প্রবাহ চলে যাজে, চারিদিকের বাড়ীর জানালা দিয়ে বাতির আলো ঠিক্রে এদে বাস্তায় পড়ছে, কত তরুণ তরুণী বারানার বেলিং ধরে পাল করছে, গাদিয়ার দেদিকে জ্রাক্ষপ নেই—আর এই যে দে এমিভাবে দাঁড়িয়ে আছে দেদিকেও কারো দৃষ্টি নেই।

এ ত সে দেশে নুতন কিছু নয় কিয়া অভুত্ত কিছু নয়। দক্ষিণ অ'মেরিকার উক্তয়ে প্রদেশে স্দ্রার পর এই মধুব দুখ্যের অভিনয় হয়ে যাতে—সে দেশেব তরুণ সম্প্রদায় এনিচাবে রাতের পর রাত তাদের প্রিয়ার প্রতীক্ষা করে থাকে।

একটা সপ্তাহ কেটে গেল, আৰু প্ৰায় জুয়ানীতা গাসিয়ার দিকে ফিরে চাইলে না ---বাক্যালাপ ত দূরের কথা। প্রতিদিন সে যার—জুমানীতার পিছু গিছু ধাবভাবে,

বিনীতভাবে তার বাড়ীর হয়ার পর্যান্ত চলে ঐ তঙ্কণ ভক্ষণীর দিকে কেউ দৃষ্টিপাত করবে থাকে। দুরে গিজার ক্শে বিহাতের নিতাত্তই অভদ্তা। আলো ঝিল্মিল করে ওঠে, আর তার পেছনে টামগাড়ী আলোকে অল্ অল্ করতে করতে ছুটে থার।

সাতদিন পরে জুয়ানীতা ভার দিকে চেয়ে একটু হেদেছে—স্থতরাং আশা আছে। পর দিন মাথা নেড়ে অভিবাদন জানালে, ভারপর কথা ফুটুল।

ভারপর ছ-মাস কানাকানি আলাপের পালা! সেগুলি সহজ কথা ৷ জুয়ানীতা থাকৰে তার ঘরের বার্কার থামের আড়ালে আর গাসিয়া থাকবে রাস্তার কোন ল্যাম্প পোষ্টে হেলান দিয়ে খাড় বাঁকিয়ে!

ছ-মাস অগ্নি-পরীকার পর অন্তরের বাাকুণতা যথন তীব্ৰ হয়ে আদৰে, তথন জুয়ানীতা বেশ করে প্রসাধন করে, কুচকুচে কালো চুলের বেণী এলিয়ে ভ্রারের কাছে নেমে আসবে,—মাত্র একটি ঘণ্টার জন্ত এই একটি ঘণ্টা গাসিয়া তার আনন্দের স্বৰ্গ হাতের কাছে পেয়ে—

ভূবন ছাঁকিয়া তাহার কাগিয়া আনিবে প্রেমের ভাষা, সোহাগে আদরে হাতথানি ধরে জানাইনে ভালবাদা !

জুয়ানী তার মা, বাবা, ভাই বন্ধ কেউ সেপথ দিয়ে ধাক না কেন দরজার আড়ালে

আদে—তারপর অর্থপূর্ণ দৃষ্টিতে চেয়ে না। তাদের দেখতে পাওয়াটা সে দেশে

দেখতে দেখতে একটা বছৰ কেটে গেল জুয়ান গাদি রার মা বাবা জুয়ানকে সঙ্গে করে দামাজিক নিম্মানুদারে জুলানীতার বাড়ীতে এনে উপস্থিত হলেন। সাদ্র সন্থাধণ, আদর অভার্থনাচল, জুগানীতার পরিবারের সকলের সক্ষে এদের পরিচয় হয়ে গেলা এদের আসার কথা আগেই জানা ছিল কাজেই জুগানীতার মামা, মামী পিনি, খুড়ো জ্যেঠা, নিকট, দূর সকল রক্ম আত্রীয়েরা এদে জুটেছেন। সমবেত সকলে তথন থিরে বদে 'শাটে' পাতার রদ (চায়ের মত) ক্রপোর চামচ দিয়ে পান করলেন। এই শামাজিক অনুষ্ঠানটি আগাগেছে। বাহ্যিক নিয়ম জ্মাচারে পূর্ণ।

এর পর সপ্তাহে একদিন করে গাসিঞা এ বাড়ীতে আস্তে পারে। ত্রালের পালে দাঁড়িয়ে প্রেমের অভিনয় আর নয়। এখন থেকে জুয়ানীতার সঙ্গে গালিয়াকে আর একলা থাকতে দেওয়া হবে না—জুয়ানীভার যা, ভাই, বোন, বা আর কোন আছীয় স্ব সময় সঙ্গে সঙ্গে থাকবে। গাসিয়া ইচ্ছা করলে জুয়ানীভাকে নিয়ে থিয়েটার কিম্বা বায়স্কোপ দেখতে যেতে পারে, কিন্তু যার খুসি একজন সঙ্গে যাবে। পাকা দেখার (engagement) পর জ্জনকে পাঁচ মিনিটের **জন্ত**ও আর নিভূতে থাকবার উপায় নেই।

এই কঠোর অগ্নি-পরীক্ষার পর জুগানী-ভার সঙ্গে গাসি গ্লার বিষে হয়ে গেল।

এমিভাবে এত কট করে একটা বিয়ে
বাগাতে হয় বলে সে দেশের বিয়ে বড়
ভাঙে না। এমন ঝকুমারী করে যদি বিয়ে
করতে হত তবে আমাদের দেশের অনেক
য়্বকেরই আইবুড় থাকতে হোতো। এমন
অসীম ধৈর্যা যে কারোই নেই একথা বলতে
পারি না—তবে তেমন দৃষ্টাত বিরশা!

— ভান্ন —

চীনা বিনয়

একজন সম্পূর্ণ অপরিচিতের কাছে
চিঠি লিখতে হলে একজন চীনাম্যান আরম্ভ
করবে—'হে আমার জ্যেষ্ঠ প্রাতা! মানব
জীবনের যত স্থা স্বছ্রুকতা সব আপনার
উপর বর্ষিত হউক, ইহাই আপনার নিরীহ
ত্র্বল কনিষ্ঠের একান্ত অভিপ্রায়।'

নিজের পরিবারের সম্বন্ধে কোন কথা বলতে গেলে আমাদের দেশে অভি বিনয়ী কেউ কেউ যেমন বলে থাকেন—'আমি ক্লাদিপি ক্লুল কীট'—সেই রকম ভারাও বলে—'আমরা ক্লুল পিপীলিকা।'

থামের ওপর বিশ্বে—'আমার সামান্ত

কুটীর হইতে আমার জ্যেষ্ঠভাতার গৌরব-মন্ন মুক্তার প্রসাদে পৌছে। আমাদের দেশে মুসলমানদের কথান্ববার্তান এমন বিনন্ন প্রচলিত আছে—বেমন—'মেবা গ্রীবশানা, আপ্কা দৌলতথানা।'

ভারপর,—

শহাসহিম মহাপ্রাণ উদার জ্যেঞ্জাতা বিনি সম্মানের উচ্চত্তবে ধাপে ধাপে উঠিতেছেন তৎসমীপে—'

বিনয়ের চুছান্ত দীমা দেখা যায় চিঠিব শেষভাগে—"নিম স্বাক্ষরকারী, আপনার একান্ত বাধ্য মর্কট, মহামহিষের ক্রপালাভাকাজায় হস্তোজোলন পূর্বক প্রার্থনা করিতেছে যে, মহাত্রা দলাপরবশ হইয়া এই হত দরিদ্রেব জীণগৃহে পদার্শন করিয়া পিপীলিকাদিগকে ধন্ত করিবেন।"

তারপর বিনয়ের পরাকাণ্ডা দেখাইবেন তিনি ধিনি কুদ্রাদিপি কুদ্র অকরে নাম স্বাক্ষর করতে পারবেন—সে স্বাক্ষর অবোধ্য হোক তাতে ক্ষতি নেই।

ভবিষ্যতের জীবন-দঙ্গিনী

একজন বিশিষ্ট অভিজ্ঞ বিবাহিত ব্যক্তি জানিয়াছেন যে, ভবিষ্যৎ জীবনের সঞ্জনীকে বেছে নেবার আগে মেয়ের মার নিবেই বিশেষ নজর রাধা দরকার। এই নিষ্কমে এই থেকে জাগন্তক ভদ্রলাক মেরের কাব্দ করলে ভবিষাতের পারিবারিক জীবন বাগই হোন, আর ভ্রাতাই হোন—মেরে হংশমর হ্বার সম্ভাবনা কম। সম্বন্ধে সঠিক কোনো ধারণাই করতে গারেন

সমুখে যে দীর্ঘ কর্মায় জীবন পড়ে আছে, বিয়ের আগো সে কথা জুলে গেলে চলবে না—কারণ এই স্থায়ি সময়ের মধ্যে মেয়ের স্বভাবের পরিবর্ত্তন ঘটবেই ঘটবে,— তথন দেখতে পাবে যে, সে তার নিজের মত হয়-নি—তার মার মত হয়েছে!

বর্তনান দেখে যদি বিদ্নে করতে হর
তবে ত পরী নিবলাচন গোজা। কিন্তু যদি তুমি
তোমার সন্দিনীটি ভবিষাতে কেমন হবে তাই
জানতে চাও, তবে তার মায়েব দিকে তাকাতে
হবে। মায়ের চরিত্র যদি স্থানর এবং মধুব
হয় তবে তুমি নিশ্চিত্ত হতে পার এই ভেবে
যে, ঐ বয়ণে ভোমার পদ্মীটিও ঐ রক্ষের
হবে।

মার একটা কথা জেনে রাধা ভাল,—
বাইরের সাল্ল পোয়াক কিলা রূপের মোহে
ভূলে কথনো বিয়ে করতে যেয়োনা। মেয়ে
দেখার প্রথা আনাদের দেশে আছে কিল্ত
সোল কোন কাজের দেখা নয়। মেয়েকে
সালিয়ে গুজিয়ে একটা জড়পিগু কাপড়ের
পুঁটুলী তৈরা করে দশজন অপরিচিতের
সামনে এনে হাজিয় করে দিলে বলির ছাগ
শিশুর মত ভয়ে আড়প্ট হয়ে থাকাই তার
পক্ষে সাভাবিক, নিভাল্ত সাহস যার বেলী
সে এক কথাব জবাব দিতে পারে।

এই থেকে আগন্তক ভদ্রলাক মেরের বাপই হোন, আর ভাতাই হোন—মেরে সম্বন্ধে সঠিক কোনো ধারণাই করতে পারেন না— তিনি এই টুকুই শুরু বুঝতে পারেন যে, মেরেটি দেখতে কেমন, কালো কি ফরসাকানা কি খোড়া, কালা কি বোবা—এই পর্যান্ত । তার আসল যে জিনিষ্টি স্বভাব—পরিবারের স্থুব হুংখু যার গুপর নির্ভর করে, সে জিনিষ্টি দেখা হরে ওঠেনা।

সে জিনিষ্ট দেখতে হলে তাকে স্বাভাবিক

অবস্থায়, দে কি ভাবে চলা ফেরা করে, তাই

নেখতে হবে,—ভাকে কেউ দেখছে এ কথা

নে টের পেলে ভ্লিয়ার হয়ে যাবে, আর লজ্জার আবরণে তার সভাবটা চেকে ফেলবে; কাজেই দে যেন জানতে না পায় এমিভাবেই লুকিয়ে লুকিয়ে দ্ব দেখতে হবে। খেঁজে নিয়ে দেখৰে বেলাকয়টা পৰ্যান্ত সে বুমোর, কাপড় চোপড় গার ঠিক থাকে কি না, চুলগুলো বেশ পরিপাটি করে হাথে না এলোমেলো হয়ে যায়, কাপড় জামা বেশ প্রিদার প্রিচ্ছন রাখতে পারে কি না, গায়ে হাতে পায়ে ময়লা জমে থাকে কি না ? আব সবাৰ ওপর দেশতে হবে সে তার মায়েব সঙ্গে কি ভাবে কথাবাতী বলে,—যদি সে ভার মায়ের সঙ্গে খিট্থিট্ করে, কথায় কথায় ক্লা জবাব দেয়, ঠিক জানবে সে ভোমাকে খাতির করবে না—কারণ স্বভাব যায় না মলে।

— ডামু—

বিধি ও বিধাতা

(গল্প)

()

শ্রীকান্ত সেনিন সনেকক্ষণ ইত্তত করে
অনেকবার সামনের বারান্দাটার পারচারি
করে শেয়ে যা থাকে অনৃষ্টে বলে একেবারে
স্থানার বারা গজেন বারুর বসবার ঘরে চুকৈ
পড়ল এবং কোনও রক্ম ভূমিকা না করেই
বলে কেলে—আমি আপনার কন্তার পানি
প্রার্থী।

গজেন বাবু তখন ঘবের মধ্যে এক-

শানা ইন্ধি চেয়ারে বদে তাঁর অতি প্রিয়
কবি ওয় উদ্ভয়ার্থের কাব্যগ্রন্থ পড়ছিলেন।
শ্রীকান্তর কথা শুনে বইথানি মুড়ে চশমানী থুলে
তার মুখের দিকে অনেকক্ষণ চেয়ে থেকে
বলসেন—ভোমার কথা শুনে আমি আজ থুব
খুনি হলুম। তুমি সব রক্ষেই আমার ক্লারে
যোগ্য পাত্র, কিন্তু এ বিবাহে একটা বাধা
আছে শ্রীকান্ত।

শ্রীকাস্ত চম্কে উঠে বল্লে— সে কি ! কি বাধা রয়েছে জিজেন করতে পারি ?

গজেন বাবু তাঁর সামনের চৌকীখানা দেখিয়ে দিয়ে গভীর ভাবে বল্লেন—এইখানে বোনো। তোমাকে স্পষ্ট করে সব কথা বলছি শোনো—

শ্রীকান্ত যন্ত্রালিতের মত নির্দিষ্ট আদনের ওপর গিয়ে বদল, গজেন বাবু অধিকতর গজীর কঠে বলেন—আমরা যে প্রন্ধের উপাসক এ কথা বোধ হয় তোমার অবিদিত নেই! কিন্তু তুমি পৌত্রলিকের সন্তান। আমার কন্তাকে গ্রহণ করতে হলে তোমাকে আমা-দের স্বধর্মে দীক্ষিত হতে হবে।

—কেন গজেন বাবু, ভিন্ন ধর্মাবলদ্ধী স্ত্রী-পুরুষেব কি বিবাহ হতে পারে না গু

—দে হতে পার্তা, যদি এদেশে সেরপ কোনও বিবাহ বিধি প্রচলিত থাক্তো। তা ষথন নেই, তখন হয় তোমাকে ত্রাহ্ম ধর্ম্মে দীক্ষিত হতে হবে, নয়ত হিন্দুমতে পত্নী গ্রহণ করতে হবে। কিন্তু আমার ক্তার বিবাহ ধে শেষের মতে হতে পারেনা, এ কথা আশা করি তোমাকে আর বিতীয়বার বলগার প্রয়ো-জন হবেনা।

আছো, আমি ধদি আমাদের বিবাহ তিন আইন অমুদারে রেজেট্রী করে নিই তাহলে তো আমি ব্রাক্ষধর্ম গ্রহণ না করেও স্থার-মাকে বিবাহ করতে পারি।

- —পারো; কিন্তু আমি সে সর্তে ভোমাকে কন্তা সম্প্রদান কর্ত্তে প্রস্তুত নই। পৌত্তলি চভার পদ্ধিণতা ধুরে মুছে তুমি যদি নির্মাল
 হতে না পারো, ভাহলে মুরমাকে লাভ করবার আশা হান্দ্রে পোষ্ণ কোরো না।
- —বেশ আমি তাহলে পবিত্র খ্রীষ্টধর্ষে দীক্ষিত হয়ে আমার পৌত্তলিকতার পাপ প্রকালন করে আস্বো—
- —কিন্ত তুমি ভূলে যাজ্য শ্রীকান্ত যে, আমি ও আমার কতা খৃষ্ঠ সমাজভূক্ত নই স্থতরাং আমাদের সমাজের বাইরে এ বিবাহ হতে পারে না!
 - —আপনাদের সমাজ কি এত অমুনার ?
- এথানে তো উদারতার কোনও প্রশ্ন আসছে না এটা হছে যে সমাজ বিধি। আমি যে সম্প্রদায়ভূক্ত এবং যে সমাজের মধ্যে বাস করছি তাকে যদি অস্বীকার করি বা তার বিধি নিয়ম যদি অগ্রাহ্য করি তাহলে আমার পক্ষে সেটা সমাজের শক্রতা সাধন করা হবে। প্রত্যেক সমাজের লোকই যদি তাদেব স্ব সমাজকে না মেনে চল্তে চায়

ভাহলে বে আর সমাজের বন্ধন থাকে না, শৃঙালা থাকে না।

এই সময় স্থরমা বরে চুকে বল্লে—বাবা আপনার জনখাবার আনবা কি? প্রীকান্ত স্থরমাকে দেখেই উত্তেজিত ভাবে বল্লে—বেশ আমি তবে ব্রাহ্মধর্মে দীক্ষিত হয়ে ব্রাহ্মমতেই স্থরমাকে গ্রহণ করতে সম্মত হচ্ছি। বলে সে স্থরমার একটা হাত ধরে গজেন বাবুকে প্রণাম করলে। গজেন বাবু তাদের মাথায় হাত রেখে বল্লেন—উত্তম, তোমরা আমার আন্তরিক আশীর্কাদ গ্রহণ কর।

(२)

শীকান্ত ও স্থ নার শুভ বিবাহ সম্পন হয়ে
যাবার পরদিন গজেন বারু বলেন—শীকাম্ব,
আজ তোমাদের বিবাহটা রেজেটারী করে
এস।

শ্রীকান্ত আশ্চর্যা হয়ে বলে—কেন! রেজেষ্টারী করার তো আর কোনও প্রয়োজন নেই। সামি তো ব্রাহ্মধর্ম গ্রহণ করে ব্রাহ্মমতে ও ব্রাহ্মসমাজের পদ্ধতি অনুসারে বিবাহ করেছি।

- —ভাহোক, তবু বেজেপ্রারী করে রাধা ভাল, আইনের চক্ষে ভাহকে ভোমাদের এই বিবাহ স্থাসিদ্ধ হয়ে পাকবে।
- ব্রাক্ষধর্ম পদ্ধতি অনুসারে বিধাহ করাটা তাহলে বে-আইনী ব্যাপার বলুন!
 - মাহা তা কেন, তুমি নিতান্ত বালক

দেখছি। বলি, ভবিষ্যতে যদি কোনকপ বৈষ্যিক গোল্যোগ উপস্থিত হয়, বেজেন্তারীটা করা থাকলে আর কোনও হাসামা নেই।

— বৈষয়িক গোলযোগই বা উপস্থিত হবে
মনে করেছেন কেন ? পূজাপাদ আচার্য্যের
সন্মুখে অসংখ্য নিমন্ত্রিত ভদ্রমগুলী ও ভদ্র
মহিলাদের সন্মুখে ভগবানের নাম নিয়ে মন্ত্রোচ্চারণ করে আমি যখন আপনার ক্যাকে
পদ্মীরূপে গ্রহণ করেছি তথন তো এ বিবাহ
সার সামরা কেউ স্বীকার ক্রতে পারবো
না

গজেন বাবু ছ-একবার ঢোক গিলে একটু যেন কুন্তিত হয়ে বল্লেন—বলি, আমরা না হয় সন্বীকার নাই করলুম, কিন্তু দেশের রাজ-বিধি যে সেটা মানবে না তার কি উপায় করছ ?

—আযাদের ধর্ম-বিবাহ যদি বৈদেশিক রাজবিধি না মান্তে চায় তাহলে আমরা সে বিধিকেই অগ্রাহ্য করবো বিধাতাকে অস্বীকার করবো না।

কিন্তু সংসারে থাক্তে হলে এবং বিদেশী
রাজার অধীনে বাস করতে হলে তার বিধিকে
অগ্রাহ্য করাটাতো ঠিক বৃদ্ধিমানের কাজ হবে
না শ্রীকান্ত!

—বৃদ্ধিনানের কাজ না হলেও অন্তত্ত সেটা ত্থানুষ্টের কাজ হবে না, আগনি একজন পরম বিনিষ্ঠাবান সভ্যাশ্রমী ভক্ত ব্রাক্ষ্য, আপনি কি আমাকে উপদেশ দেন যে, আমাদের এই

পবিত্র মিলনটি রেজেষ্টারী করাতে গিয়ে আমি কাপুক্ষের মত আমার ধর্ম ও ঈশ্বরকে অশ্বীকার করে আসবো! জীবনের এই নৃতন পথে চনতে গিয়ে যাত্রার প্রারম্ভেই আমি এত বড় একটা অসভ্যকে অবশ্বন করবো!

গজেন বাব এবার অত্যন্ত উত্তেজিত হয়ে
বলেন—তোমার ধর্ম ও ঈশ্বরকে আমি
অস্বীকার করতে বলছি না শ্রীকান্ত! আমি
চাচ্ছি যে, আইনের চক্ষে আমার কল্পা ভোমার
উপপত্নী বলে পরিচিত না হয় এবং ভোমাদের
সন্তান যাতে জারজ বলে উরিধিত না হয়
ভারই একটা শ্ব্যবন্থা করা ?

শ্বীকান্ত গভীর আক্ষেপের সঙ্গে বর্নে—
স্বধর্মে আপনার একট্ও আন্থা নেই দেখে
আশ্চর্যা হলুম গজেন্দ্র বাবুঁ। অথচ আপনারই
একান্ত সনির্বন্ধতার আমি আপনার ধর্মকেই
সতা বলে গ্রহণ করেছি, কারণ আমি বিশাস
করি বে, যে কোনও ধর্মেরই আন্তরিক অনুসরণ
করণে ঈখরের সান্নিধ্যে পৌছোতে পারা বার।
বিভিন্ন ধর্মানত সেই পরম ব্রহ্মের মন্দিরে গিয়ে
ওঠবার বিভিন্ন পথ মাত্র! সে যহি হোক
এখন আপনাকে আমি ছ-একটা কথা
জিজ্ঞাসা করতে চাই, সত্য উত্তর দিন—
আপনি কি স্ক্শিক্তিমান ভগবানের অন্তিত্বে
বিশ্বাস করেন ?

—ই।, সর্বান্তকরণে।

- তাহলে, আমাদের এই বিবাহ যে তাঁর

চক্ষে কিছুমাত্র অবৈধ নয় এ কথাটা আপনি সর্বাস্তক্রণে মানতে পারছেন না কেন ?

- কারণ আমি একজন সামাজিক জীব, এবং কতকপ্তলি রাজবিধির অধীন বলে !
- --ভাহলে বিধাভার চেয়ে বিধিই আপনার কাছে অধিক মাগ্ৰ ?
 - —আমিও ছই-ই সমান ভাবে মানি !
- —অর্থাৎ আপনি কোনোটাই মানেন না। কারণ বর্তমান অবস্থায় একটাকে মান্তে গেলে সার একটা অস্বীকার করা ছাড়া আর স্বস্ত উপায় নেই! বাই হোক আপনায় শোচনীয় অবহা দেখে আমি বড়ই ছঃখিত। কিন্ত ব্ৰাক্ষসমাজ আমার জীকে উপপত্নীর আখ্যা দিলেও এবং আইন আমার পুত্র কভাকে জারজ নামে অভিহিত কর্বেও, আমি আমার ধর্ম ও বিধাতাকে অস্বীকার করে কোন্ত दिनहै **अ विवाह** दबस्ब होती क्रांद्वां ना जान-্বেন। এই বলে জ্ঞীকান্ত যথন ঘর থেকে বেরিয়ে মাচিছল গজেন্ত বাবু তাকে ডেকে বল্লেন— ভাহলে এটাও তুমি জেনে যাও শ্ৰীকাম যে, আমি জীবিত থাকতে আমার কলা কোনও দিনই তার ওই সাইনের চক্ষে অবৈধ স্থানীর সাহায্য কংবে না। যতদিন না তুমি বিবাহ রেজেষ্টারী ক্ষাতে স্থত হচ্ছ, ততদিন সুরুষা আমার এথানেই অনুঢ়া ক্লার মতই অবস্থান করবে বুঝলে ?

শ্ৰীকান্ত ঈষৎহাস্ত করে বল্লে--ভূল

দিন তার স্বামীর ছন্দান্থ তিনী হয়েই চনরে এ বিশ্বাস আমার আছে! পিতার অঞ্ব ও সৃঢ়তার সে কিছুতেই অনুযোদন করবে না ! अठकांन ध्रत (मर्**भ छ**न चात्रि (४ अक्रमन অধোগ্যা নারীকে আমার জীবন-সন্ধিনীরূপে ৰরণ করি নি এটা অ'পনি নিশ্চিত জানবেন।

এই সময়ে হ্রমা কি প্রয়োজনে সে ঘরে প্রবেশ করতেই গজেন বাবু বল্লেন সরমা কোনও কাৰণে আমার পুনরায় অনুমতি না ণাওয়া পর্যান্ত এই উত্কত অর্কাচীন যুবকের সঙ্গে তোমার সমস্ত সম্বন্ধ আৰু থেকে একে-বারে ছিল্ল না হক অক্তডঃ বিচ্যুত রাথতে হবে व्याप १

হুর্মা কোনও উত্তর দেবার আগেই ঐকান্ত বলে,—হুরো, ভোষার পিতাকে প্রণাম করে আমার সঙ্গে চলে এসো---যেখানে বিধাতার চেয়ে বিধি বড়ুসেথানে তোমার আর একসুহুর্ত অবস্থান, আমি ইন্ছা করি-নি---বলে শ্রীকান্ত ছারের দিকে অগ্রসর হলো।---

ক্রোধে ক্লোভে বিশ্বরে নির্মাক হোরে ধ্যে গদেকবাৰু দেখলে তাঁৰ ক্তা হুৱমা স্ত্য-সত্যই তাঁকে প্রথাম করে তার স্বামীরই প্ত্ৰিমুদ্ৰণ কৰলে !

শ্রীমানবেক্ত হুর্

রংএর ক্ষমতা

ভাক্তারদের মুভে রং -মান্ত্রের সাযুত্তের করেছেন গজেন বাবু। আমার জ্ঞা যে চির- উপর অনুত কাজ করে। লাল রুটো ভারী

উত্তেক্ক। লাল কাগকে মোড়া খনে থেকে অনেককেই ডাজেবির শরণাপর হতে হয়েছে। এই লাল বং বদলে সেখানে হল্দে, সবুজ কিলা পিকল বংএর ব্যবস্থা করে স্বাস্থ্যের উন্নতি দেখা গিয়েছে।

ফটোগ্রাফাররা দেখতে পেরেছেন বে, ডার্ক রুমে (Dark Room) লাল সং
ব্যবহার করে করে অনেকের স্থভাব বিগড়ে
গিরেছে,কিন্ত ঐ ডার্ক রুমে লাল আলো বদলে
কমলা রং ব্যবহার করে দেখা গিয়েছে যে ভাদের ঝগড়াটে, থিট্থিটে, অশাস্ত স্থভাবের ভানেক পরিবর্তন ঘটেছে।

ছেলেমেয়েদের ওপরই লাল রংটা কাজ করে বেশা। সাত্তে স্লের (Sunday School) এক মান্তারকে লাল কার্পেটে মোড়া একটা ঘর শিশুদের ক্লাস (Infant Class) করবার জন্ত ছেড়ে দেওয়া হয়। ফলে ছেলেরা ছর্দান্ত এবং আবাধ্য হয়ে ওঠে। কারণটা অমুমান করে লাল কার্পেটিটার বদলে একটা কোমল সব্জ কার্পেট আনা হল। কয়েক দিনের ভিতরেই দেখা গেল ছেলেরা বেশ শাস্ত হয়েছে।

ভারলেট (বেগুনী) রংটা হছে শোক-ছঃধের নিদর্শন। এর সংশ্রবে কিছুদিন থাকলে মানুষ একেবারে নিজেজ অবসন হরে পড়ে।

বোলদেধিক গ্রথমেণ্ট এই মর্ম্ম বুরান্তে পেয়ে কয়েকটা যর ভারলেট রংএর পাধর দিয়ে রাজনীতি ক্ষেত্রে তাদের বিরুদ্ধাচরণ করেন
তাঁদের ধরে এনে ঐ বেগুণী ঘরে আটক করে
বিশ্রামের ব্যবস্থা করে দেওয়া হয়। নীল
কিম্বা ভারণেটের চেরে আলো তরত্র যার কম
এমন কোন আলোর ধারা সেই ঘরে প্রবেশ
করতে দেওয়া হয় না—ফল দেগতে পাওয়া
যায়, য়ে একদিন তীক্ষ পরধার চতুর পালিটিসিয়ান ছিল, যাঁর ভয়ে গ্রব্থেমেণ্ট কম্পমান
হয়ে উঠেছিল, তাঁর মনের এমি হয়বস্থা ঘটেছে
যে, কঠিন সমস্তা ত দূরের কথা দৈনন্দিন
জীবনের সামান্য বিষয়ের মীমাংলাই করে
ওঠবার ক্ষমতা তাঁর নেই।

ঝরোকা-ই-দর্শন

লোকের কাছে নিজকে এবং নিজের বইগুলিকে সর্বান জাছিব করবার প্রয়োজনীরতা
ভিক্টর হুগো বেঘন বুঝতে পেরেছিলেন তেমন
আর কেউ পারে-নি। কাঁর সম্বন্ধে প্রত্যেক
গুঁটি-নাটি থবরটি পর্যান্ত সংবাদ পত্রে প্রকাশ
করে দিতেন—তাঁর দীর্ঘজীবনের একটা ঘটনাই
তব্ তিনি চেপে যেতে চেমেছিলেন। সে ঘটনাটি
এই—বন্ধ ডি বুলোঁতে ঘোড়া ছুটিয়ে যাবার
সময় তিনি ঘোড়ার পিঠ থেকে ছিটকে পড়ে
যান। এ খবরটা কিছুতেই তিনি সংবাদ-পত্রে
প্রকাশ হতে দিতে চান নি! পাছে লোকে
তাঁকে অমাড়ি ঘোড়-সোরার মনে করে!

এ ছাড়া তাঁর সম্বন্ধে আর মত ধ্বর বেরুত তাতে তিনি খুনীই হতেন। মধন তিনি দেখলেন যে, জনসাধারণ তাঁর দর্শন পাবার জন্ম বড় বাাকুল, তাই জীবনের এক অংশে তিনি ছোটখাট কবিদের ধারা পরিবেষ্টিত হয়ে প্রতিদিন বৈকালে ঠিক একই সময়ে তাঁর বাড়ীর অলিন্দের ওপর এদে দাঁড়াতেন। সমবেত জনমগুলী জয়ধ্বনি করে উঠত আর তিনি মন্তক সঞ্চালন করে তাদের অভিনন্দন পাদরে গ্রহণ করতেন। প্যারীতে বছদিন প্রান্ধ এ একটা দর্শনীয় দুগ্র ছিল।

শানাদের দেশে মোঘল বাদশাদের সময়ে
সমবেত প্রজামগুলীকে সমাটগণ প্রসাদের
শানালা থেকে এইরূপ দর্শন দান করভেন—
শানিতে এই শানলাকে 'ঝরোকা-ই-দর্শন'
বলা হত। সমাট এসে জানালার পাশে
দাড়াতেন, আর সমবেত জনসমূদ্র 'দিল্লীখরো বা জগদীখরো বা' বলে জয়ধ্বনি করে উঠত,
শার সমাট তাদের অভিনন্দন হস্ত সঞ্চালন
করে গ্রহণ করভেন।

এখনো আমাদের কোন কেনি জনপ্রিয় ব্যক্তির পায়ের আঙ্ল মট্কাবার খবরটি পর্যন্ত সংবাদ পত্রে বেরোর।

ফিলা শিশ্পীদের অর্থ

বায়স্বোপের ফিল্মে হারা ছবি দেন সেই শিল্পীদের অনেকেই অগাধ অর্থ অর্জন করেন। সেই অর্থ তাঁরা কি ভাবে ধরচ করেন তা জানবার কৌতুহল অনেকেরই হয়।

এই চলনচিত্র-অভিনেতাদের ভিতর মিদ মেরী পিকফোর্ডই সব চেরে ধনবতী, তারপর সেদিল ডি মিল্লে, তারপর চার্লি চ্যাপলিস, নর্মা টলম্যাজ এবং মেরী মাইল্স মিণ্টার।

মেরী মিণ্টার তার অগাধ ধনের কতকটা একটা ধোলাই কারধানার থাটাচ্চেন—কাণি-ফোর্ণিয়াতে বিস্তর সম্পত্তিও তিনি করেছেন।

নর্মা টলমেজ নিউইয়র্কের একটা রেস্তোর র আধাকাধি মালিক। সেসিল ডি মিল্লে এবং অনিতা প্রুমার্ট তেলের কারবারে টাকা থাটিয়ে অর্থাগমের নূতন পথ করেছেন।

আকি কুগান আজকাল কলকাতার
বায়স্কোপ দর্শকদের কাছে খুবই পরিচিত।
পৃথিবীতে এর চেয়ে ধনী বালক আর নেই।
এর মা বাপ এর অগাধ ধনরাশি কাজে
ধাটাচ্চেন, কাজেই সারাজীবন বসে থেলেও
একে কোনদিনই দারিদ্রোর মুখ দেখতে হবে
না। ছেলেমানুষ কিনা, ভাই এর নানারকম
থেয়াল আছে। যেমন ঘোড়া, ভেড়া, ছাগল
প্রভৃতির পিঠে চড়ে বেড়ান—মোটরকার
সংগ্রহ—এই সব দিয়ে মস্ত একটি আন্তাবল
সোজিয়ে রেখেছে।

মিস পিকফোর্ড যে গুধু ধনই সঞ্চয় করছেন তা নয়, স্বাদেশিক তায় তাঁর প্রাণ উন্ধুদ্ধ। আমেরিকার গবর্ণমেন্টকে এবং লিবার্টি লোনে (স্বাধীনতা প্রশ্নাসীদের ধনভাগুরি) ৪৫,০০, পরতাল্লিশ লক্ষ টাকার উপর তিনি দিয়েছেন। চালি চ্যাপলিনের অধিকাংশ টাকা নানা ব্যাক্ষে স্থদে বাড়ছে। তা ছাড়া তিনি প্রায় সাড়ে সাত লক্ষ টাকা ধরচ করে একটা বাড়িও তৈরী করেছেন।

মি: গ্রিফিণ বোধহয় ইচ্ছা করলে এদের
সকলের চেয়ে বেশী অর্থ সঞ্চয় করতে
পারতেন। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে,
তার চৌদ্দ একর অনি আর ভিনটি মাত্র
হুটের (পোষাক) বেশি আর কিছুই
নেই। গাঁটের প্রদা থরচ করে তিনি
নতুন নতুন ফিল্ম তৈরি করেন—ডগ্লাস
ক্ষোরব্যাক্ষেরও এই অভুত (ধেয়াল
রয়েছে।

লোকের ধারণা, এই অভিনেতা এবং অভিনেতীপণ ভোগ বিলাসে জলের মত অর্থ বায় করে থাকেন, কিন্তু এ ধারণা ভূল। অর্থ থরচ করা হিসাবে তারা যে শুধু হঁ সিয়ার তা নয়, কি উপায়ে তাদের সেই সঞ্চিত অর্থ হাদে আসলে বেড়ে উঠবে সেদিকেও তাঁদের থেয়াল যথেষ্ট। মিস পিকফোর্ড এখনো নিজে বাজারে গিয়ে নিজের জিনিসপত্র কিনে আনেন। হ্যারোল্ড লঙেডের মত লোকের একথানা ফোর্ড-গাড়ি পর্যান্ত নেই—তিনি ্যান-বাহনে চড়া অপেকা পায়ে হেঁটে চলাই বেশি পছকা করেন।

আমাদের সমাজ

সম্প্রতি আলিপুরে একটা মামলা হোয়ে গেছে। থবরটা আমাদের মমাজপতিরা পেরেছেন কি না জানি না। বৈঠকের পাঠক দের অবগতির জন্ম আমরা সংবাদটি প্রকাশ কর্ছি।

কালিন্দী দাসী, মাবাপ বোধ হয় তার (मर्वित तर (मर्थिहे (मरवित এই नाम (बर्थ-ছিলেন। বয়স তার তেরো বৎসর, সে আদালতে নালিশ করে বে, বিদের পর ভার স্বামী সেই একবার তার বাড়ীতে নিয়ে গিয়েছিল। খণ্ডর-বাড়ী থেকে সে সেই যে বাপের বাড়ীতে কিরে এসেছে, তার স্থানী আর ভাকে নিয়ে ধাবার নামও করে-না। কিছুদিন অপেকা করবার পর দে তার বাবাকে নিয়ে শ্বন্তর-বাড়ী যায়। কিন্তু তার স্বাদী দীনবন্ধু সর কার ভাকে **म्टब्रायान मिटब्र द्वांखाय दाव** দেওয়ায় সে আবার কিরে আসে। সে আদালতে ভার স্বামীর নামে খোরপোষের নালিশ করেছিল। বলে দে যে, ভার সামী বড়লোক ভাকে সেই বড়লোকের স্ত্রীর মত থাকতে হোণে মাদে অন্ততঃ পঞ্চাশ টাকা খরচ পড়বে ৷

দীনবন্ধ সরকারের বাড়ী কলকাতার উপক্ঠে চাকুরিয়ার গ্রামে। এই ব্যক্তি সত্যিই বড়লোক। কাংগ সে আগালভে হাকিসের কাছে বলেছে যে, কালিনী যে সব কথা বলছে তার একটি বর্ণপ্র সত্য নয়। তার মত বড় লোক কি কথনো ঐ রকম একটা কালো মেয়েকে বিয়ে করতে পারে!

কিন্ত হাকিম তার যুক্তি না মেনে কালিদীকে মাসে ত্রিশ টাকা খোরপোরের জন্ম দিতে

ইকুম দিয়েছেন, আর বলে দিয়েছেন যে,যতদিন
সোবালিকা না হবে ওতদিন সে খেন ঐ

ত্রিশ টাকাতেই তার ধরচ চালিয়ে নের।

বেশ বোঝা যাজে যে, হাকিম দীনবন্ধর কথা বিধাস করেনেনি, কালিনীর কথাই বিধাস করেছেন। তা না করলে দীনবন্ধর প্রতি কালিনীকে মাসে ত্রিশ টাকা কোরে দেবার হকুম হোতো না। আমরা আইনের মার প্যাচ বুঝি না; কিন্তু সাধারণ বিবেচনার আমাদের মনে হর যে, আনালতে মিথা কথা বলার করা দীনবন্ধর কঠোর সালা হওয়া উচিত ছিল। তাকে দেখে ভবিষ্যতে তার মতন হবন্ত্রা যাতে শারেন্ডা হোতে পারে আদা-শতের এমন ব্যবস্থা করা উচিত ছিল।

দীনবন্ধর কথার হালচাল দেখে মনে হর

যে, কালিদীর রংয়ের জগ্র তাকে প্রী রূপে
গ্রহণ করতে তার আপত্তি। দীনবন্ধর

চেহারাটা একবার দেখতে ইচ্ছে করেছে।
দীনবন্ধ অথবা তার অভিভাবকেরা ধ্বন
বিবাহের স্থির করেন রংয়ের সম্প্রার
ভব্নই সমাধান হোয়ে যাওয়া উচিত ছিল।
বিবাহের পরে রংয়ের কথা মনে হওয়া

ঠিক নয়। আর বিবাহের আগে কালিনীকে বর অথবা বরপক্ষের কেউ দেখে-নি এ কথা আসরা কেমন কোরে বিশ্বাস করি, বিশেষ দীনবন্ধরা যথন ধনী।

আমাদের বিশ্বাস যে কালিনীর অভিভাবকেরা ভার রংয়ের খেসারভটা বিয়ের সময়
ধরেই দিয়েছিলেন। হোতে পারে হে। বর
সে রংয়ের কথাটা একেবারেই জানত না।
বিয়ের পরে কনের রং দেখে ভার ওপরে ভার
বিভ্ঞা হয়েছে।

কালিন্দীকে যদি দীনবন্ধ কথনো গ্রহণ না করে তাহোলে যাতে তার আবার বিষে হোতে পারে সমাজের সে রক্ষ ব্যবস্থা করা উচিত।

রোগী—ডাক্তার আমার দীর্ঘজীবন লাভ করার ঔষধ দাও।

ভাকার—তুমি মদ খাও ।
রোগী—না
ভাকার—সিগারেট
রোগী—ভাও না।
ভাকার— তুমি থিয়েটার দেখ
রোগী—রাত্রি জাগাকে আমি ঘুণা করি।
ভাকার—তুমি দীর্ঘজীংন লাভ কোরে

মিথ্যে কথার বাজী

কি করবে বাপু 🤊

বৈশেষ মাসের ঠিক-ছপুরে একদল ছেলে এক গলির মধ্যে দাঁড়িয়ে মহা কলরব শাগিয়েছে। হরি বাবু দেই সমন্ত্র জাত্ত পড়িরে বাড়ীতে কিরছিল। তুপুর বেলা এই ছেলে গুলো লেখাপড়া না কোরে রাস্তান্ন দাঁড়িয়ে হল্পা করছে দেখে ভার পিতি চটে গেল, সে একটু এগিয়ে এদে বল্লে—ছোকরার। এখানে দাঁড়িয়ে কি করছ, যাও না বাড়ীতে গিয়ে লেখাপড়া কর-না গিয়ে, ভোষাদের কি বাল-মা

ছেলেদের মধ্যে একজন একটু মুক্রবী। ভাবে এগিরে হরি বাবুকে বল্লে—মশার আমর। বড় বিপদে পড়েছি—

হরি—কি বিপদ!

द्रश्न- এইখানে আমরা একটা টাকা
কুড়িরে পেরেছি। টাকাটা সবাই একসকে
দেখতে পেয়েছিলুম, কাজেই কে নেবে সেটা
সাবাস্ত না হওরার আমরা ঠিক করলুম যে
আমাদের মধ্যে যে সব থেকে বেশী মিধ্যে
কথা বলতে পারবে সেই টাকাটা পাবে।
আমরা সবাই একটা কোরে মিথ্যে কথা বানিরে
বলেছি, কিন্তু কারটা যে সব থেকে উচিয়ে
গিয়েছে তা বিচার করবার লোক খুঁজে পাচ্ছি
না। আপনি যথন এসে পড়েছেন তথন দ্যা
কোরে আমাদের বিচারটা কোরে দিয়ে যান।

্ছেলেটীর কথা শুনে তো রাগে হ্রি-চরণের চোধ মুধ লাল হোয়ে উঠ্ল।

সে বঙ্গে—হতভাগা ছেলেরা এই বয়সে এই রকস বৃদ্ধি হচ্ছে ? তোমাদের বয়সে এ সব কথা আমি ভাবতেও পারি-নি। হরিচরণের কথা শুনে ছেলেরা একবার পরস্পর মুধ চাওয়া-চাওরি করলে; তারপর সেই মুরুববীগোছের ছেলেটী হরির হাতে টাকাটা দিয়ে বল্লে—নিন্ মশায়, বাজীটা শেষকালে আপনিই মেরে নিলেন।

মেরে গুণ

বাংলা দেশে ধমক দিয়ে গুণ্ডামি ডাকাতি করা চলে এবং চলেও আসছে ভাই। কিন্তু সকল ক্ষেত্রেই গুণ্ডা ও ডাকাতেরা পুরুষ মাহ্য। সম্প্রতি এখানে এক অভূতপূর্ব কাণ্ড ঘটে গিয়েছে।

সম্প্রতি হাওড়ার চার্চ্চ রোড দিয়ে একজন বাঙালী বীর বাড়ী ফিরছিলেন, এমন এত ওয়ারিয়া ও আমিনা নামা ছ জন স্ত্রীলোক তাকে আক্রমণ করে। প্রথমে তারা লোকটীর কাছে টাকা চায়, কিছু সে টাকা দিতে আস্থী-ক্ষত্ত হওয়ায় এত ওয়ারিয়া ভার হাত-ত্-খানা চেপে ধরে আর আমিনা তাকে উত্তম মধ্যম বেশ কিছু দিয়ে ভার কাছ থেকে একটা সোনায় ছোট তাল ও সাতাশটি টাকা কেড়ে নিয়ে লম্বা দেবার যোগাড় দেথছিল, এমন সময় সেই ব্যক্তির চীৎকার শুনে সেধানে প্রশি কনষ্টেংল এমে পড়ে। প্রশি এত-ওয়ারিয়া ও আমিনাকে গ্রেপ্তার কোরে নিয়ে গিয়েছে। আমালত থেকে তালের সাজা না দিয়ে প্রস্কৃত করা উচিত।

র ঘুনন্দন মোক্তারের অভিনন্দন

গতবারের "বৈঠককে" "কবির জোধ"
শীর্ষক একটা সংবাদ বেরিয়েছিল। "সোপার
বাংলা"র কবে দাশুর্থী রায়ের জোধের একটা
নমুনা বেরিয়েছে। আমরা সেটি উদ্ভ
কর্ম। তাঁকে একবার একজন মোকার
"কবিওয়ালা" বলায় তিনি নীচের কবিভাটি
লিখে তার জবাব দিয়েছিলেন।

ফেরি করা কড়ে-তুমি স্ট্কি
এবং দোক্তার

দগুবিধির ছ-পাত পড়ে

ছট কে হলে মোক্তার

আইনের যে 'মাইন' তুমি

বেহায়ারি হদ

পুঁচকে আনি মৃল্য তোমার
পোঁচি মাতাল বদ্ধ।

প্রাইমারী ফেল, নাইক ভাল বৰ্ণদালার জ্ঞানটা মুখটা তোমার দরাজ বটে অধিক দরাজ কানটা (थां छ। (थरका मञ्च-विशेष 🕄 বৃদ্ধ টোড়া সূপ কামড়াতে চায় বিষ্টা কোথায় বৃথাই রে তোর দপ। শিবের গারে ফেলবে পুতৃ কে আর তুমি ভিন্ন চড়াই চেন্নে জিতে ক্রিয়, কেঁচোর চেমে ছাণ্য। নর নহ যে বানর তুমি অধিক কি আর বলবো চাবুক খেকো নোবের খাড়ে বৃথার ম্বত ডলবো। সময় পেলে জিভটা এবং কাণ্টা তে:মার মাপ্রো कांग मनाहै। (थनांद मिनाम

ষেটা তোমার প্রাপ্য।

কলিকাতা—২২, স্থকিয়া ষ্ট্রীট, কাস্ত্রিক প্রেসে শ্রীপ্রেমাকুর আতর্থীর দ্বারা সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

ইবেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় প্রণীত স্বিখ্যাত সচিত্র প্রক



ভাবে, ভাষায়, চিত্রে, ছাপায় অতুলনীয়।

বাংগার বিদ্ধালয় সমূহে পুরকার পুত্তক রূপে মনোনীত।

দেড় টাকা নাত্ৰ!

নামিকো

জাপানী উপন্তাস।

অশ্রু করণ প্রেমকাহিনী। এক টাকা মাত্র।

হানাষ

চমৎকার জাপানী গল্পের বই আট আনা মাত্র।

গুরুদাস বাবুর দোকান ইণ্ডিয়ান পাব্লিশিং হাউস্ প্রভৃতি প্রধান প্রধান প্রকালয়ে প্রাপ্রব্য।

रेवठदकत्र नियमावनी .:

বৈঠকের অগ্রিম বার্ষিক মূল্য ডাকনাগুল সহ ছই টাকা ছই আনা; ভি: পি: মাণ্ডল সভস্ত। প্রতি সংখ্যার জন্ত এক আনা। নমুনারও মূল্য লাগে। যে কোন সংখ্যা হইতে গ্রাহক হওয়া চলে। মূল্য সম্পাদকের নামে পাঠাইতে হয়।

রিপ্লাইকার্ড কিংবা টিকিট না পাঠাইলে কোন চিঠির জ্বাব দেওয়া সম্ভব হয় না।

প্রবন্ধাদি বৈঠকের ছই পৃষ্ঠা বড় জোর আড়াই পৃষ্ঠা অপেকা দীর্ঘ না হয়। টিকিট পাঠাইলে প্রবন্ধ প্রকাশিত হইবে কিনা ভাষা জানানো হয়। মনোনীত ভাষা অমনোনীত প্রবন্ধ ক্ষেরত পাঠান হয় না।

যদি কোন গ্রাহক বৈঠক না পান ভো ৭ দিনের মধ্যে আমাদের থবর দেবেন। মচেৎ অপ্রাপ্ত সংখ্যা দামদিয়া লইতে হইবে।

বিজ্ঞাপন

মলাটের চারের পৃষ্ঠা প্রতি সংখ্যা—৮ ্ অফ্লাক্ত পৃষ্ঠা প্রতি সংখ্যা—৬ ্ অর্দ্ধ পৃষ্ঠা—৩।

কল্মের প্রতি ইঞ্চি একবৎসরের চুক্তিতে প্রতিসংখ্যা—১

কলমের প্রতি ইঞ্চি প্রতিদংখ্যা—২ -বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয় ম্যানেজার বৈঠক

২০৮।২ এফ কর্পভয়ালিস খ্রীট, কলিকাতা। এজেট :—শ্রীপরেশনাথ মিত্র ১৩২নং বাগমারি রোড, কলিকাতা

| | | -1 | |
|---|--|----|--|
| | | | |
| | | | |
| • | | | |
| | | | |
| | | | |
| | | | |

थानि भिंद (शरक कारना ऋरपार्थ वनी পাশাবার উপায় নেই এইটে দেখেই নি^{*}চম্ব চথেছিল। ঐ গাড়ী মানুষের ব্যবহাটা কিনা সেটাও তার দেখা উচিত ছিল। অবশ্র ভারত গ্ৰমেণ্ট এই কথা বলে খুৰ উদারতা দেখিছেল। উদারভার থাতিরে একথাও वना हरन (य, त्य लाकि हि इंश्टबंक वन्नोरनंत অন্ধকুপে চুকিয়েছিল তার কেবল বন্দী পালাবার পথ নেই এইটুকু দেখেই নিশ্চিন্ত হওয়াটা উচিত হয়-নি, অভগুলো লোককে একটা হরে পুরলে তারা বাঁচবে কিনা সেডাঙ তার বিবেচনা করা উচিত ছিল। কিন্তু ধাই (शक बात (मारबर ननीता बाता योक नी (कन, भागवादत এवात शव्य एक्ट्रें अत्रहात्र একটা মনুমেণ্ট তৈরি কোরে দিতে হচ্ছে, নইলে লালদাথির অন্ধকুপের মহুমেন্টটা আর শোভা পায় না।

পর্লোকে মতিলাল

অমুভবাজারের মতি ঘোৰ মারা গিরেছেন। মতিবাবু বহুদিন থেকেই শ্যাশারী হোমে কট পাছিলেন, মৃহ্যু এসে তাঁর সমস্ত যত্রণা লাঘব কোরে দিয়েছে। মতিলাল প্রায় পঞ্চাশ ব্ৰুসর ধরে অমূতবাঞ্চার পত্তিকার সংস্রবে ছিলেন এবং এই পঞ্চাপ বছর ধরে ভিনি কায়মনবাকো অমৃতবাজার পতিকা ও (मर्भंद (भवां कार्त्व अम्बर्ध । এक्रम তাঁকে বহুবার আদাশতে যেতে হয়েছে কিন্তু বরাবরই তিনি সেখানে নিভীকতার ও স্পার্ট বাদিতার পরিচয় দিয়ে এসেছেন। মতিবাবুর জীবনের কথা মনে করতে গেলে অনেক কথাই মনে পড়ে। তার অগ্রজ শিশিরকুমারের

चरत हेश्टतक वन्नोत्मत्र रय भूरतिक्ति त्म छाछ। कथा, यत्म भएए, स्ट्रतक्रमाथ वरन्याभाषात्र অন্ত কেউ দায়ী হোতে পাবে না। ও "বেঙ্গলীর" কথা, মনে পড়ে, স্বগায় কালী ভারত গ্রমেণ্ট প্রকাশ করেছেন যে, যে প্রসন্ন কাব্যবিশারদের এবং আরও অনেকের গাড়ীতে এই কাণ্ড হয়েছিল--- সার্জেণ্ট এণ্ডক্রজ ও অনেক ঘটনার কথা। তার জীবনের সঙ্গে বাংলা দেশের ও ভারতবর্ষের এই পঞ্চাশ বছরের সমস্ত রাজনীতিক আন্দোলনের কথাও মনে পড়ে। দেশের মঙ্গলের সঙ্গে তিনি निक्त रक्षात्क कंश्राता कंष्ट्रा रक्षान नि। তাঁর পরিচালিভ পত্রিকাকে ছাপিয়ে তিনি নিজে কখনো বড় হোতে চান-নি। তাই তার সহযোগীরা আজকে কেউ স্থর কেউ বা মন্ত্ৰী কিন্তু তিনি যে মতি যোব সেই মতি ঘোষই থেকে গেলেন। অমৃতবালার পত্রিকা ছিল তাঁর প্রাণ, তাই সে পত্রিকা আৰু মাদ্রাজী মাড়েয়োরীর হাতে চলে যার নি। काঠि ब हो इन निया अक निय पि निविका होना হয়েছিল সেই পতিকার জগ্র আব্ধ রোটারী মেশনের ফ্রমান নেওয়া হয়েছে। মতিশাল ভারতবর্ষের বর্ত্তমান রাজনৈতিক আন্দোলনের প্রথম যুগের একজন নেতা ছিলেন। এ যুগো: নেতাদের মধ্যে অনেকেচ কালের প্রভাবে দেশবাসার অন্তর থেকে দুরে চলে গিয়েছেন কিন্ত তিনি আমরণ দেশেঃই প্রতিনিধ ছিলেন। মৃত্রে সময়ে তাঁর ৭৫ বৎসর বয়স হয়েছিল। এই দীর্ঘকানের আধকাংশ সময়ই তিনি দেশের সেবায় কাটিয়ে গিয়েছেন। এই সেবা করতে গিয়ে তিনি নি নতও হয়েছেন প্রশংসাও পেয়েছেন— কিন্ত আজাতান নিশা ও প্রাংগার অনেক দুরে। আমরা এই পরলোকগত মহান আত্মার ভর্পণ করি, স্তুতি করি আর কামনা করে ষে যুগে যুগে যেন ভার মতন লোক আ মাদের দেশে জন্ম গ্ৰহণ কোরে দেশকে উন্নতির পথে চাৰিত করে।

वराविक प्रस्काता विस्तान अक इंगादक है। ब्रीटक